সেপ্টেম্বর ২০২১ □ ২০ টাকা □ ৬৮ পাতা □ ১

চার কেন্দ্রীয় বাহিনীতে
২৫২৭১ কনস্টেবল, রাইফেলম্যান
নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

রাজ্য পুলিশে
৮৬৩২ কনস্টেবল
নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে
মাল্টি টাস্কিং নন-টেকনিক্যাল স্টাফ
পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

কেন্দ্রীয় সরকারে
স্টেনোগ্রাফার
পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

বাংলা ব্যাকরণ • অর্থনীতির হালচাল • ভারতের ভূগোল

বহু ছেলেমেয়ে 'কর্মক্ষেত্র' পড়ে
নিজের পায়ে দাঁড়িয়েছে।
অন্তত চারটি ছেলে ও দুটি মেয়ের
কথা আমার এই মুহূর্তে মনে পড়ছে।
যারা 'কর্মক্ষেত্র'-র সহায়তায়
কাজ পেয়েছিল। ওদেরকে আমিই
'কর্মক্ষেত্র'-র গ্রাহক করে দিয়েছিলাম।
'কর্মক্ষেত্র' প্রথম থেকেই ছোটখাটো
ব্যবসার এক আশ্চর্য নির্দেশিকা দিয়ে
আসছেন, যা অনুসরণ করলে যুবাপ্রজন্ম
বাঁচবার ও বাঁচাবার পথের সন্ধান পাবে।
টুথপেস্ট বানাবেন, না হাওয়াই চপ্পলের
ফিতে? মেশিনে পোট্যাটো চিপস বানিয়ে
বেচবেন, না ভিনিগার তৈরি করবেন?
'কর্মক্ষেত্র' এত বছরে, এরকম অন্তত
এক হাজার অল্প পুঁজির ব্যবসার হদিশ
দিয়েছে। ওই সব ব্যবসায় নেমে
কয়েক হাজার মানুষই স্বাবলম্বী হয়েছেন।
মৃত্যু যখন দরজায় ঘা দিচ্ছে, তেমন
সময়ে যে ঔষধ বাঁচাতে পারে, তাকে
আমাদের মুনিঋষিরা নাম দিয়েছেন
বিশল্যকরণী। আমি তো 'কর্মক্ষেত্র'কে
বলব বিশল্যকরণী।
'কর্মক্ষেত্র' যেভাবে স্বল্প পুঁজিতে ব্যবসা
করার পরিকল্পনা জোগায়, তাতে তো
সাধারণ ঘরের ছেলেমেয়েরা যেন
নতুন জীবনের রসদ পায়।
'কর্মক্ষেত্র' বলছে, পরিশ্রম করো
সততার সঙ্গে, শ্রমকে ভয় পেও না,
স্বীয় কর্মগুণে ভাগ্যকে জয় করো।
আজ দেশের তরুণ প্রজন্মকে এই কথা
বলার মহান দায়িত্ব 'কর্মক্ষেত্র' গ্রহণ করেছেন,
আমি অন্তর থেকে যেন সাড়া পাচ্ছি।

মহাশ্বেতা দেবী

৩ জুলাই, ২০০৫

মহাশ্বেতা দেবী: *জ্ঞানপীঠ, ম্যাগসেসে, আকাদেমি প্রভৃতি জাতীয় ও আন্তর্জাতিক বহু পুরস্কারে ভূষিতা লেখিকা।*

*

সপ্তদশ বর্ষ নবম সংখ্যা সেপ্টেম্বর ২০২১ আশ্বিন ১৪২৮

সূ চি প ত্র

প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী
সম্পাদক: মহাশ্বেতা সমাজদার

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক, নবমুদ্রণ প্রাঃ লিঃ, ব্লক-সিপি, প্লট নম্বর-৪, সেক্টর ফাইভ, সল্টলেক সিটি, কলকাতা-৭০০ ০৯১ থেকে মুদ্রিত ও ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০ ০১৯ থেকে প্রকাশিত।

দাম ২০ টাকা

PESHAPROBESH
A Monthly on Career and Competition

29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-700 019
Telephone: 2283 2320, 2290 0008
Fax: 2287 6448
E-mail: swarnakshar.prakasani@gmail.com
Website: www.swarnakshar.in

*

সম্পাদকীয়

কেন্দ্রীয় সরকার কত কিছু জানে না! জানে না, গত বছর নেহাত হঠকারিতার পরিচয় দিয়ে সরকার লকডাউন ঘোষণা করলে কতজন পরিযায়ী শ্রমিক হেঁটে ও অনভ্যস্ত বাহনে বাড়ি ফিরতে গিয়ে মারা গিয়েছেন। জানে না, করোনা-র দ্বিতীয় ঢেউ চলার সময় দেশে অক্সিজেনের অভাবে কতজন করোনারোগীর অসহায় মৃত্যু হয়েছে। জানে না, অতিমারিতে দেশে দারিদ্র কতখানি বেড়েছে। এই সব অজ্ঞানতার কথা কেন্দ্রীয় সরকারের দায়িত্ববান মুখপাত্ররাই সম্প্রতি নানা সময় বড় মুখ করে জানিয়েছেন।

আবার সরকার কত কিছু জানে! বিরোধীদের কথা যদি সত্যি হয়, তাহলে ফোনে পেগাসাস সফটওয়্যার ঢুকিয়ে সরকার জানে তাদের যাবতীয় ব্যক্তিগত ও পেশাগত তথ্য। সরকার জানে, অসুস্থ অশীতিপর একজন সমাজকর্মী রাষ্ট্র ও সরকারের অস্তিত্বের প্রশ্নে কী ভীষণ বিপদ ঘটাতে সক্ষম! সরকার জানে, পেট্রল-ডিজেলের দাম বাড়লে বাজারে মূল্যবৃদ্ধি ঘটবে, তবু রাজকোষ ভরাতে উচ্চ হারে কর ও সেস বসানোর বিকল্প নেই।

এ দেশের সরকারের জানা ও অজানা বিষয়ের মধ্যে এই বৈপরীত্য বিস্ময়কর! বেশ বোঝা যায়, সরকারের অগ্রাধিকারের তালিকাটিই বদলে গিয়েছে।

দারিদ্রের হার বিষয়ে, উন্নয়নের গতি বিষয়ে সরকারের কাছেই যদি সাম্প্রতিক তথ্য না থাকে তাহলে সরকারি পরিকল্পনা রচিত হবে কীসের নিরিখে? নাগরিকের সার্বিক উন্নয়নই বা সাধিত হবে কোন যাদুমন্ত্রে! আশ্চর্যের বিষয় হল, সরকারের কাছে যেমন প্রকৃত তথ্য নেই, তেমনই যেসব সরকারি বা বেসরকারি সমীক্ষায় সরকারের মনোমতো তথ্য উঠে আসছে না, সেগুলিকে খারিজ করা বা প্রকাশিত হতে না দেওয়াও তাদের এক বিশ্রী রোগ হয়ে দাঁড়িয়েছে। প্রকৃত তথ্যের থেকে মুখ ফিরিয়ে রেখে, তথ্য স্বীকার না করে, বিরোধীদের উপর নজরদারি করে, প্রয়োজনে বিরোধী কণ্ঠ দমন করে প্রশাসনের সফল মুখটি তুলে ধরাই একমাত্র লক্ষ্য হয়ে উঠেছে।

এমন ঘটনা স্বৈরতন্ত্রে ঘটতে দেখা গেলেও গণতান্ত্রিক দেশে নজিরবিহীন। যা প্রকৃত বাস্তব, তার প্রকাশ রুদ্ধ করে 'সব ঠিক চলছে' ধাঁচের প্রচার এক অর্থে আত্মপ্রবঞ্চনা। দেশেরই একটি বিশ্ববিদ্যালয়ের সমীক্ষা বলছে, লকডাউনে অন্তত ৩৫ কোটি মানুষ দারিদ্রসীমার নীচে নেমে গিয়েছেন। সরকারি তথ্য না থাকলে, এ ধরনের বেসরকারি তথ্য হাতে নিয়ে এখন থেকেই যদি না পরিস্থিতির উন্নতি ঘটানোর কাজে সামিল না হওয়া যায়, তাহলে সামনে সমূহ বিপদ। ক্ষমতা টিকিয়ে রাখতে মরিয়া কেন্দ্রীয় সরকারের এখন সে কথা ভাবার সময় এসেছে।

জীবনে আমি চাকরি পাইনি
ব'লে দুঃখ ছিল। ফলে,
'কর্মক্ষেত্র' আমি গোগ্রাসে
গিলি। প'ড়ে বুঝেছি, চাকরি
পেতে যে এলেম দরকার
আমার তা নেই।
প্রশ্নোত্তরগুলো রপ্ত করার
চেষ্টা করি। পরে বুঝি, খুব
দেরি ক'রে ফেলেছি। কী
করব, আমাদের বয়সকালে
তো 'কর্মক্ষেত্র' জন্মায়নি।
স্বনিযুক্তি প্রকল্পগুলো আত্মস্থ
ক'রে তবু লাখপতি হওয়ার
স্বপ্ন দেখি। এ বয়সেও হয়তো
একবার কপাল ঠুকে দেখা
যেতে পারে। তার চেয়েও বড়
কথা হল, 'কর্মক্ষেত্র' আমাকে
কাজ না দিলেও অনেক কিছু
শেখায় পড়ায়।
১৮/১২/২০০০
কর্মক্ষেত্র
বাঙালির কর্মজীবনের প্রবেশপথ

*

পাঠকের চিঠি

শিশুশিক্ষাতে মাতৃরূপিণী মারিয়া মন্তেসরীর জন্ম সার্ধশতবর্ষ

বুনিয়াদি শিশুশিক্ষার ধাত্রীমাতা— ইতালির মারিয়া মন্তেসরি বলেছিলেন, 'প্রতিটি শিশুর মধ্যেই সুপ্ত আছে প্রতিভার বিভিন্নতা।' শিশুশিক্ষার এই স্নেহময়ী জননীর জন্মসার্ধশতবর্ষে তাঁর প্রতি শ্রদ্ধাঞ্জলি জানানোর প্রয়াস এই তথ্যগুলি দিয়ে:

১। সিগনোরা মন্তেসরী-র পুরো নাম মারিয়া ত্যাকলা আর্তেমেজিয়া মন্তেসরি।

২। মন্তেসরির জন্ম ইতালির ক্যারাভ্যালে শহরে, প্রয়াত হন নেদারল্যান্ডের নর্ডউইক শহরে।

৩। শিশুশিক্ষার বিভিন্ন ধাপের ওপর (মন্তেসরি মেথড) মারিয়া মন্তেসরী, তাঁর প্রামাণ্য গ্রন্থ 'Il metodo della pedagogia scientifica: applicato all'educazione infantile nelle case dei bambini' রচনা করেন ১৯১৩ সালে।

৪। মারিয়া মন্তেসরী-র বাবা আলেসান্দ্রো ছিলেন ইতালীয় অর্থমন্ত্রকের আধিকারিক।

৫। মাতৃবংশের দিক দিয়ে প্রখ্যাত ভূতাত্ত্বিক— আন্তোনিও স্তোপ্পানি-র সঙ্গে বংশগত ভাবে সম্পর্কিত ছিলেন মন্তেসরি।

৬। নবজাগরণের কেন্দ্র ফ্লোরেন্স শহরে সর্বপ্রথম বিদ্যালয় শিক্ষা শুরু করেন মন্তেসরি।

৭। রোম বিশ্ববিদ্যালয় থেকে চিকিৎসাশাস্ত্রে ডিগ্রি পান মন্তেসরি। তাঁর চিকিৎসাবিদ্যার আগ্রহকে বিদ্রূপ করেছিলেন ক্লিনিক্যাল মেডিসিনের প্রখ্যাত অধ্যাপক গুইডো বাসেলি।

৮। গিউসেপ্পি মোন্তেসানো-র সঙ্গে প্রণয়সূত্রে আবদ্ধ হন মারিয়া মন্তেসরি। তাঁর একমাত্র পুত্র মারিও মন্তেসরি সিনিয়র।

৯। বিশেষ চাহিদাসম্পন্ন এবং মানসিক দৌর্বল্যের শিকার হওয়া শিশুদের লেখাপড়া শেখানোর ক্ষেত্রে দুই ফরাসি চিকিৎসক ও মনোবিদ জাঁ মার্ক গ্যাসপার্দ এবং এদুয়ার্দ সেগুঁইয়ের তত্ত্বের অনুসরণ করেন মন্তেসরি।

১০। শিশু অপরাধীদের পুনর্বাসনের জন্য ইতালির তোরিনো শহরে বিশেষ বক্তৃতা দেন মন্তেসরি।

১১। রোমের সান লোরেনজো জেলাতে দরিদ্র পরিবারের বিশেষ চাহিদাসম্পন্ন, ২ থেকে ৭ বছরের শিশুদের শিক্ষার জন্য 'Casa di Bambini' স্থাপিত হয়।

১৩। প্রথম মন্তেসরি শিক্ষা প্রশিক্ষণ কর্মশালা ১৯১৩ সালে রোমে অনুষ্ঠিত হয়।

১৪। টেলিফোনের উদ্ভাবক— আলেকজান্ডার গ্রাহাম বেল মন্তেসরি শিক্ষাব্যবস্থার অন্যতম পৃষ্ঠপোষক ছিলেন।

১৫। মন্তেসরি শিক্ষাপদ্ধতির বিরূপ সমালোচনা করেন দুই মার্কিন সমাজতাত্ত্বিক দার্শনিক উইলিয়াম হার্ড কিলপ্যাট্রিক এবং জন ডিউই।

রাজা রামমোহন রায়

কবিগুরু রবীন্দ্রনাথ এই বহুভাষী, মুক্তমনা, মৃত্যুঞ্জয়ী মানুষটিকে বিমুগ্ধচিত্তে সম্বোধন করেছিলেন 'ভারত-পথিক' রূপে। আবির্ভাবের পুণ্য দ্বিসার্ধশতবর্ষে 'ভারতের প্রথম আধুনিক মানুষ' রাজা রামমোহন রায়ের উপর কিছুটা আলোকপাতের প্রয়াস করা হল:

১। রাজা রামমোহনের কুলীন পূর্বসূরীদের কনৌজ থেকে রাজা বল্লাল সেন নিয়ে আসেন।

২। ১৯৬৫ সালে রাজা রামমোহন রায়ের উপর একটি সাদা-কালো কাহিনিচিত্র পরিচালনা করেন বিজয় বোস। সেই চলচ্চিত্রে রাজা রামমোহনের ভূমিকায় অভিনয় করেন বসন্ত চৌধুরী।

৩। ক্যালকাটা ইউনিটারিয়ান সোসাইটির সহ-প্রতিষ্ঠাতা ছিলেন প্রিন্স দ্বারকানাথের সুহৃদ রামমোহন।

৪। তন্ত্রসাধক শৈলেন্দ্র বিদ্যাবাগীশের মাধ্যমে উইলিয়ম কেরির সঙ্গে ১৭৯৫ সালে পরিচয় ঘটে রামমোহনের। কেরির উৎসাহেই রামমোহন ইংরেজি শিখতে শুরু করেন।

৫। ১৭৯৭ সালে বাইবেলের বঙ্গানুবাদ করেন রামমোহন।

৬। ইস্ট ইন্ডিয়া কোম্পানির বিচারালয় নিবন্ধক টমাস উডরোফের মুন্সি ছিলেন রামমোহন রায়।

৭। ১৮০৪ সালে মুর্শিদাবাদে অবস্থানকালে আরবী ও ফার্সি ভাষাতে গণিতশাস্ত্রমূলক গ্রন্থ 'তুহফাত-উল-মুয়াহহিদিন' রচনা করেন রাজা রামমোহন।

৮। মোগল সম্রাট দ্বিতীয় আকবরের দূত হয়ে ইংল্যান্ডে গিয়েছিলেন রাজা রামমোহন।

৯। ইংরেজি ভাষায় 'Brahminical' এবং ফার্সি ভাষায় 'মিরাত-উল-আখবর' নামক দু'টি সাময়িকী সম্পাদনা করেন রাজা রামমোহন।

১০। 'গৌড়ীয় ব্যাকরণ' এবং 'প্রবর্তক ও নিবর্তকের সম্বাদ'-এর প্রণেতা ছিলেন রামমোহন।

১১। ব্রাহ্ম সমাজের সম্প্রসারণে রামমোহনকে সর্বাপেক্ষা সহযোগিতা করেন রাজনারায়ণ বসু এবং দ্বারকানাথ ঠাকুর।

১২। ১৮২২ ও ১৮২৫ সালে অ্যাংলো-হিন্দু স্কুল এবং বেদান্ত কলেজ স্থাপন করেন রামমোহন।

১৩। 'সম্বাদ কৌমুদী' সংবাদপত্রের সম্পাদক হিসেবে রাজা রামমোহনের সুখ্যাতি চারদিকে ছড়িয়ে পড়েছিল।

১৪। ১৮৩৩ সালে দূরারোগ্য মেনিনজাইটিস রোগে প্রয়াত হন রামমোহন রায়।

১৫। ব্রিস্টলের স্টেপলটন গ্রোভে রাজা রামমোহনকে প্রথমদিকে সমাধিস্থ করা হলেও পরবর্তীকালে তাঁর দেহাবশেষ আর্নোস ভেল কবরস্থানে পুনঃসমাধিস্থ হয়।

কৌশিক রায়
সহশিক্ষক (ইংরেজি), আবেশকুড়ি উচ্চ মাদ্রাসা (উঃ মাঃ)
সবরণদিঘি, পোঃ সর্বমঙ্গলা, থানা-গঙ্গারামপুর
জেলা: দক্ষিণ দিনাজপুর, পিন-৭৩৩ ১২৪

*

পেশাপ্রবেশ

চাকরির পরীক্ষায় অপ্রতিদ্বন্দ্বী

প্রতি সংখ্যা ২০ টাকা। বার্ষিক গ্রাহকমূল্য (ডাকব্যয় সহ) ২৩০ টাকা।

প্রতি মাসের 'পেশাপ্রবেশ' যাঁরা ঘরে বসেই পেতে চান তাঁরা অনুগ্রহ করে ১ বছরের গ্রাহকমূল্য (ডাকব্যয় সহ) ২৩০ টাকা (ক্যুরিয়ারে পেতে চাইলে ৪৯০ টাকা) Swarnakshar Prakasani Private Limited-এর নামে ব্যাঙ্ক ড্রাফট নীচের ঠিকানায় পাঠান। সঙ্গের চিঠিতে বা মানি অর্ডার ফর্মের নীচে স্পষ্টাক্ষরে আপনার পুরো নাম-ঠিকানা অবশ্যই লিখবেন। "পেশাপ্রবেশ-এর গ্রাহকমূল্য" কথাটিও লিখতে ভুলবেন না। যে মাসে গ্রাহকমূল্য পাঠাবেন, তার পরের মাস থেকে পত্রিকা পাবেন। পত্রিকা পাঠানো হবে পিরিয়ডিক্যাল চ্যানেলে।

গ্রাহক হবার ফর্ম

Sending Rs. 230 □ Rs. 490 towards my subscription to PESHAPROBESH* for One year by Cash/Bank Draft Payable at Kolkata.

Name:..

Address:...

....

....

Bank Draft No.:........................ Date:........................ Bank:........................

Branch:.................... Signature & Date:.................... Phone No.:........................

ড্রাফট Swarnakshar Prakasani Pvt. Ltd.-এর নামে লিখবেন। পাঠাবেন এই ঠিকানায়:
Swarnakshar Prakasani Pvt. Ltd., 29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-700 019.

*

খবরের পাতা

১ জুলাই - ৩১ জুলাই

আন্তর্জাতিক

কোভিশিল্ডে সায় ৯ দেশের

ভারতের কোভিশিল্ড প্রতিষেধককে ১ জুলাই মান্যতা দিল বিশ্বের ন'টি দেশ। দেশগুলি হল— অস্ট্রিয়া, জার্মানি, স্লোভেনিয়া, গ্রিস, এস্টোনিয়া, আয়ারল্যান্ড, স্পেন (সবক'টিই ইউরোপীয় ইউনিয়ন-এর সদস্য), সুইৎজারল্যান্ড এবং আইসল্যান্ড। সিরাম ইনস্টিটিউটের তৈরি এই প্রতিষেধক নেওয়া থাকলে করোনা পরিস্থিতিতেও এই দেশগুলিতে যাতায়াতের ক্ষেত্রে কোনও বাধার মুখে পড়তে হবে না।

বিশ্ব স্বাস্থ্য সংস্থা (হু)-এর ছাড়পত্র পেলেও ইউরোপিয়ান ইউনিয়ন (ই ইউ) মেডিসিন্স এজেন্সির অনুমোদিত করোনার প্রতিষেধকের তালিকায় এখনও নেই কোভিশিল্ড। আর-এক ভারতীয় প্রতিষেধক কোভ্যাক্সিন হু-এর তালিকাতেও নেই। ফলে কোভিশিল্ড ও কোভ্যাক্সিন নেওয়া থাকলেও কেউ বর্তমান পরিস্থিতিতে অবাধে ইউরোপের দেশগুলিতে যেতে পারবেন কি না, সেই প্রশ্ন থেকে যাচ্ছিল। অন্তত কোভিশিল্ডের ক্ষেত্রে সেই বাধা কাটল।

ভারতীয় বিদেশ মন্ত্রক সূত্রে খবর, ভারতীয় প্রতিষেধককে মান্যতা দেওয়ার জন্য ই ইউ-এর উপর পরোক্ষ চাপ তৈরি করে ভারত। বার্তা দেওয়া হয়, ভারতীয় প্রতিষেধককে ছাড়পত্র না দেওয়া হলে ই ইউ-এর অনুমোদিত প্রতিষেধককেও গ্রাহ্য করবে না ভারত। সে ক্ষেত্রে ওই দেশগুলির নাগরিকেরা ভারতে এলে তাঁদের বাধ্যতামূলক ভাবে কোয়ারান্টিনে থাকতে হবে। ই ইউ ভিন্নমত হলেও তার সদস্য দেশগুলির কোনও প্রতিষেধককে মান্যতা দেওয়ার স্বাধীনতা রয়েছে। অবশ্য তার আগে ওই প্রতিষেধকে হু-এর অনুমোদন থাকতে হবে, যা কোভিশিল্ডের রয়েছে।

মার্কিন সেনা সরতেই আফগানিস্তান দখল তালিবানের

আফগানিস্তানের মাটি থেকে ন্যাটো এবং মার্কিন বাহিনীর সেনা সরানোর প্রক্রিয়া যখন প্রায় শেষের মুখে, তখনই রীতিমতো বিবৃতি জারি করে দেশের প্রায় ৮৫ শতাংশ এলাকা নিজেদের দখলে বলে জানাল তালিবান। বিশেষজ্ঞদের আশঙ্কা, অবিলম্বে

আফগান সেনা ওই এলাকাগুলি পুনরুদ্ধার করতে না পারলে খুব শীঘ্রই গৃহযুদ্ধ শুরু হতে চলেছে আফগানিস্তানে।

৯/১১*হামলার পরে দীর্ঘ কুড়ি বছর আফগানিস্তানের মানুষের নিরাপত্তার দায়িত্ব সামলেছে ন্যাটো এবং মার্কিন সেনা। আফগানিস্তানের মাটি থেকে তালিবান ও আল কায়দার মতো জঙ্গিগোষ্ঠীর দাপট মুছে ফেলাই ছিল এই ভিনদেশি বাহিনীর মূল লক্ষ্য। এত বছর ধরে তারা আফগানিস্তানে ঘাঁটি গেড়ে থাকার পর, মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন জানান, ১১ সেপ্টেম্বরের মধ্যে সে দেশ থেকে পুরোপুরি সেনা সরিয়ে নেবে আমেরিকা। শুধুমাত্র কাবুলে মার্কিন দূতাবাসের নিরাপত্তা রক্ষার জন্য ৬৫০ মার্কিন সেনাকে রেখে দেওয়া হবে। সেই মোতাবেক ১২ জুলাই আনুষ্ঠানিক ভাবে আফগান সেনাবাহিনীকে ক্ষমতা হস্তান্তর করেন এ দেশে মার্কিন বাহিনীর প্রধান অস্টিন মিলার।

কিন্তু মার্কিন বাহিনীর ফেরার পালা শুরু হতেই তালিবান যেভাবে আফগানিস্তানে একের পর এক এলাকার দখল নিচ্ছে, তাতে আতঙ্কিত গোটা বিশ্ব। কুখ্যাত এই জঙ্গিগোষ্ঠী দাবি করেছে, দেশের ৩৯৮টি জেলার মধ্যে কমপক্ষে ২৫০টি জেলা এখনই তাদের দখলে চলে এসেছে। দখল করা শহরগুলির মধ্যে বেশ কয়েকটি আন্তর্জাতিক গুরুত্বের। এগুলির মধ্যে উল্লেখযোগ্য: কন্দহর প্রদেশের স্পিন বলডাক— যেটি পাকিস্তানের সীমান্ত-ঘেঁষা, ইসলাম কালা— যে-শহর ইরান সীমান্তবর্তী এবং টোরঘুন্ডি— যেটি তুর্কমেনিস্তান সীমান্তে। এই শহরগুলি আফগানিস্তানের বাণিজ্য এবং জাতীয় আয়ের অন্যতম উৎস। কৌশলগত ভাবে সেজন্যই প্রথমে তালিবান এই শহরগুলিকে নিশানা করেছে বলে মনে করা হচ্ছে। পাশাপাশি গজনির মতো বাণিজ্যনগরীতেও তালিবান আগ্রাসনের মুখে পিছু হঠেছে আফগান সেনা।

১৮ জুলাই তালিবানের সর্বোচ্চ নেতা হিবাতুল্লা আখুনদাজা জানান, আফগানিস্তানে তালিবান প্রশাসন সামরিক দিক থেকে অগ্রসর হতে পারলেও এবং বিপুল এলাকা নিজেদের অধিকারে আনতে পারলেও দেশে একান্ত ভাবেই রাজনৈতিক সুস্থিতি চায়। তাঁর এই বিবৃতির পর দোহায় আফগান সরকার এবং তালিবানের মধ্যে দীর্ঘদিন ধরে চলা শান্তি-আলোচনা গতি পাবে বলে মনে করা হচ্ছে। অপর দিকে আবার আফগানিস্তান থেকে মার্কিন সেনাবাহিনী পাততাড়ি গুটোনোর পর থেকেই তাদের সামরিক আগ্রাসন যেভাবে বাড়ছে, তাতে এই বক্তব্যে দ্বিচারিতাও লক্ষ করা যাচ্ছে।

কূটনৈতিক শিবিরের মতে, আফগানিস্তানের যুদ্ধ-পরিস্থিতি ভারতের কাছে যথেষ্ট উদ্বেগের বিষয়। গত এক মাস যাবৎ সে দেশে ভারতের কূটনৈতিক প্রভাব ক্রমশই কমছে। হেরাট, কন্দহর ও জালালাবাদের ভারতীয় কনস্যুলেট কার্যত কূটনীতিক বিহীন। মার্কিন সেনা প্রত্যাহারের প্রেক্ষিতে পরিস্থিতি আরও খারাপ হতে পারে বলেই সাউথ ব্লকের আশঙ্কা।

আফগানিস্তানে নিহত ভারতীয় চিত্রসাংবাদিক

১৫ জুলাই রাতে আফগানিস্তানের কন্দহরে তালিবান হামলায় নিহত হলেন বছর চল্লিশের ভারতীয় চিত্রসাংবাদিক দানিশ সিদ্দিকি। তিনি সংবাদসংস্থা রয়টার্সের কর্মী ছিলেন। দু'সপ্তাহ আগে আফগানিস্তানে যুদ্ধ-পরিস্থিতির খবর ও ছবি সংগ্রহ করতে এ দেশে এসেছিলেন।

সংবাদসংস্থা রয়টার্স জানিয়েছে, বিগত কয়েক দিন ধরে খবর ও ছবি সংগ্রহের কাজে আফগান সেনাবাহিনীর বিশেষ শাখা 'আফগান স্পেশ্যাল ফোর্সেস'-এর কমান্ডোদের সঙ্গে ঘুরছিলেন দানিশ। এদিন রাতে কন্দহরের স্পিন বলডাক এলাকায় তালিবানের ছোড়া গুলিতে নিহত হন তিনি। একই হামলায় নিহত হয়েছেন এক আফগান কমান্ডার।

দিল্লির দাঙ্গায় মহম্মদ জুবেইয়ের মাটিতে লুটিয়ে পড়ার ছবি তুলেছিলেন দানিশ সিদ্দিকি। পরে গিয়ে তাঁর খোঁজও নেন।

রয়টার্স জানিয়েছে, কন্দহরে তালিবান-আফগান সেনার লড়াইয়ের সময় দানিশের হাতে শার্পনেল এসে লাগে। তার পরই আফগান বাহিনীর আক্রমণে তালিবান কিছুটা পিছু হঠে গিয়েছিল। সেই সুযোগে সেনা-চিকিৎসকের কাছে হাতের পরিচর্যা করে ফের কাজে নেমে পড়েন দানিশ। রাতে ঘুরে ঘুরে স্পিন বলডাকের বাজার এলাকায় ব্যবসায়ীদের সাক্ষাৎকার নিচ্ছিলেন তিনি। তখনই অতর্কিতে ফের আফগান বাহিনীর উপর হামলা চালায় তালিবান। দুই পক্ষের গোলাগুলির মাঝখানে পড়ে প্রাণ হারান দানিশ।

রয়টার্সের ভারতীয় শাখার মাল্টিমিডিয়া বিভাগের প্রধান, দানিশ সিদ্দিকি নিজেও চিত্রসাংবাদিক হিসেবে ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন। রোহিঙ্গা শরণার্থী শিবিরের মর্মস্পর্শী ছবি তুলে ২০১৮-য় পুলিৎজার পুরস্কার পেয়েছিলেন তিনি। শ্রীলঙ্কায় জঙ্গি হামলার পর তাঁর তোলা আক্রান্তদের বাড়ির ছবি আন্তর্জাতিক মহলে সাড়া ফেলে দিয়েছিল। ২০২০-র ফেব্রুয়ারিতে নাগরিকত্ব আইনের প্রতিবাদে সংখ্যালঘু জমায়েতে হিন্দু মৌলবাদীরা যখন তাণ্ডব চালাচ্ছে, দানিশের তোলা মুসলিম যুবক মহম্মদ জুবেইয়ের মাটিতে লুটিয়ে পড়া ছবিটি দেশ-বিদেশের মানুষকে বিস্ময়ে হতবাক করে দিয়েছিল। গত বছর লকডাউনের সময় পরিযায়ী শ্রমিকদের নিয়ে একটি সিরিজও করেছিলেন তিনি। আর একেবারে সাম্প্রতিকে, ভারতে কোভিডের দ্বিতীয় ঢেউ চলাকালীন দানিশের ড্রোনে তোলা দিল্লিতে অগুনতি জ্বলন্ত চিতার ছবি অতিমারির ভয়াবহতার দলিল হয়ে থেকে যাবে।

ইউরোপে বন্যা, মৃত ২১৭

হড়পা বানে বিধ্বস্ত পশ্চিম জার্মানি ও বেলজিয়াম। ১৮ জুলাই পর্যন্ত মৃতের সংখ্যা কমপক্ষে ২১৭। বহু মানুষকে নজিরবিহীন ভাবে অন্যত্র সরাতে হয়েছে। ভয়াবহ বন্যা-পরিস্থিতি ব্যাখ্যা করতে স্থানীয় সংবাদমাধ্যমগুলি এর নাম দিয়েছে ‘ফ্লাড অব ডেথ’।

শেষ খবর পাওয়া পর্যন্ত জার্মানিতে মারা গিয়েছেন ১৭৭ জন, বেলজিয়ামে ৩৭ জন, এছাড়া ইতালি, অস্ট্রিয়া ও রোমানিয়ায় এক জন করে মারা গিয়েছেন। আকাশপথে তোলা ছবি থেকে স্পষ্ট, ইউরোপের বহু জায়গাতেই ঘর-বাড়ি-রাস্তাঘাট সম্পূর্ণ জলমগ্ন হয়ে পড়েছে, রাস্তার ধারে দাঁড় করানো গাড়িগুলিকে উলটে দিয়ে গিয়েছে বন্যার জলের তোড়। বন্যার জেরে ইউরোপের বিস্তীর্ণ এলাকা বেশ কয়েক দিন ধরেই বিদ্যুৎহীন ছিল। ব্যাহত হয় টেলি-যোগাযোগ পরিষেবাও।

জার্মানির সবচেয়ে ক্ষতিগ্রস্ত এলাকা উত্তর রাইন-ওয়েস্টফালিয়া। সেখানকার পরিস্থিতি আকাশপথে ঘুরে দেখেন প্রেসিডেন্ট ফ্রাঙ্ক-ভাল্টার স্টাইনমাইয়ার। রাইনল্যান্ড প্যালাটিনেট প্রদেশে যান জার্মানির চ্যান্সেলর আঙ্গেলা মর্কেল। কোলনের কাছে একটি বাঁধে ফাটল ধরায় প্রায় ৭০০ জন বাসিন্দাকে নিরাপদ আশ্রয়ে সরিয়ে নিয়ে যাওয়া হয় বলে জানিয়েছে জার্মান প্রশাসন।

নেদারল্যান্ডসের দক্ষিণাংশে লিমবার্গ প্রদেশে একাধিক নদীর জল বিপদসীমার উপরে বইতে থাকায় স্থানীয় বাসিন্দাদের দ্রুত নিরাপদ স্থানে সরিয়ে দেয় প্রশাসন। সুইৎজারল্যান্ড, ক্রোয়েশিয়া, চেক রিপাবলিক, লুক্সেমবুর্গ, ফ্রান্সও এই বন্যার কবলে পড়ে।

তিব্বত সফরে চিনফিং

অরুণাচল প্রদেশের সীমান্ত লাগোয়া তিব্বতের নিংচি শহরে ঘুরে গেলেন চিনের প্রেসিডেন্ট শি চিনফিং। গত তিন দশকে এই প্রথম কোনও চিনা প্রেসিডেন্ট তিব্বত সফরে গেলেন। চিনফিং এর আগে দু’বার তিব্বতে গিয়েছেন— ১৯৯৮ ও ২০১১-য়। কিন্তু তখনও তিনি দেশের প্রেসিডেন্ট হননি। ১৯৯০ সালে তৎকালীন চিনা প্রেসিডেন্ট জিয়াং জেমিন শেষ বার তিব্বত সফরে গিয়েছিলেন।

তবে, ২১ জুলাই চিনফিং দক্ষিণ-পূর্ব তিব্বতের এই শহরে গেলেও চিনের সরকারি সংবাদমাধ্যম এ খবর প্রচার করে ২৩ জুলাই। ফলে কৌশলগত অবস্থানের দিক থেকে অত্যন্ত গুরুত্বপূর্ণ এই তিব্বতি শহরে প্রেসিডেন্টের সফরের সময়ে জাতীয় সংবাদমাধ্যম কেন নীরব ছিল, সেই প্রশ্ন উঠছে। চিনের সরকারি চ্যানেল সি সি টি ভি-র ভিডিওয় দেখা গিয়েছে, নিংচিতে বসবাসকারী বিভিন্ন জনজাতির মানুষ রংবেরঙের পোশাক পরে চিনের জাতীয় পতাকা হাতে হাসিমুখে প্রেসিডেন্টকে স্বাগত জানাচ্ছেন। ভিডিওয় লাল কার্পেটেও হাঁটতে দেখা যায় চিনফিংকে।

চিনা কমিউনিস্ট পার্টির সদস্যদের অভ্যর্থনা নেওয়ার পর প্রথমে নিয়াং নদীর সেতু পরিদর্শনে যান প্রেসিডেন্ট। ইয়ারলাং-সাংপো এবং নিয়াং নদী সংলগ্ন এলাকার বাস্তুতন্ত্র ও পরিবেশগত সুরক্ষা নিয়ে সেখানকার আধিকারিকদের

সঙ্গে কথা বলেন তিনি। 'নিংচি সিটি প্ল্যানিং মিউজিয়াম' ঘুরে দেখেন।

চিনফিংয়ের তিব্বত সফর সম্পর্কে বিশেষজ্ঞদের মত, চিনা সরকারের বিরুদ্ধে তিব্বতের বাসিন্দাদের একাংশের যে-বিপুল ক্ষোভ রয়েছে, উন্নয়নের মাধ্যমেই তা প্রশমিত করার চেষ্টা করছে বেজিং। তিব্বতে চিনফিংয়ের এই হঠাৎ-সফর নিয়ে মুখ খুলেছে তিব্বতের নির্বাসিত সরকারও। তাদের প্রতিনিধি তেনজিন লেক্ষয়ের মতে, তিব্বতে যে সব কিছু ঠিকঠাক রয়েছে, তা গোটা বিশ্বের সামনে জোর করে প্রমাণ করার চেষ্টা চালাচ্ছে চিন।

জেকব জুমার গ্রেপ্তারে উত্তাল দক্ষিণ আফ্রিকা

প্রাক্তন প্রেসিডেন্ট জেকব জুমার কারাবাসকে কেন্দ্র করে উত্তাল হয়ে উঠল দক্ষিণ আফ্রিকা। এই ঘটনাকে কেন্দ্র করে ৯ জুলাই থেকে ছড়িয়ে পড়া হিংসায় দেশের বিভিন্ন অঞ্চলে প্রাণ হারান কমপক্ষে ৭২ জন।

কেবল ১২ জুলাই, এক রাতে সোয়েটো শহরের একটি শপিং সেন্টারে লুটের ঘটনায় পদপিষ্ট হয়ে মৃত্যু হয়েছে অন্তত ১০ জনের। শুধু এই শপিং সেন্টারেই নয়, ওই শহর জুড়ে কম করে ২০০টি শপিং সেন্টারে লুটপাট চালায় দুষ্কৃতীরা। ভাঙা হয় বহু এ টি এম। তাণ্ডবের শিকার হয়েছে একাধিক রেস্তোরাঁ। লুটপাট চলে মদ ও জামাকাপড়ের দোকানেও। হিংসায় উস্কানি দেওয়ার অভিযোগে ১২ জন সন্দেহভাজনকে চিহ্নিত করা হয়েছে বলে পুলিশ জানিয়েছে। হিংসায় জড়িত থাকার অভিযোগে গ্রেপ্তার করা হয়েছে কমপক্ষে ১,২৩৪ জনকে।

২০০৯ থেকে ২০১৮ পর্যন্ত গোটা শাসনকাল জুড়ে নানা আর্থিক দুর্নীতির সঙ্গে জড়িত থাকার অভিযোগ রয়েছে দক্ষিণ আফ্রিকার প্রাক্তন প্রেসিডেন্ট জেকব জুমার বিরুদ্ধে। তাঁর বিরুদ্ধে তদন্তে নামে দক্ষিণ আফ্রিকার প্রশাসন। কিন্তু আদালত জুমাকে সশরীরে হাজিরা দিতে নির্দেশ দিলেও তিনি তা করেননি। আদালত অবমাননার দায়ে সম্প্রতি ১৫ মাসের কারাদণ্ড দেওয়া হয়েছে তাঁকে। তার পরেই দেশ জুড়ে ছড়িয়ে পড়ে এই হিংসা।

হিংসা রুখতে পুলিশকে সাহায্য করতে রাস্তায় নামে ২,৫০০ সেনা। যদিও তাতে পরিস্থিতির বদল ঘটেনি। জাতির উদ্দেশে এক বার্তায় দেশের বর্তমান প্রেসিডেন্ট সিরিল রামাফোসা বলেন, 'এই হিংসার আড়ালে আদতে লুটপাট এবং চুরির উদ্দেশ্য পূরণ করছে আসল অপরাধীরা।'

কারখানায় আগুন লেগে বাংলাদেশে মৃত ৫২

বাংলাদেশের নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলায় ফলের রস ও স্ন্যাক্সের একটি কারখানায় আগুন লেগে ৯ জুলাই অন্তত ৫২ জন প্রাণ হারালেন। জখম শতাধিক। বহু শ্রমিক নিখোঁজ। অভিযোগ, পাঁচতলা কারখানাটিতে

আগুন নেভানোর বন্দোবস্ত ছিল না, অল্প পারিশ্রমিকে অপ্রাপ্তবয়স্কদের দিয়েও সেখানে কাজ করানো হত।

হাসেম ফুডস নামে একটি সংস্থার মালিকানাধীন এই কারখানাটিতে ফলের রস এবং চানাচুর, চিপস ও চকোলেট তৈরি করে প্যাকেটজাত করা হত। দমকলের তরফে জানানো হয়েছে, চানাচুর ও চিপস ভাজার প্রয়োজনেই বিপুল পরিমাণ ভোজ্য তেল বাড়িটিতে মজুত করা ছিল, যা কারখানাটিকে জতুগৃহ করে তুলেছিল। এদিন রাতে কারখানার একতলায় প্রথমে আগুন লাগে। অল্প সময়েই তা ছড়িয়ে পড়ে উপরের তলাগুলিতে, যেখানে সারিবদ্ধ ভাবে বসে কিশোর-কিশোরীরা কাজ করছিল। দুর্ঘটনার খবর পেয়ে দমকলের ১৮টি ইঞ্জিন ঘটনাস্থলে পৌঁছয়। আগুন নিয়ন্ত্রণে আনার পর কারখানাটির চারতলায় গিয়ে পুড়ে যাওয়া ৫৯টি দেহ খুঁজে পান উদ্ধারকারীরা।

বস্তুত এই অগ্নিকাণ্ড বাংলাদেশের শিল্পমহল ও জনজীবনের একটি মর্মান্তিক দিককে এদিন হাট করে মেলে ধরেছে। আগুন লাগার খবর পেয়ে বহু শ্রমিকের পরিজন সেখানে আসেন। তাঁদের কাছ থেকেই জানা যায়, কারাখানাটিতে অধিকাংশ শ্রমিকই ছিল নাবালক। অতিমারির ফলে রোজগার হারানো অভিভাবকেরা নিজেদের বাড়ির ছোট ছেলেমেয়েদের কাজে পাঠাতে বাধ্য হতেন। তবে, এলাকায় বহু পোশাকের কারখানা থাকলেও তারা বিদেশি আমদানিকারীদের চাপে অপ্রাপ্তবয়স্কদের কাজে নেয় না। হাসেম ফুডস সেই সুযোগে অল্প পারিশ্রমিকে নাবালকদের কাজ দিত। কারখানায় অগ্নিনির্বাপণের কোনও ব্যবস্থাও কর্তৃপক্ষ রাখেনি।

ইরাকের হাসপাতালে আগুন, মৃত ৯২

দক্ষিণ ইরাকের নাসিরিয়া শহরে আল-হুসেন টিচিং হাসপাতালের কোভিড ওয়ার্ডে ১৩ জুলাই এক বিধ্বংসী অগ্নিকাণ্ডে মৃত্যু হল কমপক্ষে ৯২ জনের। আহতের সংখ্যা শতাধিক।

৭০ শয্যার এই কোভিড ওয়ার্ডটি মাত্র তিন মাস আগে চালু করা হয়। প্রাথমিক তদন্তে জানা গিয়েছে, অক্সিজেন সিলিন্ডারে বিস্ফোরণের জেরেই আগুন লাগে। ছড়িয়ে পড়া ধোঁয়ায় শ্বাসরোধ হয়ে প্রাণ যায় অনেকের। বহু রোগী ও স্বাস্থ্যকর্মী নিখোঁজ বলে জানায় প্রশাসন। ফলে হতাহতের সংখ্যা আরও বাড়তে পারে বলেই আশঙ্কা।

আগুন লাগার খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে পৌঁছয় দমকলবাহিনী। দমকলকর্মীরা অনেকেই শুধু টর্চ ও কম্বলের সাহায্যে সারা রাত ধরে উদ্ধারকাজ চালিয়ে গিয়েছেন।

হাসপাতালের সামনে ভিড় করা স্বজন হারানো শোকার্ত মানুষের অভিযোগ, সারা দেশের স্বাস্থ্যব্যবস্থাই ভেঙে পড়েছে। তারই মাসুল দিতে হচ্ছে সাধারণ মানুষকে। হাসপাতালটির ডিরেক্টর, নাসিরিয়ার স্বাস্থ্য বিভাগ ও প্রতিরক্ষা বিভাগের মুখ্য আধিকারিকদের অবিলম্বে গ্রেপ্তার করার নির্দেশ দেন ইরাকের প্রধানমন্ত্রী মুস্তাফা আল-কাদেমি।

উল্লেখ্য, এই নিয়ে দ্বিতীয় বার আগুন লেগে করোনা রোগীদের মৃত্যুর ঘটনা ঘটল ইরাকে। গত এপ্রিলে বাগদাদের এক হাসপাতালে আগুন লেগে মৃত্যু হয়েছিল ৮২ জনের।

জা তী য়

হেফাজতেই মৃত্যু স্ট্যান স্বামীর

ভীমা কোরেগাঁও কাণ্ডে অভিযুক্ত অশীতিপর মানবাধিকার কর্মী তথা জেসুইট পাদ্রি স্ট্যান স্বামী ৫ জুলাই দুপুর দেড়টা নাগাদ জেল হেফাজতেই মারা গেলেন। তাঁর অন্তর্বর্তী জামিনের আবেদনের প্রেক্ষিতে এদিন শুনানি শুরুর ঠিক আগে স্বামীর আইনজীবী আদালতকে জানান, তাঁর মক্কেলের জীবনাবসান হয়েছে। তাঁর আর জামিনের প্রয়োজন নেই। স্ট্যান স্বামীর মৃত্যুতে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে সমালোচনার ঝড় ওঠে দেশে-বিদেশে।

মাস দুয়েক আগে নবি মুম্বইয়ের তালোজা জেলে বন্দি ৮৪ বছরের স্ট্যান স্বামী ভিডিও কনফারেন্সে হাই কোর্টের বিচারপতিকে বলেছিলেন, জেলে তাঁর শরীর দ্রুত খারাপ হচ্ছে। তাঁকে অন্তর্বর্তী জামিন না দিলে শীঘ্রই তিনি মারা যাবেন। গত সপ্তাহেও নতুন করে জামিনের আবেদন জানিয়েছিলেন তিনি। এদিন সেই আবেদনেরই শুনানি ছিল। কিন্তু তার আগের সন্ধ্যাতেই চূড়ান্ত অসুস্থ অবস্থায় তাঁকে হোলি ফ্যামিলি হাসপাতালে ভর্তি করা হয়। ভেন্টিলেশনে রাখা হয়েছিল তাঁকে। জামিনের শুনানির আর প্রয়োজন পড়েনি।

আদিবাসীদের অধিকার রক্ষার লড়াইয়ে জীবন উৎসর্গ করা ফাদার স্বামী ছিলেন দেশে-বিদেশে পরিচিত নাম। গরিব আদিবাসীদের উপর সরকারি নিরাপত্তা বাহিনীর নির্যাতনের বিরুদ্ধে তিনি জনমত সংগঠনে নেমেছিলেন। গত বছর ১২ অক্টোবর শেষ রাতে, রাঁচীর উপকণ্ঠে তাঁর বাড়ি বিরাট বাহিনী দিয়ে ঘিরে ফেলে স্বামীকে গ্রেপ্তার করেছিল জাতীয় তদন্তকারী সংস্থা (এন আই এ)। সারা জীবন খ্রিস্টের শান্তির বাণী প্রচার করা এই প্রবীণ

মানবাধিকার কর্মীকে 'শহুরে মাওবাদী'র তকমা দিয়ে ইউ এ পি এ (আনলফুল অ্যাক্টিভিটিজ প্রিভেনশন অ্যাক্ট)-র কঠোর ধারায় জেলে পোরে এন আই এ।

ফাদারের বিরুদ্ধে মাওবাদীদের সঙ্গে যোগাযোগের অভিযোগ এনে এন আই এ জানায়, ভীমা কোরেগাঁওয়ে ২০১৮-র হাঙ্গামাতেও ফাদারের উস্কানি ছিল। এলগার পরিষদ মামলায় তাঁকে আসামি করা হয়। দেশ জুড়ে হিংসা ও অশান্তি লাগানোর ষড়যন্ত্রে ফাদার লিপ্ত ছিলেন বলে এন আই এ অভিযোগ করে।

স্ট্যান স্বামী গ্রেপ্তারের আগে থেকেই পার্কিনসন্স রোগে আক্রান্ত ছিলেন। এন আই এ তাঁকে ইউ এ পি এ আইনে গ্রেপ্তার করলেও একদিনের জন্যও নিজেদের হেফাজতে রেখে জিজ্ঞাসাবাদ করেনি। জেলবন্দি স্ট্যান স্বামী অসুস্থতার জন্য জামিন চাইলে এন আই এ-র আইনজীবীরা জোরালো বিরোধিতা করে যুক্তি দেন, বৃদ্ধ পাদ্রি মাওবাদীদের সঙ্গে মিলে সরকার ফেলে দেওয়ার ছক কষছেন। বিশেষ এন আই এ আদালত তাঁর জামিনের আর্জি খারিজ করে দিয়েছিল। মহারাষ্ট্রের তালোজা জেলে কোভিডে আক্রান্ত হওয়ার পরে আরও অসুস্থ স্বামী, বম্বে হাই কোর্টের শরণাপন্ন হয়েছিলেন।

তাঁর গ্রেপ্তারের পরেই শারীরিক ভাবে অশক্ত ফাদারের মুক্তির দাবিতে দেশে কংগ্রেস ও বাম নেতাদের পাশাপাশি সরব হয়েছিলেন আন্তর্জাতিক মানবাধিকার আন্দোলনের নেতা ও বিশিষ্ট ব্যক্তিরা। কিন্তু সেই দাবি কানে তোলেনি কেন্দ্রীয় সরকার। এদিন স্ট্যান স্বামীর মৃত্যুর খবর প্রকাশ্যে আসতেই নিন্দার ঝড় ওঠে সর্বত্র। রাঁচিতে মৌনীমিছিলে হাঁটেন বহু মানুষ। সোশ্যাল মিডিয়ায় নিন্দা ও প্রতিবাদের স্রোত বয়ে যায়। বিদেশেও যথেষ্ট সমালোচিত হয় কেন্দ্রীয় সরকার।

রাষ্ট্রপুঞ্জের মানবাধিকার সংক্রান্ত বিশেষ প্রতিনিধি মেরি লেলর টুইট করেন, 'ভারত থেকে মর্মান্তিক খবর পেলাম। সন্ত্রাসের মিথ্যা মামলায় সেখানকার সরকার জেলে পোরার পরে মানবাধিকার কর্মী এবং জেসুইট পাদ্রি ফাদার স্ট্যান স্বামী জেল হেফাজতেই মারা গিয়েছেন। এই আচরণ ক্ষমার অযোগ্য।' ইউরোপীয় ইউনিয়নের মানবাধিকার প্রতিনিধি ইমন গিলমোর টুইট করেন, 'আদিবাসীদের অধিকারের জন্য সতত সরব ছিলেন যে-ফাদার, তাঁর এমন মৃত্যুর খবরে আমি মর্মাহত। ইউরোপীয় ইউনিয়ন বারে বারে তাঁর মুক্তি চেয়ে দরবার করেছিল ভারতীয় কর্তৃপক্ষের কাছে।'

এক নজরে মামলা-বৃত্তান্ত

● **২০১৮, ১ জানুয়ারি:** ভীমা কোরেগাঁওয়ে দলিত ও উচ্চবর্ণের সংঘর্ষ।

● **২ জানুয়ারি:** দলিতদের উপরে হামলার জন্য হিন্দুত্ববাদী দুই নেতার বিরুদ্ধে এফ আই আর পুলিশের।

● **জুন:** এলগার পরিষদের সুধীর ধাওয়ালে, মানবাধিকার কর্মী সোমা সেন এবং রোনা উইলসনকে ইউ এ পি এ-তে গ্রেপ্তার পুণে পুলিশের। মাওবাদীদের সঙ্গে যোগ, ভীমা কোরেগাঁওয়ে হিংসা ছড়ানো, নরেন্দ্র মোদীকে খুনের চক্রান্তের অভিযোগও দায়ের।

● **অগস্ট:** একই অভিযোগে ধৃত সুধা ভরদ্বাজ, গৌতম নওলখা, অরুণ ফেরেরা, ভারভারা রাও, ভার্নন গঞ্জালেস।

● **২৯ অগস্ট:** সুপ্রিম কোর্টে রোমিলা থাপার ও অন্য বিশিষ্ট ব্যক্তিরা। সুপ্রিম কোর্ট ধৃতদের গৃহবন্দি রাখতে বলে।

● **২০২০, ২২ জানুয়ারি:** শিবসেনা-এন সি পি-কংগ্রেসের সরকার রাজ্যে। ফের তদন্তের নির্দেশ।

● **২৪ জানুয়ারি:** তদন্তভার এন আই এ-কে দিল কেন্দ্র।

● **অক্টোবর:** ফাদার স্ট্যান স্বামী এবং অন্যান্যদের নামে চার্জশিট এন আই এ-র।

রাষ্ট্রদ্রোহ আইন নিয়ে প্রশ্ন সুপ্রিম কোর্টের

স্বাধীনতার ৭৫ বছর পরেও ব্রিটিশ জমানার রাষ্ট্রদ্রোহ আইনের প্রয়োজনীয়তা নিয়ে প্রশ্ন তুললেন খোদ সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি এন ভি রমণা। ১৫ জুলাই তিনি বলেন, 'সরকারের বিরুদ্ধে যাঁরা কথা বলছেন, তাঁদের বিরুদ্ধে পুলিশ রাষ্ট্রদ্রোহ আইন প্রয়োগ করে এর অপব্যবহার করছে। রাষ্ট্রদ্রোহ আইনে মামলা দায়ের করার ক্ষেত্রে দায়বদ্ধতা নেই।' তাৎপর্যপূর্ণ হল, এদিন কেন্দ্রীয় সরকারের অ্যাটর্নি জেনারেল কে বেণুগোপাল প্রধান বিচারপতির কথাতেই কার্যত সায় জানিয়েছেন।

ব্রিটিশ জমানায় ১৮৭০ সালে ভারতীয় দণ্ডবিধিতে ১২৪(ক) ধারা যোগ করা হয়েছিল। এই ধারায় বলা হয়, কেউ সরকারের বিরুদ্ধে অসন্তোষ তৈরির চেষ্টা করলে, বিদ্বেষ ছড়ালে, উত্তেজনা তৈরির চেষ্টা করলে রাষ্ট্রদ্রোহের অপরাধে তার যাবজ্জীবন কারাদণ্ড পর্যন্ত হতে পারে।

এদিন প্রধান বিচারপতি বলেন, 'বিবাদের বিষয় হল, এটা ঔপনিবেশিক আইন। স্বাধীনতা আন্দোলন দমন করতে ব্রিটিশরা একে কাজে লাগিয়েছিল। মহাত্মা গান্ধী, বাল গঙ্গাধর তিলকদের বিরুদ্ধে এই আইন ব্যবহার করা হয়েছিল। স্বাধীনতার ৭৫ বছর পরেও কি এই আইন এখনও দরকার?' স্বাধীনতা সংগ্রামীদের দমন করতে তৈরি ইংরেজের এই আইন সাম্প্রতিক কালে সরকারের বিরুদ্ধে অসন্তোষ ধামাচাপা দেওয়ার জন্য ব্যবহার করা হচ্ছে বলে বিরোধীদেরও অভিযোগ। প্রধান বিচারপতি আইনের অপপ্রয়োগের বিষয়টি মনে করিয়ে দিয়ে বলেন, এর আগে নাগরিকের মতপ্রকাশের বিরুদ্ধে তথ্যপ্রযুক্তি আইনের ৬৬৪ ধারার অপপ্রয়োগ করা হচ্ছিল। সুপ্রিম কোর্ট ওই আইনের ধারা সংবিধানের মৌলিক অধিকারের বিরুদ্ধে বলে তা খারিজ করে দিয়েছে।

কেন্দ্রীয় সরকারের অ্যাটর্নি জেনারেল কে বেণুগোপাল বলেন, 'এই ধারা খারিজ করে দেওয়া প্রয়োজন। শুধুমাত্র নির্দেশিকা ঠিক করে দেওয়া দরকার, যাতে এই ধারার আইনি

লক্ষ্য পূরণ হতে পারে।' শুধুমাত্র রাষ্ট্রের সুরক্ষা, সাংবিধানিক প্রতিষ্ঠানের সুরক্ষার জন্যই এই আইন কাজে লাগানো যেতে পারে বলে সম্মতি জানান অ্যাটর্নি জেনারেল।

উল্লেখ্য, ১৯৫৩ সালে বিহারের ফরোয়ার্ড কমিউনিস্ট পার্টির নেতা কেদারনাথ সিংহের বিরুদ্ধে সরকারের সমালোচনা করার জন্য রাষ্ট্রদ্রোহের মামলা হয়। আইনের বৈধতা নিয়ে প্রশ্ন তুলে কেদারনাথ সুপ্রিম কোর্টে মামলা করেন। ১৯৬২ সালে সেই মামলায় তৎকালীন প্রধান বিচারপতির নেতৃত্বাধীন সাংবিধানিক বেঞ্চ কেদারনাথের বিরুদ্ধে মামলা খারিজ করে দিলেও আইনের ধারা খারিজ করে দেননি। আইনের ব্যবহারের গণ্ডি বেঁধে দিয়ে আদালত বলেছিল, বিশৃঙ্খলা বা হিংসা তৈরি না করে, সরকারের সমালোচনা বা মতবিরোধিতা প্রকাশ করলে সেখানে রাষ্ট্রদ্রোহের আইন খাটে না।

পেগাসাস-কাণ্ডে বিতর্কে জড়াল মোদী সরকার

ইজরায়েলি পেগাসাস স্পাইওয়্যার কাজে লাগিয়ে সাংবাদিক, মন্ত্রী, বিরোধী নেতা, শিল্পপতি, আইনজীবী, সরকারি আমলাদের উপর নজরদারির অভিযোগ উঠল কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে। ভারত-সহ ১৬টি দেশের সংবাদমাধ্যমের প্রতিনিধিরা মিলে 'পেগাসাস প্রোজেক্ট' নামের একটি তদন্ত চালাচ্ছিলেন ২০১৯ সাল থেকে। ১৮ জুলাই সেই রিপোর্টের কিছু অংশ প্রকাশ্যে আসতেই তোলপাড় শুরু হয়ে গিয়েছে দেশ জুড়ে।

পেগাসাস হল ইজরায়েলি সংস্থা এন এস ও-র তৈরি সফটওয়্যার, যা মোবাইলে আড়ি পাতার অস্ত্র হিসেবে কাজ করে। ফোনে একটি ওয়েবসাইটের লিঙ্ক পাঠানো হয়। তাতে ক্লিক করলেই মোবাইলে পেগাসাস ইনস্টলড হয়ে যায়। হোয়্যাটঅ্যাপে ভয়েস কল বা ভিডিও কল করেও পেগাসাস ঢোকানো যায়। ফোনে কী কথাবার্তা হচ্ছে, হোয়্যাটস অ্যাপ চ্যাটে কী আদান-প্রদান হচ্ছে, সবই জানা যায় এই সফটওয়্যারের মাধ্যমে। ফোনে রাখা তথ্য, নথি ও ছবিও দেখে ফেলা যায়। এই সফটওয়্যার এতটাই আধুনিক, যাঁর মোবাইল হ্যাক করা হয়েছে, তিনি জানতেও পারেন না যে তিনি নজরদারির মধ্যে রয়েছেন।

রিপোর্টে জানা গিয়েছে, দু'জন কেন্দ্রীয় মন্ত্রী, তিন জন বিরোধী নেতা-নেত্রী, এক জন সাংবিধানিক পদাধিকারী, চল্লিশের বেশি সাংবাদিক, বহু ব্যবসায়ী ও শিল্পপতি, নিরাপত্তা সংস্থার বর্তমান ও প্রাক্তন প্রধান, সমাজকর্মী, আমলা, আইনজীবীর ফোনে পেগাসাস স্পাইওয়্যারকে কাজে লাগিয়ে আড়ি পাতা হয়েছে। এঁদের মধ্যে উল্লেখযোগ্য প্রহ্লাদ সিংহ পটেল (কেন্দ্রীয় জলশক্তি প্রতিমন্ত্রী, এত দিন সংস্কৃতি ও পর্যটন মন্ত্রী ছিলেন), অশ্বিনী বৈষ্ণব (বর্তমানে তথ্যপ্রযুক্তি, যোগাযোগ, রেলমন্ত্রী, প্রাক্তন আই এ এস), প্রবীণ তোগাড়িয়া (বিশ্ব হিন্দু পরিষদের প্রাক্তন ইন্টারন্যাশনাল ওয়ার্কিং প্রেসিডেন্ট), প্রদীপ অবস্থী (রাজস্থানের বসুন্ধরা রাজে সিন্ধিয়ার প্রাক্তন সচিব), সঞ্জয় কাচরু (কেন্দ্রীয় মন্ত্রী, স্মৃতি ইরানির প্রাক্তন ও এস ডি), অশোক লাভাসা (প্রাক্তন নির্বাচন কমিশনার)।

২০১৯-এর লোকসভা নির্বাচনের আগে ভারতে ৩০০-র বেশি ফোনে কেন্দ্রীয় সরকার এই ভাবে আড়ি পাতার চেষ্টা চালিয়েছিল বলে 'পেগাসাস প্রোজেক্ট' রিপোর্টে দাবি করা হয়েছে। এই ফোনের মালিকদের মধ্যে আছেন রাহুল গান্ধী এবং তাঁর ঘনিষ্ঠ বৃত্তে থাকা বন্ধু ও সহকারী অলংকার সওয়াই, কংগ্রেস নেতা সচিন রাও। পশ্চিমবঙ্গের বিধানসভা ভোটের সময় অভিষেক বন্দ্যোপাধ্যায় এবং ভোটকুশলী প্রশান্ত কিশোরের ফোনে আড়ি পাতার চেষ্টা করা হয়। একই চেষ্টা করা হয় রিলায়্যান্স এ ডি এ গোষ্ঠীর কর্ণধার অনিল অম্বানী-সহ রিলায়্যান্স গোষ্ঠীর অন্যতম কর্তা টোনি জেসুদাসন, রাফাল-নির্মাতা ফরাসি সংস্থা দাসোর ভারতীয় কর্তা বেঙ্কট রাও পোসিনা, এমনকী তৎকালীন সি বি আই ডিরেক্টর অলোক বর্মার ফোনেও, এমনটাই রিপোর্টে প্রকাশ পেয়েছে।

অভিযোগ, ২০১৯-এ কর্নাটকে জে ডি এস-কংগ্রেসের সরকার ফেলতে তৎকালীন মুখ্যমন্ত্রী এইচ ডি কুমারস্বামী, উপমুখ্যমন্ত্রী জি পরমেশ্বর, কংগ্রেস নেতা সিদ্দারামাইয়ার ব্যক্তিগত সচিব এবং প্রাক্তন প্রধানমন্ত্রী এইচ ডি দেবেগৌড়ার নিরাপত্তার দায়িত্বে থাকা এক পুলিশকর্মীর ফোনকে নিশানা করা হয়।

তবে সরকারের দাবি, নির্দিষ্ট ব্যক্তিদের উপর সরকারি নজরদারির অভিযোগ ভিত্তিহীন। যে-কোনও ফোনে আড়ি পাতা, হোয়্যাটস অ্যাপ মেসেজে নজরদারিতে সরকারি অনুমতি থাকে। আইন মেনেই ফোনে আড়ি পাতা হয়। ইতিমধ্যেই ইজরায়েলি সংস্থা এন এস ও জানিয়েছে, তারা শুধুমাত্র বিভিন্ন দেশের সরকারকেই তাদের পেগাসাস স্পাইওয়্যার বিক্রি করেছিল। বিভিন্ন দেশের নিরাপত্তা ও গোয়েন্দা সংস্থাই এই স্পাইওয়্যার কাজে লাগিয়ে ফোনে আড়ি পেতে থাকে।

সম্প্রতি ইজরায়েলি সংস্থাটি যেসব দেশকে পেগাসাস বেচেছিল, তাদের তথ্যভাণ্ডার থেকেই প্রায় ৫০ হাজার ফোন নম্বর ফাঁস হয়ে গিয়েছে। তার মধ্যেই দেশের ৩০০-র বেশি নম্বর রয়েছে। প্যারিসের অলাভজনক সংবাদসংস্থা 'ফরবিডেন স্টোরিজ' ও অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল এই তথ্যভাণ্ডার হাতে পেয়ে বিভিন্ন দেশের ১৬টি সংবাদমাধ্যমের হাতে তুলে দেয়। ভারতে 'দ্য ওয়্যার' নামের পোর্টাল এই তথ্যভাণ্ডার হাতে পেয়েছিল।

ওই তালিকায় থাকা ফোনগুলির ফরেন্সিক পরীক্ষা করা হয়। ৩৭টি ফোনে পেগাসাস স্পাইওয়্যার থাকার স্পষ্ট প্রমাণ মিলেছে। এই ৩৭টি ফোনের মধ্যে ১০টি-ই এ দেশের।

মন্ত্রিসভার রদবদল ও সম্প্রসারণ করলেন প্রধানমন্ত্রী

সরকার গঠনের সাত বছরের মাথায় মন্ত্রিসভার রদবদল ও সম্প্রসারণ ঘটালেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ৭ জুলাই ১২ জন মন্ত্রী পদত্যাগ করলেন। তাঁদের মধ্যে রয়েছেন রবিশঙ্কর প্রসাদ, প্রকাশ জাভড়েকর, হর্ষবর্ধনের মতো হেভিওয়েট নেতারা। এদিনই পূর্ণমন্ত্রী ও প্রতিমন্ত্রী হিসেবে নতুন ৩৬ জন

শপথ নিয়েছেন। তাঁদের মধ্যে ৮ জন নতুন ক্যাবিনেট মন্ত্রী। ৭ জন প্রতিমন্ত্রী পদোন্নতি হয়ে ক্যাবিনেট মন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন। পূর্ণমন্ত্রী, প্রতিমন্ত্রী এবং প্রধানমন্ত্রীকে নিয়ে বর্তমানে মন্ত্রী পরিষদ ৭৮ জনের।

বিশেষজ্ঞদের মতে, দ্বিতীয় বার ক্ষমতায় আসার দু'বছরের মাথায় প্রধানমন্ত্রী কার্যত সরকারের খোলনলচে বদলে ফেলার চেষ্টা করেছেন। সন্ধ্যায় নতুন পূর্ণমন্ত্রী ও প্রতিমন্ত্রীদের শপথ গ্রহণের আগে প্রধানমন্ত্রী যে-১২ জনকে পদত্যাগের নির্দেশ দেন, তাঁদের প্রত্যেকের হাতেই গুরুত্বপূর্ণ মন্ত্রক ছিল। হর্ষ বর্ধন স্বাস্থ্য মন্ত্রকের দায়িত্বে ছিলেন, প্রকাশ জাভড়েকর তথ্য ও সম্প্রচার মন্ত্রী, রবিশঙ্কর প্রসাদ আইন, যোগাযোগ, ইলেক্ট্রনিক্স এবং তথ্যপ্রযুক্তি মন্ত্রী, সন্তোষ গাঙ্গোয়ার শ্রম ও কর্মসংস্থান মন্ত্রী, রমেশ পোখরিয়াল শিক্ষামন্ত্রী, সদানন্দ গৌড়া রাসায়নিক ও সার মন্ত্রী ছিলেন। বাংলার বাবুল সুপ্রিয় ও দেবশ্রী চৌধুরীও পদত্যাগ করেন। পরিবর্তে বাংলা থেকে নতুন চার মন্ত্রী শপথ নেন— নিশীথ প্রামাণিক, জন বার্লা, সুভাষ সরকার ও শান্তনু ঠাকুর।

সরকারি সূত্রের ব্যাখ্যা, প্রধানমন্ত্রী সরকারে একটা ঝাঁকুনি দেওয়ার চেষ্টা করেছেন। তিন বছর পরে লোকসভা ভোট। দশ বছর ক্ষমতায় থাকলে যে- কোনও সরকার সম্পর্কে মানুষের মনে অভিযোগ তৈরি হয়। নতুন বিশ্বাসযোগ্য মুখ এনে সেই ক্ষোভ প্রশমনের চেষ্টা খুব স্বাভাবিক প্রক্রিয়া।

উল্লেখ্য প্রশাসনিক কাজে অভিজ্ঞ এবং বিভিন্ন পেশায় সফল ব্যক্তিদের মন্ত্রিসভায় নিয়ে আসা হয়েছে এবার। নতুন মন্ত্রীদের মধ্যে ১৮ জন রাজ্যে মন্ত্রী ছিলেন, ১৩ জন আইনজীবী, ৫ জন ইঞ্জিনিয়ার, ৭ জন প্রাক্তন আমলা। ১৪ জন মন্ত্রীর বয়স ৫০ বছরের কম। ফলে গোটা মন্ত্রিসভার গড় বয়স ৫৮ বছরে নেমে এসেছে। অনুরাগ সিংহ ঠাকুর, জি কিসান রেড্ডি, কিরেণ রিজিজু, মনসুখ মাণ্ডব্যের মতো নতুন প্রজন্মের নেতাদের প্রতিমন্ত্রী থেকে ক্যাবিনেট মন্ত্রিত্বে পদোন্নতি ঘটেছে। একাধিক প্রথম বারের সাংসদ মন্ত্রিসভায় জায়গা পেয়েছেন।

এক নজরে নতুন মন্ত্রী

পূর্ণমন্ত্রী

নারায়ন রাণে মাইক্রো, স্মল অ্যান্ড মিডিয়াম এন্টারপ্রাইজেস
সর্বানন্দ সোনোয়াল বন্দর, জাহাজ এবং জলপরিবহণ
বীরেন্দ্র কুমার সামাজিক ন্যায় এবং ক্ষমতায়ন
জ্যোতিরাদিত্য সিন্ধিয়া সিভিল অ্যাভিয়েশন
রামচন্দ্র প্রসাদ সিংহ স্টিল
অশ্বিনী বৈশনা রেল এবং আই টি
পশুপতি কুমার পারস খাদ্য প্রক্রিয়াকরণ
কিরেণ রিজিজু আইন
রাজকুমার সিংহ পাওয়ার, নিউ অ্যান্ড রিনিউয়েবল এনার্জি
হরদীপ সিংহ পুরী পেট্রোলিয়াম, ন্যাচারাল গ্যাস, হাউজিং এবং আর্বান অ্যাফেয়ার্স
মনসুখ মাণ্ডব্য স্বাস্থ্য, রসায়ন এবং সার
ভূপেন্দ্র যাদব শ্রম
পুরুষোত্তম রূপালা ফিশারিজ, অ্যানিম্যাল হাজবেন্ড্রি এবং ডেয়ারি
জি কিষণ রেড্ডি সংস্কৃতি, পর্যটন এবং উত্তর-পূর্ব উন্নয়ন
অনুরাগ সিংহ ঠাকুর তথ্য-সম্প্রচার এবং যুবকল্যাণ

প্রতিমন্ত্রী

পঙ্কজ চৌধরি অর্থ
অনুপ্রিয়া সিংহ পটেল কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি
সত্যপাল সিংহ বাঘেল আইন
রাজীব চন্দ্রশেখর স্কিল ডেভেলপমেন্ট অ্যান্ড অন্ত্রেপ্রেনরশিপ, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি
শোভা কারনদলাজে কৃষি এবং কৃষককল্যাণ
ভানুপ্রতাপ সিংহ বর্মা মাইক্রো, স্মল অ্যান্ড মিডিয়াম এন্টারপ্রাইজেস
দর্শনা বিক্রম জরদোষ বস্ত্র এবং রেল
মীনাক্ষী লেখী পররাষ্ট্র এবং সংস্কৃতি
অন্নপূর্ণা দেবী শিক্ষা
এ নারায়ণস্বামী সামাজিক ন্যায় এবং ক্ষমতায়ন
কৌশল কিশোর হাউজিং এবং আর্বান অ্যাফেয়ার্স
অজয় ভট্ট প্রতিরক্ষা এবং পর্যটন
বি এল বর্মা উত্তর-পূর্ব উন্নয়ন এবং কো-অপারেশন
অজয় কুমার স্বরাষ্ট্র
চৌহান দেবুসিন কমিউনিকেশন
ভগবন্ত খুবা নিউ অ্যান্ড রিনিউয়েবল এনার্জি, রসায়ন এবং সার
কপিল মোরেশ্বর পাটিল পঞ্চায়েতি রাজ
প্রতিমা ভৌমিক সামাজিক ন্যায় এবং ক্ষমতায়ন
সুভাষ সরকার শিক্ষা
ভগবৎ কৃষ্ণরাও কারাদ অর্থ
রাজকুমার রঞ্জন সিংহ পররাষ্ট্র, শিক্ষা
ভারতী প্রবীণ পওয়ার স্বাস্থ্য এবং পরিবারকল্যাণ
বিশ্বেশ্বর টুডু ট্রাইবাল অ্যাফেয়ার্স এবং জলশক্তি
মুঞ্জাপাড়া মহেন্দ্রভাই নারী ও শিশু উন্নয়ন এবং আয়ুষ
জন বার্লা সংখ্যালঘু উন্নয়ন
এল মুরুগান ফিশারিজ, অ্যানিম্যাল হাজবেন্ড্রি, ডেয়ারি, তথ্য এবং সম্প্রচার
নিশীথ প্রামাণিক স্বরাষ্ট্র, ক্রীড়া ও যুবকল্যাণ
শান্তনু ঠাকুর বন্দর, জাহাজ এবং জলপরিবহণ

উত্তরাখণ্ডের নয়া মুখ্যমন্ত্রী পুষ্কর সিংহ ধামি

ফের মুখ্যমন্ত্রী বদল হল উত্তরাখণ্ডে। এই নিয়ে গত চার বছরে তিন জন মুখ্যমন্ত্রী পেল উত্তরাখণ্ড।

৩ জুলাই মধ্যরাতে আচমকাই ইস্তফা দেন তীরথ সিংহ রাওয়াত। মাত্রই কয়েক মাস আগে রাজ্যের প্রশাসনিক প্রধানের দায়িত্ব পেয়েছিলেন তিনি। পরদিনই দুপুরে তড়িঘড়ি পরিষদীয় দলের বৈঠক ডেকে পুষ্কর সিংহ ধামির নাম নতুন মুখ্যমন্ত্রী হিসেবে ঘোষণা করে বি জে পি। রাজ্যের সর্বকনিষ্ঠ মুখ্যমন্ত্রী হিসেবে ৪ জুলাই শপথ নেন ৪৫ বছরের এই যুবনেতা।

গত মার্চে ত্রিবেন্দ্র রাওয়াতকে সরিয়ে উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী

করা হয়েছিল লোকসভা সাংসদ তীরথকে। নিয়মমাফিক আগামী ছয় মাসের মধ্যে উপনির্বাচনে কোনও একটি কেন্দ্র থেকে জিতে আসতে হত তাঁকে। কিন্তু বি জে পি-র দাবি, করোনার কারণে এই মুহূর্তে রাজ্যে উপনির্বাচন করা সম্ভব নয়। তাই সাংবিধানিক জটিলতা এড়াতেই তিনি ইস্তফা দিয়েছেন বলে তীরথ জানান।

তবে তীরথের ইস্তফার পিছনে খোদ তীরথ এবং বি জে পি নৈতিকতার যুক্তি দেখালেও তা মানতে নারাজ বিরোধীরা। তাঁদর মতে, যে-উদ্দেশ্যে তীরথকে মুখ্যমন্ত্রী পদে বসানো হয়েছিল, তা সফল না হওয়াতেই বিধানসভা নির্বাচনের আগে তাঁকে সরিয়ে দেওয়ার সিদ্ধান্ত নেয় দল। আগের মুখ্যমন্ত্রী ত্রিবেন্দ্রর আমল থেকে রাজ্য বি জে পি-র অন্দরে চরম গোষ্ঠীকোন্দল চলেছে, ত্রিবেন্দ্রকে সরিয়ে তীরথকে মুখ্যমন্ত্রিত্বে এনেও যা রোখা যায়নি। উলটে তীরথের আলটপকা মন্তব্যে কোন্দল আরও বেড়ে গিয়েছে। পাশাপাশি রাজ্যে কোভিড নিয়ন্ত্রণেও ব্যর্থতা দেখিয়েছে তাঁর সরকার।

মুখ্যমন্ত্রী পদে নতুন মুখ আসায় সরকারের বিরুদ্ধে যে প্রতিষ্ঠান-বিরোধিতার হাওয়া তৈরি হয়েছে, তা অনেকাংশে কেটে যাবে বলেই আশা করছে বি জে পি।

মুখ্যমন্ত্রী পদে ইস্তফা ইয়েদুরাপ্পার, দায়িত্বে বাসবরাজ

কর্নাটকের মুখ্যমন্ত্রীর পদ থেকে ২৬ জুলাই সরে দাঁড়ালেন বি এস ইয়েদুরাপ্পা। ২৮ জুলাই রাজ্যের নতুন মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নিলেন বাসবরাজ বোম্মাই।

কর্নাটকে ২০১৮-র বিধানসভা ভোটে সংখ্যাগরিষ্ঠতা না পেলেও কংগ্রেস-জে ডি এস সরকারের একাধিক বিধায়ককে নিজেদের দলে ভাঙিয়ে এনে ইয়েদুরাপ্পার হাত ধরে ২০১৯-এ ক্ষমতায় ফিরেছিল বি জে পি। কিন্তু তার পর থেকেই সমস্যার শুরু। কখনও ইয়েদুরাপ্পার বিরুদ্ধে জমি-দুর্নীতির অভিযোগ, কখনও সরকারের প্রভাবশালী নেতার যৌন কেলেঙ্কারি ফাঁস— একের পর এক বিতর্কে জড়ায় ইয়েদুরাপ্পা সরকার। এই অবস্থায় সরকারের দ্বিতীয় বর্ষপূর্তির দিন ইয়েদুরাপ্পাকে সরে যাওয়ার নির্দেশ দেয় কেন্দ্রীয় নেতৃত্ব। বয়স ও অসুস্থতার কারণ দেখিয়ে সেই মতো এদিন মুখ্যমন্ত্রীর কুর্সি থেকে সরে দাঁড়ানোর কথা ঘোষণা করেন ইয়েদুরাপ্পা।

রাজ্যের ২৩তম মুখ্যমন্ত্রী হিসেবে ইয়েদুরাপ্পারই ঘনিষ্ঠ বাসবরাজ বোম্মাই শপথ নেন। রাজভবনে তাঁকে শপথবাক্য পাঠ করান রাজ্যপাল থাওয়ারচাঁদ গহলৌত। বীরশৈব-লিঙ্গায়েত নেতা ৬১ বছরের বাসবরাজ উত্তর কর্নাটকের হাভেরির বিধায়ক। ২০০৮ সালে বি জে পি-তে যোগদানের আগে জনতা দলের সদস্য ছিলেন তিনি। রাজ্য সরকারের জলসম্পদ, পার্লামেন্টারি অ্যাফেয়ার্স, আইন ও ন্যায় এবং স্বরাষ্ট্রের মতো একাধিক গুরুত্বপূর্ণ দপ্তরের দায়িত্ব সামলেছেন বাসবরাজ। তাঁর বাবা প্রয়াত সোমাপ্পা রায়াপ্পা বোম্মাই এক সময়ে অবিভক্ত জনতা দলের শীর্ষস্থানীয় নেতা ছিলেন। ১৯৮৮ সালে কর্নাটকের মুখ্যমন্ত্রীও হয়েছিলেন তিনি। পরে কেন্দ্রে এইচ ডি দেবেগৌড়া ও ইন্দ্রকুমার গুজরালের মন্ত্রিসভায় মানবসম্পদ উন্নয়ন মন্ত্রীর দায়িত্ব সামলেছেন তিনি।

ডাক্তারি পড়ায় বাড়ল সংরক্ষণ

ডাক্তারি পড়ুয়াদের আসনসংখ্যায় বড়সড় সংরক্ষণের সিদ্ধান্ত নিল কেন্দ্রীয় সরকার। কেন্দ্রের ২৯ জুলাইয়ের নতুন সিদ্ধান্ত অনুযায়ী, ডাক্তারির সর্বভারতীয় পরীক্ষায় যে-'অল ইন্ডিয়া কোটা' (এ আই কিউ) রয়েছে, তাতে ও বি সিদের ২৭ শতাংশ এবং আর্থিক ভাবে পিছিয়ে পড়া শ্রেণির জন্য ১০ শতাংশ আসন সংরক্ষিত থাকবে।

১৯৮৬ সালে সুপ্রিম কোর্টের নির্দেশে ডাক্তারি পড়ুয়াদের জন্য অল ইন্ডিয়া কোটা স্কিম চালু করেছিল কেন্দ্র। ওই ব্যবস্থায় নম্বরের ভিত্তিতে এক রাজ্যের পড়ুয়া চাইলে অন্য রাজ্যের কোনও মেডিক্যাল কলেজে ভর্তি হতে পারেন। এ আই কিউ স্কিমের আওতায় রয়েছে গোটা দেশের স্নাতক স্তরের ১৫ শতাংশ আসন ও স্নাতকোত্তর স্তরের ৫০ শতাংশ আসন। ২০০৭ সালে সুপ্রিম কোর্টের নির্দেশে প্রথম বার ওই এ আই কিউ স্কিমে থাকা আসনগুলির মধ্যে ১৫ শতাংশ আসন তফসিলি ও ৭.৫ শতাংশ আসন তফসিলি উপজাতির পড়ুয়াদের জন্য সংরক্ষিত করা হয়েছিল। এদিন কেন্দ্রের সিদ্ধান্তে এ আই কিউ স্কিমের আসনের মধ্যেই ২৭ শতাংশ ও বি সি ও ১০ শতাংশ আর্থিক ভাবে দুর্বল পড়ুয়াদের জন্য সংরক্ষিত করা হল। ওই নিয়ম কার্যকর হবে দন্ত চিকিৎসকদের জন্যও।

কেন্দ্রের দাবি, এই সিদ্ধান্তের ফলে স্নাতক ও স্নাতকোত্তর স্তরে যথাক্রমে ১,৫০০ ও ২,৫০০ ও বি সি পড়ুয়া সংরক্ষণের সুবিধা পেতে চলেছেন। আর্থিক ভাবে

পিছিয়ে থাকা শ্রেণির ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর স্তরে যথাক্রমে ৫৫০ ও ১,০০০ পড়ুয়া সংরক্ষণের সুযোগ পাবেন। সব মিলিয়ে প্রায় সাড়ে পাঁচ হাজার পড়ুয়া উপকৃত হবেন বলে সরকারের দাবি।

দিলীপ* কুমারের জীবনাবসান

দীর্ঘদিন ধরেই অসুস্থ ছিলেন, বারবার হাসপাতালেও ভর্তি হতে হচ্ছিল, আবার সুস্থও হয়ে উঠছিলেন। কিন্তু ৭ জুলাই ভোরে শেষরক্ষা হল না। ৯৮ বছরে শেষ নিঃশ্বাস ত্যাগ করলেন বলিউডের 'ট্র্যাজেডি কিং' ইউসুফ খান ওরফে দিলীপ কুমার। প্রস্টেট ক্যান্সারে ভুগছিলেন তিনি। শ্বাসকষ্টজনিত সমস্যাও ছিল।

জাতীয় পতাকায় মুড়ে পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় দিলীপ কুমারকে জুহুর কবরস্থানে সমাহিত করা হয়। উপস্থিত ছিলেন অমিতাভ বচ্চন, শাহরুখ খান, রণবীর কপূর, কর্ণ জোহররা।

পেশাদারি অভিনয়ে আচমকাই আবির্ভাব দিলীপ কুমারের। তাঁর জন্ম পাকিস্তানের পেশাওয়ারে, ১৯২২ সালে। মুম্বইয়ে এসে পারিবারিক ফল-ব্যবসায় যোগ দিয়েছিলেন তিনি। এরপর এক পরিচিতের সূত্র ধরে হঠাৎ বম্বে টকিজে গিয়ে কর্ণধার দেবিকারানির নজরে পড়ে যান। ১২৫০ টাকা মাস মাইনেয় বম্বে টকিজে চাকরি পাকা হয়ে যায় তাঁর। বাবার ভয়ে ইউসুফ খান নাম পালটে 'দিলীপ কুমার' হন, সে নামও ছিল দেবিকারানির দেওয়া।

দিলীপ কুমারের প্রথম ছবি অমিয় চক্রবর্তীর পরিচালনায় 'জোয়ার ভাঁটা' (১৯৪৪)। চলচ্চিত্রের সেই প্রথম যুগে চড়া মেক-আপ, মোটা দাগের অভিনয়ের পাশে দিলীপ কুমারের ঝকঝকে ব্যক্তিত্ব, নিচু স্বরে কথা বলা ও স্বতঃস্ফূর্ত অভিনয় নজর কেড়েছিল তামাম ভারতবাসীর। পরবর্তী সময়ে নিজের এই 'মেথড অ্যাক্টিং'কে ভিন্ন এক মাত্রায় নিয়ে গিয়েছিলেন দিলীপ কুমার।

বলিউডে তাঁর প্রথম বড় হিট ছবি নূরজাহানের সঙ্গে জুটি বেঁধে 'জুগনু' (১৯৪৭)। এরপর বিভিন্ন ধরনের চরিত্রে একই সঙ্গে ঐতিহাসিক ও সমকালীন ভারতকে ফুটিয়ে তুলতে থাকেন তিনি একের পর এক সিনেমায়। কখনও তিনি ইতিহাসের রাজপুত্র (মুঘল-ই-আজম, ১৯৬০), কখনও শ্রমিকনেতা (সাগিনা মাহাতো, ১৯৭০), আবার কখনও সামাজিক উপন্যাসের পাতা থেকে উঠে আসা ব্যর্থ প্রেমিক (দেবদাস, ১৯৫৫)।

বলিউডে নায়ক ও পরে চরিত্রাভিনেতা হিসেবে তাঁর ছয় দশকের 'সুহানা সফর'-এ রয়েছে 'আন', 'আন্দাজ', 'মেলা', 'আদমি', 'পয়গাম', 'মধুমতী', 'গঙ্গা যমুনা', 'লিডার', 'রাম ঔর শ্যাম', 'কোহিনুর', 'গোপী', 'শক্তি', 'মশাল', 'বিধাতা', 'সওদাগর' প্রভৃতি বক্সঅফিস-সফল ছবি।

কিংবদন্তি অভিনেতার মৃত্যুতে শোকজ্ঞাপন করেছেন দেশের বিশিষ্ট জনেরা। টুইটারে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী লেখেন, 'দিলীপ কুমারকে সিনেমার একজন কিংবদন্তি হিসেবে মনে রাখবে মানুষ।' পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় তাঁর শোকবার্তায় লেখেন, 'সিনেমার অন্যতম আলোকস্তম্ভ নিভে যাওয়ায় মর্মাহত।' পাকিস্তানের প্রধানমন্ত্রী ইমরান খানও শোকপ্রকাশ করেন।

এক নজরে সম্মান

ফিল্মফেয়ার

- দাগ (১৯৫৪)
- আজাদ (১৯৫৬)
- দেবদাস (১৯৫৭)
- নয়া দৌড় (১৯৫৮)
- কোহিনূর (১৯৬১)
- লিডার (১৯৬৫)
- রাম ঔর শ্যাম (১৯৬৮)
- শক্তি (১৯৮৩)
- লাইফটাইম অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ড (১৯৯৪)

ন্যাশনাল অ্যাওয়ার্ড

- দ্বিতীয় শ্রেষ্ঠ সিনেমা 'গঙ্গা যমুনা' (১৯৬১)
- স্পেশ্যাল লাইফটাইম অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ড (২০০৬)

দাদাসাহেব ফালকে (১৯৯৪)

পাকিস্তানের সর্বোচ্চ সম্মান নিশান-ই-ইমতিয়াজ (১৯৯৮)

পদ্মভূষণ (১৯৯১)

পদ্মবিভূষণ (২০১৫)

প্রয়াত সুরেখা সিক্রি

তিন বার জাতীয় পুরস্কার বিজয়ী অভিনেত্রী সুরেখা সিক্রি ১৬ জুলাই প্রয়াত হলেন। বয়স হয়েছিল ৭৫ বছর। তাঁর ম্যানেজার জানিয়েছেন, ২০১৮ সালে এবং গত বছর দু'বার ব্রেন স্ট্রোক হয়েছিল তাঁর। সেই সংক্রান্ত জটিলতায় ভুগছিলেন সুরেখা।

১৯৭১ সালে ন্যাশনাল স্কুল অব ড্রামা (এন এস ডি) থেকে

ডিগ্রি অর্জন করেন সুরেখা সিক্রি। ১৯৭৮ সালে বিতর্কিত রাজনৈতিক সিনেমা 'কিস্‌সা কুর্সি কা' দিয়ে তাঁর অভিনেত্রী জীবনের সূচনা। শ্যাম বেনেগালের পরিচালনায় 'মাম্মো', 'সর্দারি বেগম' এবং 'জুবেদা' ছবিতে তাঁর অভিনয় দর্শকদের মুগ্ধ করেছিল। এরপর মঞ্চ, টেলিভিশন এবং বড় পর্দায় দাপিয়ে অভিনয় করেছেন সুরেখা। 'সরফরোস', 'দিল্লাগি', 'মিস্টার অ্যান্ড মিসেস আইয়ার', 'রঘু রোমিও', 'রেনকোট', 'দেব ডি' প্রভৃতি বলিউডের মূল ধারার একাধিক সিনেমাতেও গুরুত্বপূর্ণ চরিত্রে দেখা গিয়েছে তাঁকে। তাঁর শেষ অভিনীত সিনেমা 'গোস্ট স্টোরিজ' (২০২০)। টেলিভিশনে 'বালিকাবধূ' ধারাবাহিকের দাদিসার চরিত্র নতুন প্রজন্মের কাছেও তাঁকে পরিচিত করে তুলেছিল।

অভিনয়ের স্বীকৃতিতে ১৯৮৯ সালে তিনি সঙ্গীত নাটক অ্যাকাডেমি পুরস্কার পান। ১৯৮৮ সালে 'তমস', ১৯৯৪ সালে 'মাম্মো' এবং '২০১৮ সালে 'বধাই হো' সিনেমার জন্য সেরা সহ-অভিনেত্রীর জাতীয় পুরস্কার লাভ করেন। 'বধাই হো'-র জন্য ফিল্মফেয়ার অ্যাওয়ার্ডও পেয়েছেন তিনি।

অ র্থ নী তি

৫৩ হাজার পেরিয়ে গেল সেনসেক্স

দেশে অর্থনীতির ঘুরে দাঁড়ানোর গতি নিয়ে যেদিন প্রশ্ন তুলল আন্তর্জাতিক মূল্যায়ন সংস্থা ফিচ, সেদিনই প্রথম বার ৫৩ হাজারের মাইলফলক পেরিয়ে থামল সেনসেক্স। বর্তমান আর্থিক সমস্যাগুলির তোয়াক্কা না করেই ১৯৩.৫৮ পয়েন্ট বেড়ে ৭ জুলাই সূচক থিতু হল ৫৩,০৫৪.৭৬ অঙ্কে।

কোভিডের দ্বিতীয় ঢেউয়ের ধাক্কায় জুনে কমেছে জি এস টি আদায়। চড়েছে মূল্যবৃদ্ধির হার। এদিনই ফিচ কমিয়েছে ভারতের আর্থিক বৃদ্ধির পূর্বাভাস। তেলের দাম আকাশছোঁয়া হয়ে আমজনতার খরচ তো বাড়াচ্ছেই। আশঙ্কা, এতে বাজারে চাহিদাও কমবে। সেই সঙ্গে রয়েছে তৃতীয় ঢেউয়ের আতঙ্ক। সব মিলিয়ে অর্থনীতির উদ্বেগ যে বাড়ছে, সে ব্যাপারে একমত প্রায় সব বিশেষজ্ঞই। অথচ রকেটের গতিতে উঠছে শেয়ার বাজার। গত ২২ জুন লেনদেনের মাঝে প্রথম বার ৫৩ হাজারের কোঠায় ওঠে সেনসেক্স। সমস্ত সংস্থার শেয়ার সম্পদ ২৩২ লক্ষ কোটি টাকা। ক্যালেন্ডারবর্ষে এখনও পর্যন্ত সেনসেক্স উঠেছে ৫৩০৩.৪৩ পয়েন্ট।

'স্থিতিশীল' মূল্যায়ন বজায় রাখল এস অ্যান্ড পি

১৩ জুলাই ভারতীয় অর্থনীতির মূল্যায়ন ঋণযোগ্যতার সবচেয়ে নীচের স্তরেই (বি বি বি-) রাখল রেটিং সংস্থা এস অ্যান্ড পি গ্লোবাল। এই নিয়ে টানা ১৪ বছর। সেই সঙ্গে ভারত সম্পর্কে দৃষ্টিভঙ্গি 'স্থিতিশীল' রেখেছে তারা।

উল্লেখ্য, কোনও দেশকে ঋণ দেওয়ার ক্ষেত্রে কতটা ঝুঁকি রয়েছে, তা-ই ব্যাখ্যা করা হয় মূল্যায়নের মাধ্যমে। করোনার প্রথম ঢেউয়ে গত অর্থবর্ষে ভারতের অর্থনীতি সঙ্কুচিত হয়েছিল। সেই নিচু ভিতের নিরিখে আগে চলতি অর্থবর্ষে উঁচু অঙ্কের বৃদ্ধির পূর্বাভাস দিলেও, দ্বিতীয় ঢেউ আসার পর থেকেই তা ছাঁটাই করছে রেটিং সংস্থাগুলি। কারও কারও মত, কর সংগ্রহ কমা ও খরচ বাড়ায় কেন্দ্রকে যেভাবে ধার করতে হচ্ছে, তাতে সরকারি ঋণ ছুঁতে পারে জি ডি পি-র ৯০ শতাংশ। এই অবস্থায় ওয়াকিবহাল মহলের অনেকেই মনে করছিলেন রেটিং সংস্থাগুলি মূল্যায়ন কমিয়ে দেবে। তবে বাস্তবে সেরকমটা না হওয়া কেন্দ্রের কাছে কিছুটা স্বস্তির।

এস অ্যান্ড পি অবশ্য জানিয়েছে, আর্থিক নীতি ও ঋণনীতির মাধ্যমে ঘাটতিকে নিয়ন্ত্রণে রাখার ক্ষমতা রয়েছে ভারতের। তবে অর্থনীতিকে ঘুরিয়ে দাঁড় করাতে গেলে সংস্কার, লগ্নি ও কর্মসংস্থানে গতি আনতে হবে। কিন্তু সেই অবস্থা কতদিনে তৈরি হবে, সে প্রশ্নই উদ্বেগ বাড়াচ্ছে সংশ্লিষ্ট মহলের।

চড়া মূল্যবৃদ্ধি, অস্বস্তি শিল্পোৎপাদনে

তেলের চড়া দামের জেরে খুচরো বাজারে মূল্যবৃদ্ধির ঝাঁজ বহালই রইল। ১২ জুলাই সরকারি পরিসংখ্যান জানিয়েছে, মে মাসের পরে জুনেও সারা দেশে খুচরো মূল্যবৃদ্ধির হার রিজার্ভ ব্যাঙ্কের নির্ধারিত সহনসীমার (৪ শতাংশ) থেকে বেশি, ৬.২৬ শতাংশ। আগের মাসে ছিল ৬.৩ শতাংশ।

শুধু জ্বালানির মূল্যবৃদ্ধিই ১২.৬৮ শতাংশে উঠে গিয়েছে। জিনিসপত্রের দাম বৃদ্ধি নিয়ে এই উদ্বেগে রাশ টানতে পারেনি এ দিনই প্রকাশিত মে মাসে ২৯.৩ শতাংশ হারে শিল্পোৎপাদন বৃদ্ধির সরকারি হিসেবও। কারণ সংশ্লিষ্ট মহলের অনেকেই গত বছর একই সময় শিল্পে উৎপাদনের পরিসংখ্যান তুলে দাবি করছেন, সে বার আঁতকে ওঠার মতো সঙ্কোচন দেখেছিল অর্থনীতি, প্রায় ৩৩ শতাংশ। কারণ, লকডাউনে স্তব্ধ হয়েছিল গোটা দেশ। সেই নিচু ভিতের উপরে দাঁড়িয়ে তুলনামূলক পরিসংখ্যান দিলে, উৎপাদন যত কমই হোক বেশিই দেখাবে। ফলে অর্থনীতি ঘুরে দাঁড়ানোর লক্ষণ স্পষ্ট, অন্তত এই উৎপাদনের হার দেখে এখনই বলা যাবে না। ফলে অস্বস্তি বহাল এখানেও।

পাইকারি বাজারের মূল্যবৃদ্ধি ১২ শতাংশের উপরেই

জিনিসপত্রের চড়া দামের কারণে খুচরো বাজারে নাকাল মানুষ। সেই দুর্দশা আরও বাড়বে কি না, সেই প্রশ্ন রেখেই মে মাসের পরে জুনেও ১২ শতাংশের উপরই রইল পাইকারি বাজারে মূল্যবৃদ্ধির হার। তবে পাঁচ মাস পরে তা সামান্য কমেছে।

১৪ জুলাই প্রকাশিত সরকারি পরিসংখ্যান অনুযায়ী, জুনে

দেশে পাইকারি মূল্যবৃদ্ধির হার ১২.০৭ শতাংশ। আগের মাসে তা ছিল ১২.৯৪ শতাংশ। যদিও বিশেষজ্ঞেরা বলছেন, তিন মাস ধরে ১০ শতাংশের উপর এবং দু'মাস যাবৎ ১২ শতাংশ পার করে দাঁড়িয়ে থাকা মূল্যসূচকে উদ্বেগের কারণ থাকছেই। কারণ, তাতে খুচরো মূল্যবৃদ্ধিরও মাথা তোলার ঝুঁকি বাড়ছে। জুনে ওই হারও মে-র তুলনায় অতি সামান্য কমেছে।

কেন্দ্রীয় পরিসংখ্যান অনুসারে, গত বছরের তুলনায় এবার দেশে পেট্রল, ডিজেল, ন্যাপথা, এ টি এফের মতো জ্বালানি এবং তৈরি পণ্যের (যেমন, ধাতু, খাবার ও রাসায়নিক) দাম বৃদ্ধি পাইকারি মূল্যসূচকের এত চড়া থাকার অন্যতম কারণ। তবে প্রধান কারণ, গত বছর মার্চ থেকে লকডাউন শুরু হওয়ায় এপ্রিল-জুনে তলানিতে নেমে যাওয়া মূল্যবৃদ্ধির হার। সেই নিচু ভিতের নিরিখে হিসেব হওয়ায় এপ্রিল, মে-র মতো জুনেও পাইকারি মূল্যসূচক এত চড়া।

বৃদ্ধির হার ৮.৯ শতাংশ

গত বছর জুনে করোনাকে রুখতে গিয়ে গোটা দেশ যখন লকডাউনে ঘরবন্দি ছিল, তখন আটটি মূল পরিকাঠামো ক্ষেত্রের উৎপাদন ১২.৪ শতাংশ কমে যায়। সেই নিরিখে এ বছর জুনে উৎপাদন অল্প বাড়লেই যে বৃদ্ধির হার অনেকটা উঁচু দেখাবে, প্রত্যাশিতই ছিল। ঠিক সেটাই দেখা গেল মার্চ, এপ্রিল বা মে মাসের পরিসংখ্যানে।

৩০ জুলাই প্রকাশিত কেন্দ্রের হিসাব অনুযায়ী, জুনে দেশের আটটি মূল পরিকাঠামো ক্ষেত্রে উৎপাদন বেড়েছে ৮.৯ শতাংশ। কয়লা, প্রাকৃতিক গ্যাস, ইস্পাত ও বিদ্যুতে এই লাফ গত বারের তুলনায় চোখে পড়ার মতো। কয়লা, অশোধিত তেল, প্রাকৃতিক গ্যাস, শোধনাগারের পণ্য, সার, ইস্পাত, সিমেন্ট, বিদ্যুৎ— গত বছর জুনে এই প্রধান আটটি ক্ষেত্রই তলিয়ে গিয়েছিল সঙ্কোচনের খাদে। এবার শুধু অশোধিত তেলের উৎপাদন (-১.৮ শতাংশ) বাদে সবগুলি বৃদ্ধির বৃত্তে। সব থেকে কম বৃদ্ধির হার সারে (২ শতাংশ)। এপ্রিল-জুনেও এই আট ক্ষেত্রে বৃদ্ধির হার বিপুল, ২৫.৩ শতাংশ। গত বছর সঙ্কোচন হয়েছিল ২৩.৮ শতাংশ।

প শ্চি ম ব ঙ্গ

রাজ্য বাজেট ২০২১

৭ জুলাই বিধানসভায় বাজেট পেশ করল রাজ্য সরকার। অর্থমন্ত্রী অমিত মিত্র অসুস্থ থাকায় বাজেট পেশ করেন পরিষদীয় মন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়। কোভিডের ধাক্কায় বিপর্যস্ত অর্থনীতিতে রাজ্যের মানুষের হাতে নগদ অর্থ তুলে দেওয়াকেই বাজেটে পাখির চোখ করা হয়েছে বলে দাবি সরকারের। তাদের আরও দাবি, বিপুল ঋণের বোঝা, কর সংগ্রহ কমে যাওয়া মতো প্রতিকূলতা সত্ত্বেও সামাজিক ক্ষেত্রে ১৮,৬৫০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

অর্থমন্ত্রী অমিত মিত্রের বক্তব্য, 'যাঁরা খরচ করেন, তাঁদের হাতে টাকা দিলে চাহিদা বাড়বে। সারা পৃথিবীতে এটাই মডেল।' এই একই কথা অতীতে বারবার বলেছেন নোবেলজয়ী অর্থনীতিবিদ অভিজিৎ বিনায়ক বন্দ্যোপাধ্যায়, রিজার্ভ ব্যাঙ্কের প্রাক্তন গভর্নর রঘুরাম রাজন, আই এম এফের মুখ্য অর্থনীতিবিদ গীতা গোপীনাথ প্রমুখ। কেন্দ্র সে কথা কানে না তুললেও, রাজ্যের দাবি, সীমিত সামর্থ্যের মধ্যেও বাজেটে সেই চেষ্টা করেছে তারা।

বাজেটের বহর ২০২০-২১ সালের ২.৫৫ লক্ষ কোটি থেকে বেড়ে এবার ৩.০৮ লক্ষ কোটি টাকা হয়েছে। পাশাপাশি, অতিমারির প্রকোপের মধ্যেও আয় যথেষ্ট বাড়বে বলে মনে করছে রাজ্য। ২০১৯-২০ সালে যেখানে কেন্দ্রের অনুদান ৩০,৯৮৩ কোটি টাকা ধরা হয়েছিল, এ বার তা ৫৬,৫৮৩ কোটি। রাজ্যের নিজস্ব কর আদায়ও সে বারের ৬০,৬৬৯ কোটি থেকে বাড়িয়ে ধরা হয়েছে ৭৫,৪১৫ কোটি টাকা। আবার, ২০১৯-২০ সালে বাজার থেকে যেখানে ৫৬,৯৯২ কোটি টাকা ধার নেওয়া হয়েছিল, এবার তার সম্ভাব্য অঙ্ক বাড়িয়ে ধরা হয়েছে ৭৩,৬০৩ কোটি টাকা। মোট আয় সে বারের ১.৪২ লক্ষ কোটি টাকা থেকে বেড়ে ১.৮৬ লক্ষ কোটি টাকা হবে বলে রাজ্যের আশা। জি এস টি আদায় এবং মদ বিক্রি থেকেও আয় বাড়বে বলে মনে করছে সরকার। তবে, বিশেষজ্ঞদের একাংশের মতে, আয় বৃদ্ধির পাশাপাশি রাজ্যের মোট অভ্যন্তরীণ উৎপাদন উল্লেখযোগ্য ভাবে বাড়বে ধরে নেওয়ায় বাজেটে রাজস্ব ও রাজকোষ ঘাটতি কম দেখাচ্ছে। বাজেটের উল্লেখযোগ্য অন্যান্য বিষয়গুলি হল—

● কোভিড ব্যবস্থাপনায় ১,৮৩০ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব দেওয়া হয়েছে। তৃতীয় ঢেউয়ে শিশুরা বেশি মাত্রায় সংক্রমিত হতে পারে বলে চিকিৎসকদের আশঙ্কা। তাই বিভিন্ন মেডিক্যাল কলেজ, জেলা ও ব্লক স্তরে শিশুদের চিকিৎসা পরিকাঠামো উন্নয়নে জোর দেওয়া হয়েছে। পেডিয়াট্রিক ইন্টেন্সিভ কেয়ার ইউনিট, নিয়োনেটাল ইন্টেন্সিভ কেয়ার ইউনিট, এস এন সি ইউ, এইচ ডি ইউ-এ শয্যাসংখ্যা বাড়ানোর প্রস্তাব করা হয়েছে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগে মোট ১৬,৩৬৮.৩৮ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব রয়েছে বাজেটে। মুখ্যমন্ত্রী জানান, স্বাস্থ্যসাথী খাতে ১,৯৭০ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব দেওয়া হয়েছে।

● শিক্ষা ক্ষেত্রে বরাদ্দের পরিমাণ প্রায় ৪০ হাজার কোটি টাকা। রাজ্য বাজেটে জানানো হয়েছে, ২০২১-২২ শিক্ষাবর্ষে স্কুলশিক্ষা বিভাগের জন্য ব্যয় বরাদ্দ করা হয়েছে ৩৫,১৭০.৬৭ কোটি টাকা। উচ্চশিক্ষায় বরাদ্দ ৫,১৪৩.০৫ কোটি টাকা।

● সদ্য চালু হওয়া স্টুডেন্টস ক্রেডিট কার্ড বা ছাত্র-ঋণ কার্ডেরও উল্লেখ করা হয়েছে বাজেটে। বলা হয়েছে, ছাত্রছাত্রীদের সুবিধার্থে সরকার গত ৩০ জুন ওই প্রকল্প চালু করেছে। এর মাধ্যমে নামমাত্র সুদে এক-এক জন পড়ুয়া ১০ লক্ষ টাকা পর্যন্ত ঋণ পাবেন।

● কর্মসংস্থান ও বিনিয়োগের সম্ভাবনার বিষয়ে একাধিক আশার কথা রয়েছে বাজেটে। আগামী পাঁচ বছরে বঙ্গে ১.৫ কোটি নতুন কাজ তৈরি হওয়া নিয়ে আশাবাদী রাজ্য। অবশ্য দেড় কোটি কর্মসংস্থানের কথা গত ফেব্রুয়ারিতে অন্তর্বর্তী বাজেট পেশ করতে গিয়েই বলেছিলেন মুখ্যমন্ত্রী। এ দিন বাজেটে সেই প্রতিশ্রুতি পালনের দায়বদ্ধতার বার্তাই দেওয়া হয়েছে। যেসব প্রকল্পের হাত ধরে কর্মসংস্থানের লক্ষ্যমাত্রা পূরণ হবে বলে মনে করা হচ্ছে, সেগুলির মধ্যে রয়েছে— বানতলা চর্মনগরীতে ৩০ হাজার কোটি টাকার লগ্নি, ডেউচা পাঁচামির কয়লাখনিতে ২০ হাজার কোটি টাকা বিনিয়োগ (দুই প্রকল্প মিলিয়ে কর্মসংস্থান প্রায় ৬.৫ লক্ষ), পুরুলিয়ার রঘুনাথপুরে ৭২ হাজার কোটি টাকা লগ্নি (কর্মসংস্থানের সম্ভাবনা প্রায় ২.৫ লক্ষ), সিলিকন ভ্যালির তথ্যপ্রযুক্তি শিল্পে ১১,৩১৭ কোটি টাকার বিনিয়োগ।

● দেশের তুলনায় রাজ্যের অর্থনীতির ভিত যে মজবুত তা এদিন বোঝানোর চেষ্টা করেছে রাজ্য। দাবি, দেশে বৃদ্ধির হার গত অর্থবর্ষে যেখানে (-)৭.৭ শতাংশ, সেখানে রাজ্যে তা ১.২ শতাংশ। রাজস্ব ঘাটতি ২.৫৪ শতাংশ (দেশে ৭.৫ শতাংশ)। রাজকোষ ঘাটতিও ৩.৮৬ শতাংশ। দেশের তুলনায় ঢের কম।

খে লা ধু লো

উইম্বলডন জিতলেন বার্টি ও জকোভিচ

উইম্বলডন গ্র্যান্ড স্লাম টেনিস প্রতিযোগিতা জিতলেন অস্ট্রেলিয়ার অ্যাশলে বার্টি এবং সার্বিয়ার নোভাক জকোভিচ। কেরিয়ারের দ্বিতীয় গ্র্যান্ড স্লাম জিতলেন বার্টি। আর জকোভিচ কেরিয়ারের ২০তম খেতাব জিতে পুরুষদের মধ্যে সর্বাধিক গ্র্যান্ড স্লাম জয়ের তালিকায় রজার ফেডেরার ও রাফায়েল নাদালের সঙ্গে একই সারিতে উঠে এলেন।

১০ জুলাই মহিলা সিঙ্গলসের ফাইনালে বার্টি চেক রিপাবলিকের ক্যারোলিনা প্লিসকোভাকে ৬-৩, ৬-৭(৪-৭) , ৬-৩ সেটে হারালেন। জয়ের পর বিশ্ব র‍্যাঙ্কিংয়ে শীর্ষে থাকা বার্টির প্রতিক্রিয়া, 'এই সাফল্য আমার কাছে অবিশ্বাস্য।' এর আগে ২০১৯ সালে ফরাসি ওপেন জেতেন বার্টি। প্রসঙ্গত, প্রথম অস্ট্রেলীয় মহিলা হিসেবে ৪১ বছর পর উইম্বলডন খেতাব জিতলেন বার্টি। পাশাপাশি, বার্টি ও প্লিসকোভা— দু'জনই এই প্রথম উইম্বলডন ফাইনাল খেললেন। ১৯৭৭ সালের পরে এ রকম ঘটনা অল ইংল্যান্ডে প্রথম বার ঘটল।

অন্যদিকে, ১১ জুলাই পুরুষদের সিঙ্গলসের ফাইনালে ইতালির মাত্তেয়ো বেরেত্তিনিকে ৬-৭(৪-৭), ৬-৪, ৬-৪, ৬-৩ ফলাফলে হারালেন নোভাক জকোভিচ। এদিন জকোভিচ শুধু কেরিয়ারের ছ'নম্বর (সুইৎজারল্যান্ডের রজার ফেডেরার ৮ বার ও স্পেনের পিট সাম্প্রাস ৭ বার) উইম্বলডন ট্রফিই জিতলেন না, সর্বাধিক ২০টি গ্র্যান্ড স্লাম (অস্ট্রেলিয়ান ওপেন ৯ বার, ফরাসি ওপেন ২ বার, উইম্বলডন ৬ বার, ইউ এস ওপেন ৩ বার) জয় করে ফেডেরার ও নাদালের পাশে উঠে এলেন। তবে আরও বড় ইতিহাস গড়ার হাতছানি তাঁর সামনে। যুক্তরাষ্ট্র ওপেন জিতে এক মরসুমে চারটি গ্র্যান্ড স্লাম জয়ের নজির অর্থাৎ ক্যালেন্ডার স্লাম স্পর্শ করা। এ কৃতিত্ব ওপেন যুগে শুধুমাত্র রড লেভারের দখলে রয়েছে।

এক নজরে অন্যান্য খেতাব

● **পুরুষ ডাবলস:** ক্রোয়েশিয়ার নিকোলা মেকটিচ ও মেট প্যাভিচ জুটি ৪-৬, ৭-৬(৭-৫), ২-৬, ৭-৫ ফলাফলে হারালেন স্পেনের মার্সেল গ্রানোলার্স ও আর্জেন্তিনার হোরাশিও জেবালোস জুটিকে।

● **মহিলা ডাবলস:** চিনা তাইপেইয়ের শিয়ে সু-ওয়েই ও বেলজিয়ামের এলাইসে মার্টেন্স জুটি ৩-৬, ৭-৫, ৯-৭ ফলাফলে হারালেন রাশিয়ার ভেরোনিকা কুদেরমোটেভা ও এলিনা ভেসনিনা জুটিকে।

● **মিক্সড ডাবলস:** গ্রেট ব্রিটেনের নিল স্কুপস্কি ও আমেরিকার ডেজিরায়ে ক্রজিক জুটি ৬-২, ৭-৬(৭-১) ফলাফলে হারালেন গ্রেট ব্রিটেনের জো স্যালিসবারি ও হ্যারিয়েট ডার্ট জুটিকে।

● **বয়েজ সিঙ্গলস:** আমেরিকার সমীর ব্যানার্জি ৭-৫, ৬-৩ ফলাফলে হারালেন স্বদেশীয় ভিক্টর লিলভকে।

● **গার্লস সিঙ্গলস:** স্পেনের অ্যানি ওল্মো ২-৬, ৬-৪, ৬-১ ফলাফলে হারালেন জার্মানির নাস্তাজা শ্যাঙ্ককে।

কোপা আমেরিকা জিতল আর্জেন্তিনা

২৮ বছরের অপেক্ষার অবসান আর্জেন্তিনার। ১০ জুলাই ব্রাজিলের মারকানায় চিরপ্রতিদ্বন্দ্বী ব্রাজিলের বিরুদ্ধে ১-০ গোলে জিতে ১৫তম কোপা আমেরিকা জিতল আর্জেন্তিনা। ম্যাচের ২২ মিনিটের মাথায় ম্যাচের একমাত্র গোলটি করেন অ্যাঞ্জেল দি মারিয়া।

দিয়েগো মারাদোনা ১৯৮৬ সালে আর্জেন্তিনাকে বিশ্বসেরা করলেও কোপা আমেরিকায় চ্যাম্পিয়ন করতে পারেননি, পারলেন আর-এক কিংবদন্তি লিওনেল মেসি। ২০১৬-তে এই কোপা আমেরিকার ফাইনালেই চিলির বিরুদ্ধে হারের পর জাতীয় দল থেকে অবসর নেওয়ার কথা ঘোষণা করেছিলেন হতাশ মেসি। ক্লাবের হয়ে বহু ট্রফি, সর্বাধিক বার ব্যালন ডি'অর জয় সত্ত্বেও দেশের জার্সিতে কোনও ট্রফি না থাকায় মেসির শ্রেষ্ঠত্ব নিয়ে অনেক সমালোচকই ভ্রু কুঁচকোতেন। এবার কোপায় যেন সেসবেরই যোগ্য জবাব দিলেন মেসি। প্রতিযোগিতার সেরা খেলোয়াড় নির্বাচিত হলেন তিনি। ৪টি গোল করে কলম্বিয়ার লুইস ডিয়াজের সঙ্গে যুগ্ম ভাবে প্রতিযোগিতার সর্বাধিক গোলদাতাও হলেন।

শেষ বার ১৯৮৯ সালে কোপা আমেরিকা ট্রফি জিতেছিল আর্জেন্তিনা। প্রতিযোগিতার সেরা গোলকিপার নির্বাচিত হলেন আর্জেন্তিনারই ইমিলিয়ানো মার্তিনেজ। ফেয়ার প্লে অ্যাওয়ার্ড পেল ব্রাজিল।

ইউরো কাপ জিতল ইতালি

দুর্দান্ত সুযোগ পেয়েও প্রথম বার ইউরো চ্যাম্পিয়ন হওয়া হল না ইংল্যান্ডের। দ্বিতীয় বার খেতাব জিতে নিল ইতালি।

১১ জুলাই ইউরো ফাইনালে, ম্যাচের ২ মিনিটের মাথায় লিউক শ-র গোলে এগিয়ে যায় ইংল্যান্ড। ৬৭ মিনিটে লিওনার্দো বোনুচ্চির গোলে ম্যাচে সমতা ফেরায় ইতালি। নির্ধারিত সময়ে ম্যাচের মীমাংসা না হওয়ায় ম্যাচ গড়ায় টাইব্রেকারে। কিন্তু গোলকিপার জিয়ানলুইজি ডোনারুমার দক্ষতায় টাইব্রেকার ৩-২ গোলে জিতে ট্রফি জেতে ইতালি। ইংল্যান্ডের হয়ে হ্যারি কেন ও জেকব ম্যাগুয়েরে গোল করলেও ডোনারুমা পর পর রুখে দেন মারকাস র‍্যাশফোর্ড, জ্যাডন স্যাঞ্চো ও বুকায়ো সাকার শট। অন্যদিকে, ইতালির আঁদ্রে বেলোত্তি ও জর্জিনহো গোল করতে ব্যর্থ হলেও জালে বল জড়াতে ভুল করেননি ডমেনিকো বেরার্ডি, লিওনার্দো বোনুচ্চি ও ফেডেরিকো বার্নার্দেশি।

উল্লেখ্য, চার বছর আগে বিশ্বকাপের মূল পর্বে যাওয়ার যোগ্যতাই অর্জন করতে পারেনি ইতালি। চার বছর পরে সেই দলেরই ইউরো জয়ে হতবাক ফুটবল-বিশ্ব। বিশেষজ্ঞদের মতে, রবের্তো মানচিনির কোচিংয়েই ঘটেছে ইতালির ফুটবলের নবজাগরণ। রক্ষণাত্মক খেলা ছেড়ে আক্রমণ ও রক্ষণের ভারসাম্য বজায় রেখে সম্পূর্ণ অন্য এক ঘরানার ফুটবল খেলেছে তারা।

প্রতিযোগিতার সেরা খেলোয়াড় নির্বাচিত হয়েছেন ডোনারুমা। ৫টি গোল করে যুগ্ম ভাবে সর্বাধিক গোলদাতা হয়েছেন পর্তুগালের ক্রিশ্চিয়ানো রোনাল্ডো ও চেক রিপাবলিকের প্যাট্রিক শিক। প্রতিযোগিতার সেরা তরুণ ফুটবলার নির্বাচিত হয়েছেন স্পেনের পেড্রো লোপেজ।

শ্রীলঙ্কা সফরে ভারত

শ্রীলঙ্কা সফরে গিয়ে তিন ম্যাচের ওয়ান ডে সিরিজ এবং তিন ম্যাচের টি-টোয়েন্টি সিরিজ খেলল ভারত। ওয়ান ডে সিরিজ ২-১ ফলাফলে জিতলেও টি-টোয়েন্টি সিরিজে ২-১ ফলাফলে পরাজিত হল ভারতীয় দল। এই ওয়ান ডে সিরিজ দিয়েই ২০২০-২৩ ক্রিকেট ওয়ার্ল্ড কাপ সুপার লিগেরও উদ্বোধন ঘটল।

এই সিরিজ হওয়ার কথা ছিল গত বছর জুনে। কিন্তু করোনার কারণে তা পিছিয়ে এ বছরের জুলাইয়ে আয়োজিত হয়। ওয়ান ডে সিরিজের সর্বোচ্চ রান সংগ্রাহক হয়েছেন শ্রীলঙ্কার আবিষ্কা ফার্নান্দো (১৫৯) এবং সর্বাধিক উইকেট সংগ্রাহক যুজবেন্দ্র চহাল (৫)। টি-টোয়েন্টি সিরিজের সর্বোচ্চ রান সংগ্রাহক হয়েছেন শিখর ধাওয়ান (৮৬) এবং সর্বাধিক উইকেট প্রাপক শ্রীলঙ্কার ওয়াহিন্দু

হাসরঙ্গা (৭)।

এক নজরে ফলাফল

ওয়ান ডে সিরিজ

● **প্রথম ম্যাচ:** শ্রীলঙ্কা ২৬২/৯। ভারত ২৬৩/৩ (৩৬.৪ ওভার)। **খেলার ফল**ঃ ৭ উইকেটে ভারতের জয়। **ম্যাচের সেরা:** পৃথ্বী শ (২৪ বলে ৪৩ রান)।

● **দ্বিতীয় ম্যাচ:** শ্রীলঙ্কা ২৭৫/৯। শ্রীলঙ্কা ২৭৭/৭ (৪৯.১ ওভার)। **খেলার ফল:** ৩ উইকেটে ভারতের জয়। **ম্যাচের সেরা:** দীপক চহার (৫৩ রানে ২ উইকেটে এবং ৮২ বলে অপরাজিত ৬৯)।

● **তৃতীয় ম্যাচ:** ভারত ২২৫ (৪৩.১ ওভার)। শ্রীলঙ্কা ২২৭/৭ (৩৯ ওভার)। **খেলার ফল:** ডার্কওয়ার্থ লিউয়িস পদ্ধতিতে ৩ উইকেটে শ্রীলঙ্কার জয়। **ম্যাচের সেরা:** আবিষ্কা ফার্নান্দো (৯৮ বলে ৭৬)।

সিরিজের সেরা: সূর্যকুমার যাদব।

টি-টোয়েন্টি সিরিজ

● **প্রথম ম্যাচ:** ভারত ১৬৪/৫। শ্রীলঙ্কা ১২৬ (১৮.৩ ওভার)। **খেলার ফল:** ৩৮ রানে ভারতের জয়। **ম্যাচের সেরা:** ভুবনেশ্বর কুমার (২২ রানে ৪ উইকেট)।

● **দ্বিতীয় ম্যাচ:** ভারত ১৩২/৫। শ্রীলঙ্কা ১৩৩/৬ (১৯.৪ ওভার)। **খেলার ফল:** ৪ উইকেটে শ্রীলঙ্কার জয়। **ম্যাচের সেরা:** ধনঞ্জয় ডি সিলভা (৩৪ বলে অপরাজিত ৪০)।

● **তৃতীয় ম্যাচ:** ভারত ৮১/৮। শ্রীলঙ্কা ৮২/৩ (১৪.৩ ওভার)। **খেলার ফল:** ৭ উইকেটে শ্রীলঙ্কার জয়। **ম্যাচের সেরা:** ওয়াহিন্দু হাসরঙ্গা (৯ রানে ৪ উইকেট)।

সিরিজের সেরা: বিরাট কোহলি।

শুরু হয়ে গেল টোকিয়ো অলিম্পিক

২৩ জুলাই টোকিয়োয় শুরু হল বহু প্রতীক্ষিত অলিম্পিক্স। স্থানীয় সময় রাত আটটায় জাপান ন্যাশনাল স্টেডিয়ামে শুরু হয় উদ্বোধনী অনুষ্ঠান। স্টেডিয়ামে সাধারণ দর্শকদের প্রবেশাধিকার ছিল না। অতিথি, আয়োজক, জাপানের রাষ্ট্রনায়ক, প্রশাসনিক কর্তা ও সাংবাদিক মিলিয়ে দর্শকের আসনে উপস্থিত ছিলেন মাত্র ৯৫০ জন। জাপানের বিভিন্ন প্রান্তে লাফিয়ে বাড়ছে করোনা আক্রান্তের সংখ্যা, এই পরিস্থিতিতে অলিম্পিক্স বাতিলের জন্য স্টেডিয়ামের বাইরে বিক্ষোভ দেখাচ্ছিলেন কিছু মানুষ। সেই কারণেই অনুষ্ঠান বেশি দীর্ঘায়িত করা হয়নি।

১৯৬৪-র টোকিয়ো অলিম্পিক্সের সময় জাপান বিভিন্ন দেশের অ্যাথলিটদের কাছে আবেদন করেছিল গাছের বীজ আনতে। যাতে সে দেশে নানা নতুন প্রজাতির গাছ জন্মাতে পারে। সেই সময় বিভিন্ন দেশ থেকে আসা পাইন, স্প্রুসের কাঠ থেকে তৈরি হয়েছে এবারের অলিম্পিকের পাঁচটি কাঠের রিং।

মশাল প্রজ্জ্বলন করে অলিম্পিক্সের আনুষ্ঠানিক উদ্বোধন করেন টেনিস তারকা নাওমি ওসাকা। ভারতীয় অ্যাথলিটরাও উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। নেতৃত্বে ছিলেন ভারতীয় হকি দলের অধিনায়ক মনপ্রীত সিংহ সাঁধু এবং বক্সার মেরি কম। এ বছর ১২০ জন অ্যাথলিট ১৮টি স্পোর্টসে ভারতের প্রতিনিধিত্ব করবেন।

২৪ জুলাই ৪৯ কেজি ভারোত্তলন ক্যাটেগরিতে ২০২ কেজি ওজন তুলে রুপো জেতেন ভারতের সাইখোম মীরাবাই চানু। এই ইভেন্টে সোনা জেতেন চিনের হাউ ঝিউয়ি। রাজীব খেলরত্ন ও পদ্মশ্রী জয়ী ২৬ বছর বয়সি অ্যাথলিট জয়ের পর বলেন, 'আমি শুধু মণিপুরের নই, আমি পুরো দেশের। আশা করব, আমার এই সাফল্য দেশের মেয়েদের মধ্যে একটা পরিবর্তন আনবে। আরও বেশি করে মেয়েরা ভারোত্তলনে আসবে। অলিম্পিক্সে যোগ দেবে।' চানুকে শুভেচ্ছা জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

উল্লেখ্য, ২০১৬-র রিও অলিম্পিকে চানুই প্রথম প্রচেষ্টায় ওজন তুলতে না পেরে প্রতিযোগিতা থেকে ছিটকে গিয়ে কান্নায় ভেঙে পড়েছিলেন। কিন্তু পরের বছরই ঘুরে দাঁড়ান তিনি। বিশ্ব চ্যাম্পিয়নশিপ এবং কমনওয়েলথ গেমসেও সোনা জেতেন। এদিন ২১০ কেজি তুললেই সোনা জিততে পারতেন তিনি। কিন্তু স্ন্যাচে ৮৭ কেজি এবং ক্লিন অ্যান্ড জার্কে ১১৫ কেজি অর্থাৎ মোট ২০২ কেজি তোলেন চানু। প্রসঙ্গত, ২১ বছর আগে, ২০০০ সালে দেশের প্রথম মহিলা ক্রীড়াবিদ হিসেবে অলিম্পিকে প্রথম মেডেল পেয়েছিলেন ভারোত্তলক কর্ণম মালেশ্বরী।

প্রয়াত যশপাল শর্মা

হৃদরোগে আক্রান্ত হয়ে ১৩ জুলাই দিল্লির বাড়িতে প্রয়াত হলেন ১৯৮৩-র বিশ্বকাপজয়ী ভারতীয় দলের সদস্য যশপাল শর্মা। বয়স হয়েছিল ৬৬ বছর। তিরাশির ভারতীয় দলের মাঝের সারিতে গুরুত্বপূর্ণ ব্যাটসম্যান ও দক্ষ ফিল্ডার ছিলেন তিনি। পরবর্তী কালে প্রশিক্ষক, আম্পায়ার, জাতীয় নির্বাচক, ধারাভাষ্যকার হিসেবেও দায়িত্ব পালন করেছেন।

ভারতের হয়ে ৩৭ টেস্টে যশপালের রান ১,৬০৬। শতরান দু'টি। ৪২টি ওয়ান ডে খেলে করেছেন ৮৮৩ রান। দু'ধরনের আন্তর্জাতিক ক্রিকেটেই একটি করে উইকেট পেয়েছেন। রঞ্জি ট্রফিতে পাঞ্জাব, হরিয়ানা ও রেলের হয়ে খেলে ১৬০ ম্যাচে তাঁর রান ৮,৯৩৩। শতরান ২১টি। সর্বোচ্চ অপরাজিত ২০১।

ভারতীয় ক্রিকেটে যশপাল পরিচিত ছিলেন সাহসী যোদ্ধা হিসেবে। তিরাশির বিশ্বকাপ সেমিফাইনালে ইংল্যান্ডের বিরুদ্ধে বব উইলিস, ইয়ান বোথামদের কোণঠাসা করে তাঁর ম্যাচ জেতানো ৬১ রানের ইনিংস এখনও ক্রিকেটপ্রেমীদের স্মৃতিতে উজ্জ্বল। সেই বিশ্বকাপের প্রথম ম্যাচেও বিশ্বজয়ী ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে ৭৬ রানে ভারতের তিন উইকেট পড়ে গিয়েছিল। মাইকেল হোল্ডিং, ম্যালকম মার্শাল, অ্যান্ডি রবার্টস, জোয়েল গার্নারদের বিরুদ্ধে ৮৯ রান করে ম্যাচের সেরা হন যশপাল। ম্যাঞ্চেস্টারে ৩৪ রানে সেই ম্যাচ জেতে ভারত।

যশপাল শর্মার মৃত্যুতে শোকপ্রকাশ করেছেন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, ভারতীয় ক্রিকেট বোর্ডের প্রেসিডেন্ট সৌরভ গঙ্গোপাধ্যায়, ভারতীয় দলের কোচ রবি শাস্ত্রী, ভারতীয় দলে যশপাল শর্মার সতীর্থ কপিল দেব, দিলীপ বেঙ্গসরকার, কীর্তি আজাদ প্রমুখ।

বি জ্ঞা ন

উষ্ণায়নে ১২০০ জলাশয় আল্পসে

উষ্ণায়নের আঁচ সুইস আল্পসেও। সদ্য প্রকাশিত এক গবেষণায় দেখা যাচ্ছে, ১৮৫০ থেকে ২০১৬ সাল পর্যন্ত হিমবাহের দ্রুত গলনের ফলে সুইস আল্পসের কাছে তৈরি হয়েছে নতুন ১,২০০টি জলাশয়।

সুইস ফেডারেল ইনস্টিটিউট অব অ্যাকোয়াটিক সায়েন্স অ্যান্ড টেকনোলজি যে-গবেষণা চালিয়েছিল, তার রিপোর্ট ১৮ জুলাই প্রকাশিত হয়েছে। শুরুতে গবেষকদের অনুমান ছিল, হিমবাহ গলনের জেরে উদ্ভূত জলাশয়ের সংখ্যা হয়তো কয়েকশোর মধ্যেই সীমাবদ্ধ থাকবে। সংখ্যাটা হাজার পেরিয়েছে দেখে চমকে গিয়েছেন তাঁরা। গবেষকদলটির প্রধান ড্যানিয়েল ওডারম্যাট জানিয়েছেন, শুধু গত দশকেই তৈরি হয়েছে ১৮০টি জলাশয়। ধারাবাহিক ভাবে সুইস আল্পসের হিমবাহ গলনের বিষয়টি তুলে ধরেছে সুইস অ্যাকাডেমিকস অব সায়েন্সও। তাদের প্রকাশিত বার্ষিক সমীক্ষার ফলাফলে দেখা গিয়েছে, শুধু গত এক বছরে হিমবাহের আয়তন সঙ্কুচিত হয়েছে দুই শতাংশ। এ ভাবেই যদি চলতে থাকে, তা হলে পরিস্থিতি কতটা ভয়াবহ হতে চলেছে, ভেবে শিউরে উঠেছেন পরিবেশবিদরা। কেন না, হিমবাহ গলে যাওয়ার ফলে এক দিকে যেমন সমুদ্রের জলস্তর বৃদ্ধি পাবে, তার সঙ্গে বহু উপকূলবর্তী অঞ্চল এবং দ্বীপ তলিয়ে যাবে। সুইস ফেডারেল ইনস্টিটিউট অব অ্যাকোয়াটিক সায়েন্স অ্যান্ড টেকনোলজির মূল্যায়নে দেখা যাচ্ছে, সুইস আল্পসে হিম-গলনে উদ্ভূত জলাশয় তৈরির বিষয়টা ১৯৪৬ সাল থেকে ১৯৭৩ সালের মধ্যে ব্যাপক বৃদ্ধি পেয়েছিল। সেই সময়ে প্রতি বছর গড়ে আটটি করে জলাশয় তৈরি হচ্ছিল। তার পরে তা কিছুটা কমে। কিন্তু ২০০৬ থেকে ২০১৬-র মধ্যে বছরে গড়ে ১৮টি জলাশয় তৈরি হতে থাকে।

কে কী বলেছেন*

আমি সব সময় বলি ভারত আমার বাড়ি। আমি তিব্বতে জন্মেছি। কিন্তু বেশিরভাগ সময়টা কাটিয়েছি এই দেশে। ভারতের অতিথি হতে পেরে গর্বিত। আমার মনে হয় আমি ভারত সরকারের সবচেয়ে দীর্ঘদিনের অতিথি। কিন্তু এই অতিথি ভারতের জন্য কোনও সমস্যা তৈরি করেনি।

দলাই লামা, *শীর্ষ তিব্বতি ধর্মগুরু*

সম্প্রতি এক ভার্চুয়াল বৈঠকে নিজেকে ভারতের অতিথি হতে পেরে গর্বিত বলে জানিয়ে

কৃষক, যুবকদের অবদমিত করে রাখা হয়েছে, ছোট ব্যবসায়ীদেরও। এই সরকার কর্মসংস্থানে ব্যর্থ। এ হল 'হাম দো, হামারা দো' সরকার। দু'তিনজন বৃহৎ শিল্পপতির সঙ্গে গাঁটছড়ার জোরে আজ টিঁকে আছেন মোদী। আর এই ব্যবস্থা টিঁকিয়ে রাখতেই তাদের অস্ত্র পেগাসাস।

রাহুল গান্ধী, *কংগ্রেস সাংসদ*

সত্য এবং বাস্তবকে দমিয়ে রাখতে মোদী সরকার ফোনে আড়িপাতার সফটওয়্যার পেগাসাসকে অস্ত্র হিসেবে ব্যবহার করছে, এই অভিযোগ তুলে

জনতার রায়ে গঠিত সরকারের নির্বাচনী বৈধতা থাকলেও সাংবিধানিক প্রতিশ্রুতি মতো তাকে প্রশ্নের মুখোমুখি হতেই হবে। সরকারের যে-কোনও ধরনের একনায়কোচিত দমনমূলক, জাতি বা ধর্মবিদ্বেষমূলক আচরণের আভাস আদতে সাংবিধানিক ঐতিহ্যকে বিধ্বস্ত করে।

ডি ওয়াই চন্দ্রচূড়, *সুপ্রিম কোর্টের বিচারপতি*

সরকারের যে-কোনও কাজ, ভুল কাজ বা নিষ্ক্রিয়তা সংবিধান সাপেক্ষে বিচার হওয়া উচিত বলে মন্তব্য করে

একটি দিন আসবে, যেদিন রাষ্ট্রপুঞ্জের গৃহীত প্রস্তাব মেনে কাশ্মীরের জনগণই সিদ্ধান্ত নেবেন, তাঁরা পাকিস্তানের সঙ্গে থাকতে চান কি না। তাঁরা যদি স্বাধীন রাষ্ট্র চান, তা হলে তা জানতে পাকিস্তান সরকারও গণভোটের আয়োজন করবে।

ইমরান খান, *পাকিস্তানের প্রধানমন্ত্রী*

পাক অধিকৃত কাশ্মীরের এক জনসভায়, নিজেদের পুরনো নীতি থেকে কিছুটা সরে এসে কাশ্মীরি জনতার ইচ্ছাকে গুরুত্ব দেওয়ার কথা জানিয়ে

এখন ভারতে মুদ্রাস্ফীতি ত্রিশ বছরে সর্বোচ্চ। এর কারণ জ্বালানির দাম বৃদ্ধি, যা আন্তর্জাতিক দামের সঙ্গে সম্পর্কিত নয়। ভারতীয় মূল্যের ৫৬ শতাংশই কর। এই নীতি ভুল।

কৌশিক বসু, *বিশিষ্ট অর্থনীতিবিদ*

দেশে মুদ্রাস্ফীতি প্রসঙ্গে

প্রেসিডেন্টের অনেক বড় বড় ভাবনা ছিল। কিন্তু কাজ করে দেখাতে পারলেন না। পরিকল্পনার অভাব আর প্রেসিডেন্টের উপদেষ্টাদের গাফিলতি এই পরিস্থিতি ডেকে আনল।

আজমল আহমদি, *আফগান সেন্ট্রাল ব্যাঙ্কের ভারপ্রাপ্ত গভর্নর*

আফগান সরকারের পতনের পর গদিচ্যুত প্রেসিডেন্ট আশরফ গনির সমালোচনা করে, কাবুল ছেড়ে কোনও গোপন আশ্রয় থেকে দেওয়া বার্তা

সরকারের কাছে আমার অনুরোধ, বিরোধীদের পরামর্শ গ্রহণ করুন। তাড়াহুড়ো করবেন না। নিজেদের আচরণ ও মনোভাব বদলে ফেলুন, তা না হলে বাংলায় যা হয়েছে তা গোটা দেশে হবে।

ডেরেক ও'ব্রায়েন, *তৃণমূল কংগ্রেসের রাজ্যসভার দলনেতা*

সরকার বনাম বিরোধী শিবিরের তুমুল সংঘাত প্রসঙ্গে

সরকারের এখন আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য টাকা বরাদ্দ করা উচিত। সেন্ট্রাল ভিস্তা, বুলেট ট্রেনের মতো প্রকল্প পরেও হতে পারে। দরকারে ওই বরাদ্দ থেকে ২৫ শতাংশ কাটা হোক।

পি চিদাম্বরম, *প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী ও বর্ষীয়ান কংগ্রেস নেতা*

দেশে ক্রীড়াক্ষেত্রে অর্থবরাদ্দ প্রসঙ্গে

আরশাদ (নাদিম) এশিয়ান গেমসে আমাদের একসঙ্গে খেলার একটি ছবি দিয়েছিল, পাকিস্তানে সেটি ভাইরাল হয়। তাঁর ভক্তরা দু'দেশের খেলোয়াড় এক সঙ্গে দেখে খুশি হয়েছিলেন।

নীরজ চোপড়া, *অলিম্পিকে সোনাজয়ী জ্যাভলিন থ্রোয়ার*

ভারত-পাকিস্তান সম্পর্ক প্রসঙ্গে

আমার অলিম্পিক পদক জেতার স্বপ্ন সত্যি হল। এই পদক আমি দেশকে উৎসর্গ করছি। ধন্যবাদ জানাচ্ছি, সেই কোটি কোটি প্রার্থনাকে, যেগুলো আমার এই লড়াইয়ে সঙ্গী ছিল।

মীরাবাঈ চানু, *অলিম্পিকে রুপোজয়ী*

টোকিও অলিম্পিক উদ্বোধনের পরের দিনই ভারোত্তোলনে রুপো জিতে

সংবাদ নিবন্ধ

*আফগানিস্তানে ফের তালিবান

কৌশিক বন্দ্যোপাধ্যায়

১৫ই অগস্ট যখন এ দেশে আমরা ৭৫তম স্বাধীনতা দিবসের পতাকা উত্তোলনের তোড়জোড় করছি, তখন মধ্য এশিয়ায় আমাদের পড়শি দেশ আফগানিস্তান প্রচুর রক্তক্ষয় ঘটিয়ে ফের তালিবানদের পদানত হচ্ছে। আফগানিস্তানে তালিবানরা বিদেশি শক্তি নয় যদিও, তবে বিদেশি মদতপুষ্ট, সংকীর্ণ ধর্মীয় মানসিকতার, সন্ত্রাসবাদে আস্থাশীল অশুভ শক্তি নিশ্চয়ই। অতীতে যখন আফগানিস্তান তালিবান শাসনে ছিল তখন তো বটেই, যখন প্রত্যক্ষ ভাবে তারা শাসক নয়, সেসময়েও আফগান জনজীবনে তাদের ব্যাপক প্রভাব ছিল এবং সব ক্ষেত্রেই তারা ছিল সীমাহীন নৈরাজ্যের প্রতিভূ। ইসলামি মৌলবাদ আর সন্ত্রাসবাদ তাদের আদর্শ ও বিশ্বাসের দুই প্রধান অভিমুখ। প্রথম থেকেই ইসলামি শরিয়তি আইন প্রতিষ্ঠা তাদের মূল লক্ষ্য। তাদের সংকীর্ণ দৃষ্টিভঙ্গিতে মহিলাদের জীবনচর্যা কার্যত ঘরের চার দেয়ালের মধ্যে বন্দি। এক অনাধুনিক বিষাক্ত পুরুষতন্ত্র সাবেকি তালিবানদের প্রধান চালিকাশক্তি বলা চলে।

ধর্মান্ধতা আর হিংসা যখন এক জায়গায় এসে মেশে তখন সেই শক্তিকে ভয় পাওয়ার যথেষ্ট কারণ থাকে বই কি! আমরা তাই দেখলাম, দেশের প্রেসিডেন্ট আশরাফ গনি কাবুল পতনের খবর পেয়েই দেশ ছেড়ে পালালেন। রানওয়ে ধরে দু'দিন পর লক্ষ লক্ষ সাধারণ আফগানকে প্রাণভয়ে ছুটতে দেখা গেল কোনওক্রমে মার্কিন সামরিক বিমানে একটু জায়গা পাওয়ার জন্য। ভিতরে জায়গা না পেয়ে অনেকে বিমানের চাকার উপর সেঁধিয়ে দিলেন নিজেদের আর মাঝ-আকাশ থেকে খসে পড়ে ছিন্নভিন্ন হয়ে গেল তাঁদের শরীর। এর সবই তালিবানদের নাগাল এড়ানোর জন্য। কারণ তালিবান শাসনের বীভৎসতা এখনও তাঁদের মনে জীবন্ত। অন্যদিকে দেখা গেল, জয়ী তালিবানদের খানাপিনার মোচ্ছব বসে গিয়েছে পলাতক প্রেসিডেন্টের বিলাসবহুল প্রাসাদে। থেকে থেকে শূন্যে গুলি ছুড়ে তাদের আনন্দ প্রকাশ করতেও শোনা গেল বহু দূর থেকে।

আফগানদের যুদ্ধ ও গৃহযুদ্ধের অভিজ্ঞতা কম দিনের নয়। পর্বত ও মরুময় দেশটির গিরিকন্দরে মোড়া রুক্ষ জমিতে দ্বাদশ থেকে ষোলোশো শতক পর্যন্ত ছুটেছে চেঙ্গিজ খান থেকে বাবরের ঘোড়া। সেই দেশই সত্তরের দশকের শেষ ভাগে আর-এক রক্ত ঝরানো অভ্যুত্থানের মধ্যে দিয়ে চলে গিয়েছিল কমিউনিস্টদের হাতে! ১৯৭৮-এর এপ্রিল মাস সেটা। তার পরের বছর থেকেই শুরু হয়ে গেল আফগানিস্তানের দীর্ঘ গৃহযুদ্ধের পরম্পরা।

১৯৭৩-এ রাজতন্ত্রের অবসানের পর ক্ষমতাসীন দাউদ

খানের সরকারকে সরিয়ে কমিউনিস্টদের এই প্রভাব বিস্তারের নেপথ্যে ছিল তৎকালীন সোভিয়েত ইউনিয়ন। আমেরিকার সঙ্গে ঠান্ডা যুদ্ধ তখন তুঙ্গে। আফগানিস্তান তার কেন্দ্র। ঠান্ডা যুদ্ধে আমেরিকার পক্ষে তখন এই গোলার্ধের পাকিস্তান,*ইরান, সৌদি আরব, চিন। মার্কিন যুক্তরাষ্ট্র যোগান দেয় অস্ত্র আর পাকিস্তান প্রশিক্ষণ দেয় আফগান মুজাহিদিন গেরিলাদের। বস্তুত সন্ত্রাসের আঁতুড়ঘর বলে আফগানিস্তানের কুখ্যাতির সূচনাও এই পর্যায়ে।

১৯৭৯-র বড়দিনে আফগানিস্তানের গৃহযুদ্ধ দমনে কাবুলে পা রাখে ত্রিশ হাজার সোভিয়েত সেনা। প্রথম দফায় বারবার কারমলকে রাষ্ট্রপ্রধানের পদে বসিয়ে প্রতিপক্ষের বিরুদ্ধে কৌশলী চালে কয়েক ধাপ এগিয়ে গেলেও, এক দশকের যুদ্ধ অমীমাংসিত রেখেই ১৯৮৯-এ কাবুল থেকে হাত গুটিয়ে নেয় সোভিয়েত সেনা। মনে করা হয় সোভিয়েত ইউনিয়ন ভেঙে পড়ার অন্যতম কারণ এই আফগান যুদ্ধ।

মুজাহিদিনরা ক্ষমতা দখল করলেও আফগানিস্তানে গৃহযুদ্ধের পরিবেশ থেকেই যায়। সেই ভস্মস্তূপ থেকেই উঠে এসেছিল আল-কায়দা, ওসামা বিন লাদেন। একুশ শতকের শুরুর বছর থেকেই উদারবাদের পৃথিবীতে সন্ত্রাসের নতুন অভিজ্ঞান নিয়ে হাজির হল সে। ১১ সেপ্টেম্বর মার্কিন টুইন টাওয়ারে তার ধ্বংসের উন্মাদনা তটস্থ করে তুলল পৃথিবীকে। মার্কিন যুক্তরাষ্ট্রের মূল লক্ষ্যই হয়ে উঠল আফগানিস্তানে আশ্রয় নেওয়া লাদেন ও তালিবানের সমূল বিনাশ। ততদিনে পাশা পালটে গিয়েছে। ১৯৯৬ থেকেই আফগানিস্তানের সম্পূর্ণ রাশ চলে গিয়েছে তালিবানের হাতে। পাকিস্তানের সেনানায়ক পারভেজ মুশারফ তখনও আফগান গৃহযুদ্ধে তালিবানকে সাহায্য করতে হাজার হাজার পাক মুজাহিদিনকে সে দেশে ঢুকিয়ে চলেছেন।

এই অবস্থায় ২০০১-এর অক্টোবরে আফগানিস্তানে ঢোকে মার্কিন সেনা। ২০০২-এ মার্কিন সেনার সঙ্গে যোগ দেয় ন্যাটো বাহিনী। তালিবানের সঙ্গে যুদ্ধ করবে, আফগান সেনাদের সমরকৌশল শেখাবে আর একই সঙ্গে দেশটির পুনর্গঠনের কাজও করবে, এই ছিল পশ্চিমী দেশগুলির পাঠানো বাহিনীর আরব্ধ কাজ। ঠান্ডা যুদ্ধের সময়কার সোভিয়েতের ভূমিকা নিল মার্কিন যুক্তরাষ্ট্র, যদিও প্রেক্ষিত ছিল আলাদা।

মার্কিন বাহিনীর সাহায্যে আফগান নেতা হামিদ কারজাই দেশের অন্তর্বর্তী প্রেসিডেন্ট নির্বাচিত হলেন। ২০০৪-এ প্রেসিডেন্ট নির্বাচন হল, নতুন সংবিধান রচিত হল, দেশের নতুন নাম হল ইসলামিক রিপাবলিক অব আফগানিস্তান। ২০১৪-র নির্বাচনে আশরফ গনি দেশের প্রেসিডেন্ট মনোনীত হলেন। বস্তুত মার্কিন সরকারেরই হাতের পুতুল হয়ে উঠলেন তিনি কালক্রমে। তেমনটা না হয়ে উপায়ও ছিল না। তাঁর পরিবার ছিল যুক্তরাষ্ট্র নিবাসী। দেশেও সরকার চালানোর জন্য অর্থের প্রয়োজনে তাঁকে মার্কিন সরকারের মুখের দিকে চেয়ে বসে থাকতে হত। ২০২০ সালের একটা হিসেব পেশ করলেই বিষয়টা বোঝা যাবে। সেই হিসাব বলছে, আশরফ গনির সরকার আদায় করা রাজস্ব থেকে মাত্র ২৬.২ কোটি ডলার (২,০০০ কোটি টাকা) খরচ করত প্রতিরক্ষা খাতে। আর আমেরিকা ওই খাতে সাহায্য করত প্রায় ৮০ হাজার কোটি টাকা।

ঘটনা পরম্পরা বলছে, আপাত ভাবে মার্কিন সেনার দাপটে খানিক আড়ালে চলে গেলেও তালিবান চুপ করে বসে ছিল না। দেশের ক্ষমতায় আসার স্বপ্ন এক প্রজন্ম থেকে অন্য প্রজন্মে পরিবাহিত হচ্ছিল মাত্র। প্রায় আড়াই হাজার মার্কিন সেনা তাদের হাতে খুন হয়েছে, পালটা প্রাণ গিয়েছে প্রায় ৫০ হাজার আফগান যুবকের। সেই সঙ্গে শান্তি আলোচনার অজুহাতে সময় কেনা আর বহির্বিশ্বের

সঙ্গে সদ্ভাব বজায় রাখার প্রচেষ্টা চালিয়ে যাচ্ছিল তালিবান নেতারা। তালিবানদের একটা মস্ত সুবিধা ছিল এই, অর্থ বা রসদের অভাব তাদের হয়নি। মার্কিন গোয়েন্দা রিপোর্ট জানাচ্ছে, ২০১৮-য় তালিবানের সম্পদের আনুমানিক পরিমাণ ছিল ৮০ কোটি ডলার (প্রায় ৬ হাজার কোটি টাকা), ২০২০-তে সেই সম্পদের পরিমাণ বেড়ে দাঁড়ায় দেড়শো কোটি ডলারে (প্রায় ১১ হাজার ১০০ কোটি টাকা)।

তালিবানের এই বিপুল সম্পদের উৎস দক্ষিণ আফগানিস্তানে তাদের দখল করা এলাকায় থাকা খনিগুলি। সেগুলি থেকে নিকেল, টাংস্টেন, মূল্যবান পাথর, সোনা-রুপো, লিথিয়াম গ্যাস উত্তোলন করে তারা। সেইসঙ্গে আফিম চাষ, ড্রাগের চোরাচালান, তোলা আদায় থেকেও প্রচুর অর্থোপার্জন করে। তার উপর পশ্চিম এশিয়ার বিভিন্ন দেশ থেকে আসা অনুদান তো আছেই। রয়েছে পাকিস্তানের থেকে আসা বিপুল অত্যাধুনিক অস্ত্র-সাহায্য।

তালিবানের এই প্রবল বাড়বাড়ন্তে পাক সরকারের অগাধ অবদান এখন স্বীকৃত সত্য। সেই সঙ্গে ঠান্ডা যুদ্ধে যে-চিন ছিল মার্কিন-সঙ্গী ক্ষুদ্র শক্তি, তারাও কালের ব্যবধানে বিপুল প্রতিস্পর্ধী হয়ে উঠে মধ্য এশিয়ায় কৌশলগত দখলদারির প্রতিযোগিতায় মার্কিন যুক্তরাষ্ট্রকে মাত করতে নেমেছে। দু'দশক পরে মার্কিন যুক্তরাষ্ট্র যখন ২০২১-এর অগস্ট মাস ফুরোনোর আগেই আফগানিস্তান থেকে সব মার্কিন সেনা প্রত্যাহার করে নিচ্ছে, তখন মধ্য এশিয়ার এই বিরাট অংশে প্রভাব বাড়ানোর সুযোগ এসেছে চিনের সামনে।

১৯৮৯-এ সোভিয়েতের হঠাৎ সেনা প্রত্যাহারের সঙ্গে মার্কিন সেনা প্রত্যাহারের মিল রয়েছে। আবার ভিয়েতনাম যুদ্ধে পশ্চাদপসরণের পর মার্কিনীদের কাছে এমন অগৌরবের ব্যাপার আর ঘটেনি, এমনও অনেকের মত। যদিও বর্তমান মার্কিন প্রেসিডেন্ট বাইডেনের যুক্তিকেও ফেলে দেওয়া যায় না। আর কত কালই বা কোনও বৈদেশিক শক্তি সামরিক সহায়তা দিয়ে যেতে পারে কোনও নির্বাচিত সরকারকে?

প্রশ্ন হল, গত দু'দশকে মার্কিন সামরিক বাহিনীর ছাতার তলায় আফগানিস্তানের নাগরিক জীবনে যে-উদার হাওয়া বইছিল, তা কি একই রকম থাকবে, নাকি হঠাৎ বাতাস বন্ধ হয়ে দম আটকানো পরিস্থিতি তৈরি হবে? তালিবানি শাসনের ইতিহাস ঘাঁটলে দ্বিতীয়টাই যে সত্যি হতে চলেছে, তা নিয়ে সন্দেহ থাকে না। বাস্তবেও ইতিমধ্যেই ব্যাঙ্ক ও অন্যান্য অফিস থেকে কর্মরত মহিলাদের হুমকি দিয়ে উৎখাত করার কথা শোনা যাচ্ছে। তাদের জন্য মাথা থেকে পায়ের পাতা অবধি ঢাকা পোশাক বাধ্যতামূলক করা হবে বলেও শোনা যাচ্ছে। ছোট মেয়েরা আর স্কুলে যেতে পারবে কিনা তা নিয়েও থেকে যাচ্ছে সংশয়। তালিবান নেতৃত্ব যদিও বোঝানোর চেষ্টা করছেন তাঁরা আধুনিক পৃথিবীর সঙ্গে তাল মিলিয়ে চলতে ও দেশকে চালাতে চান, কিন্তু সে কথা বিশ্বাস করছে না কেউ। এ ব্যাপারে তাদের নীতি এখনও স্পষ্ট নয়। বরং তালিবানি নেতাদের কেউ কেউ বলেছেন, শরিয়তি আইন মেনে চলতে পারলে মহিলারা স্বাগত। বস্তুত, পরিস্থিতি যেদিকে যাচ্ছে, তাতে হয়তো তালিবানি জমানার সেই অন্ধকার নতুন করে ফিরে আসতে চলেছে।

এ মুহূর্তে বিশ্ব-রাজনীতির সমীকরণটা খুব আকর্ষণীয়। আফগানিস্তান নিয়ে এই বিপুল টানাপড়েনের একেবারে কেন্দ্রে নতুন ভূমিকায় অবতীর্ণ হয়েছে চিন এবং পাকিস্তান। মধ্য এশিয়ায় এ দুই দেশের কূটনৈতিক সখ্য বর্তমানে বহুচর্চিত। দু'পক্ষই তালিবানি শাসনকে স্বাগত জানিয়ে বাকি বিশ্বকে বোঝাতে চেয়েছে এ এক পরিবর্তিত ও পরিমার্জিত তালিবান। বাস্তবে তালিবানকে সমর্থন করে এক ঢিলে অনেক পাখি মারতে চেয়েছে বেজিং। এশিয়ার এই অংশ থেকে পরাক্রান্ত মার্কিন শক্তির প্রভাব মুছে ফেলা যেমন চিনের একটা বড় উদ্দেশ্য, তেমনই মার্কিন সরকারের স্বঘোষিত 'বন্ধু' ভারতকে বার্তা দেওয়াও বড় লক্ষ্য। তাছাড়া চিনের সঙ্গে আফগানিস্তানের ৭৬ কিলোমিটার দীর্ঘ আন্তর্জাতিক সীমানা রয়েছে। দেশের উইঘুর মুসলিমদের সন্ত্রাসবাদী কার্যকলাপ নিয়ে উদ্বিগ্ন চিন ইতিমধ্যেই দ্বিপাক্ষিক বৈঠকে তালিবানের কাছ থেকে প্রতিশ্রুতি আদায় করেছে যে, আফগানিস্তানের মাটি চিনবিরোধী কার্যকলাপের জন্য ব্যবহার করতে দেবে না তারা। ১৯৯৬-এ যে-তালিবান সরকারকে স্বীকৃতিই দেয়নি বেজিং সেই তাদের উপরই ভর করে এই বৃহৎ এলাকা জুড়ে ব্যবসারও সম্প্রসারণ ঘটাতে চাইছে তারা। স্বাভাবিক, ১৯৯৬-এ চিনা অর্থনীতির মাপ যা ছিল, এই মুহূর্তে তা ১৭ গুণ বেড়ে ১৪ লক্ষ ৭০ হাজার কোটি ডলার হয়েছে। আমেরিকার সেনা সরে যাওয়ার মাত্র কয়েক দিনের মধ্যে তালিবান যেভাবে ৩ লক্ষ প্রশিক্ষিত আফগান সেনাকে হঠিয়ে একের পর এক শহরের পতন ঘটিয়ে ক্ষমতা দখল করল এবং মার্কিন গোয়েন্দারা কোনও পূর্বাভাসই পেলেন না, তাতে এই অভ্যুত্থানের নেপথ্যে চিনের হাত দেখতে পাচ্ছেন অনেকেই। অন্যদিকে, ভারতের উপর চাপ বাড়ানো ছাড়াও আফগান তালিবানকে সমর্থন করে পাকিস্তানের প্রত্যাশা, পাক ভূখণ্ডে তেহরিক-ই-তালিবানের দৌরাত্ম্যের উপর থেকে তালিবানের ছায়া সরে যাবে।

এখন প্রশ্ন হল, তালিবান যদি এতই বিপজ্জনক, ভয়ার্ত আফগানদের মরিয়া হয়ে পালাতে দেখে বাকি পৃথিবীরও তেমনটাই মনে হয়েছে, তাহলে তারা ক্ষমতায় ফিরল কী করে? জনসমর্থন না থাকলে এই প্রত্যাবর্তন কি আদৌ সম্ভব? এরও একটা ব্যাখ্যা পাওয়া যাচ্ছে।

দীর্ঘ দু'দশক ধরে দেশে বিদেশি সেনাবাহিনীর এই ধারাবাহিক উপস্থিতির প্রতি ক্ষুব্ধ ছিল আফগানিস্তানের সংখ্যাগুরু পাশতুন জনগোষ্ঠী। তালিবান যোদ্ধারা প্রায় সকলেই এই গোষ্ঠী থেকে উঠে আসা। শুধু এখন বলে নয় সোভিয়েত আগ্রাসনের বিরুদ্ধেও লড়েছিল পাশতুনরা। সেই একই ইতিহাসের পুনরাবৃত্তি ঘটিয়ে মার্কিন সেনা সরে যেতেই ৭০ হাজারের মতো তালিবান সেনার পাশে এসে দাঁড়িয়েছিল গ্রাম ও মফস্‌সলের দেড় লক্ষ সাধারণ পাশতুন। গিরিকন্দরময় স্থানীয় এলাকা চিনতে তাদের প্রত্যক্ষ সাহায্যও তালিবানদের কাজে লেগেছে। মার্কিন বাহিনীর পক্ষে সেই গেরিলা যুদ্ধের মোকাবিলা করা কঠিন হয়েছে।

তবে, মার্কিন বাহিনীর প্রস্থানের সঙ্গে সঙ্গে আধুনিক শিক্ষায় শিক্ষিত আফগানদের, বিশেষ করে আফগান নারীদের জীবনে যে নিঃসীম অন্ধকার নেমে এল, তার কোনও সুরাহা হবে, না বাকি পৃথিবী নির্বাক দর্শকের ভূমিকা নেবে, তা শুধু সময়ই বলতে পারবে।

বাংলাদেশের বর্তমান উন্নয়ন হার ভারতের থেকে বেশি কী ভাবে?

দেবব্রত দত্ত

উন্নতির প্রশ্নে সব সময়ই চোখ খোলা রাখতে হয় এবং অন্যান্যদের সাফল্য থেকে শিক্ষা গ্রহণ করতে হয়। অনেক দিন আগে কবি সুনির্মল বসু লিখেছিলেন, ‘বিশ্বজোড়া পাঠশালা মোর, সবার আমি ছাত্র’। সবার কাছে শিক্ষা নিলে এগিয়ে যাওয়া যায়— একথা যেমন মানুষের জন্য সত্য, তেমনই সমাজ এবং দেশের জন্যও সত্য। গত কয়েক বছর ধরে আমাদের প্রতিবেশী দেশ, বাংলাদেশ প্রশংসনীয় উন্নয়ন করে চলেছে। নীচের সারণিতে বাংলাদেশের এবং ভারতের গত কয়েক বছরের উন্নয়ন হারের উল্লেখ করা হয়েছে, বাংলাদেশের অগ্রগতির চিত্রটি এই সারণিতে স্পষ্ট।

	বাংলাদেশ	ভারত
২০১৬	৭.১	৮.২
২০১৭	৭.৬	৬.৮
২০১৮	৭.৯	৬.৫
২০১৯	৮.২	৪.০
২০২০	৫.২	৭.৯

সূত্র: ট্রেডিং ইকনমিক্স কম

বাংলাদেশের উন্নয়ন হার এই ভাবে গত কয়েক বছর ধরে ভারতের থেকে বেশি থাকায় এবং গত কয়েক বছর ভারতের উন্নয়ন হার তলানিতে ঠেকায় প্রথম বারের জন্য ২০২০ সালে বাংলাদেশের মাথাপিছু আয় ভারতের মাথাপিছু আয়কে ছাড়িয়ে যায়। বাংলাদেশের এই কৃতিত্বকে কোনও মতেই খাটো করে দেখা উচিত নয়, বরং বিশ্লেষণ করে দেখা উচিত, বাংলাদেশের এই সাফল্যকে কোন বিষয়গুলি সহায়তা করেছে। এর থেকে আমাদের অনেক কিছু শেখার আছে।

ভারত এবং বাংলাদেশকে তুলনা করলে প্রথমেই যে-বিষয়টি পরিষ্কার হয়ে যায় তা হল, ভারতের তুলনায় বাংলাদেশ প্রাকৃতিক সম্পদের দিক থেকে অনেক পিছিয়ে। বাংলাদেশে কয়লা, লোহা বা খনিজ তৈলের কোনও খনি নেই। ভারতের তুলনায় বাংলাদেশে মাথাপিছু জমির পরিমাণও কম। ভারতে জনঘনত্ব বর্তমানে বর্গ কিলোমিটার পিছু ৪৭-এর মতো, সেখানে বাংলাদেশে এই সংখ্যা ১,১১০-এর উপরে। বাংলাদেশের তুলনায় ভারতের উপকূল অনেক বেশি বিস্তৃত। ভারতে প্রাকৃতিক সৌন্দর্য এবং ঐতিহাসিক নিদর্শন বিশ্ববন্দিত এবং এর জন্য বিদেশি পর্যটকদের আকৃষ্ট করার সুযোগও ভারতের অনেক বেশি। এতদ্‌সত্ত্বেও বাংলাদেশ মাথাপিছু আয়ের দিক থেকে ভারতের তুলনায় এগিয়ে যাওয়ায়, এর কারণ অনুসন্ধান করা জরুরি।

প্রাকৃতিক সম্পদে পিছিয়ে থাকা সত্ত্বেও মাথাপিছু আয় বাড়ানোর একটিই উপায়, তা হল মানবসম্পদের ভালো ব্যবহার। অর্থনৈতিক উন্নয়নের আলোচনায় মোট কাজের বাজারে অংশগ্রহণ অনুপাতের একটি ধারণা আছে, এতে কর্মক্ষম মানুষের মধ্যে কত শতাংশ কর্মে নিযুক্ত বা কর্মপ্রার্থী তা হিসাব করা হয়। কর্মে অংশগ্রহণ অনুপাত কম হওয়ার অর্থ, জনসংখ্যার একটি বড় অংশ জাতীয় আয়ে অবদান রাখার কোনও সুযোগ পাচ্ছে না। অতিমারির আগে ভারতে এই অনুপাত ছিল ৪৫%, যা বর্তমানে ৪০%-এ নেমে এসেছে। মোট জনসংখ্যার অনুপাতে কর্মে নিযুক্তদের অনুপাত মাত্র ৩০%, যাদের বাকি ৭০% মানুষের ভার বহন করতে হচ্ছে। বাংলাদেশের ক্ষেত্রে কর্মে অংশগ্রহণ অনুপাত অতিমারির আগে ছিল ৫৯%, যা বর্তমানে ৫৫%-এ নেমে এসেছে। মোট জনসংখ্যার অনুপাতে কর্মে নিযুক্তদের অনুপাত বাংলাদেশে ৪১%। সুতরাং বাংলাদেশে ভারতের তুলনায় মোট জনসংখ্যার ১১% বাড়তি লোক জাতীয় আয় বৃদ্ধি করে। বাংলাদেশে মানবসম্পদের এই বাড়তি ব্যবহার জাতীয় উৎপাদন বৃদ্ধির হারকে বেশি রাখতে সাহায্য করছে, যেখানে বেকারির অত্যুচ্চ হার ভারতের উন্নয়ন হারকে কম রাখছে। প্রশ্ন উঠতে পারে যে, ভারতে কর্মীদের অংশগ্রহণ অনুপাত কম কেন? এর কারণ, ভারতে কাজে মহিলাদের উল্লেখযোগ্য অনুপস্থিতি। ভারতে মহিলাদের কর্মে নিযুক্তির অনুপাত মাত্র ১৮% অর্থাৎ ১০০ জন মহিলার মধ্যে মাত্র ১৮ জন কর্মে নিযুক্ত। বাংলাদেশে এই নিযুক্তির অনুপাত ৩৬%। মহিলাদের কাজ থেকে বঞ্চিত রেখে কোনও দেশের পক্ষেই উন্নয়ন সম্ভব নয়।

বাংলাদেশে মহিলাদের একটি বড় অংশ কাজ করে বস্ত্রশিল্পে। বাংলাদেশে প্রায় ৫,০০০ বস্ত্রশিল্পের কারখানা আছে, যারা বাংলাদেশের মোট রপ্তানির ৮৪% রপ্তানি করে। বাংলাদেশের উন্নয়নে বস্ত্রশিল্পের ভূমিকা অপরিসীম। বস্ত্রশিল্পের জন্যই মোট জাতীয় উৎপাদনে শিল্পের অংশ ৩৬%, যেখানে ভারতে জাতীয় আয়ে শিল্পের অবদান মাত্র

২৫%। ভারতে শিল্প বহুমুখী, কিন্তু ভারতে শিল্পে বিনিয়োগ হ্রাসমান। অথচ বাংলাদেশে এই বিনিয়োগ উর্ধ্বগামী। উন্নয়ন হারে বৃদ্ধি বজায় রাখতে হলে বাংলাদেশকে অবশ্য অন্য শিল্পেরও উন্নয়ন করতে হবে— যার কিছুটা প্রবণতা ইতিমধ্যেই দেখা যাচ্ছে। কিন্তু ভারতেও শিল্পে বিনিয়োগ বাড়াতে হবে, যার প্রতিফলন এতটা সুদের হার কমানোর পরেও দেখা যাচ্ছে না।

বাংলাদেশে মহিলাদের কর্মনিযুক্তি বেশি হওয়ার আর একটি কারণ লিঙ্গ-সমতা। লিঙ্গ-সমতার ক্রমে ভারতের স্থান ১১২, যেখানে বাংলাদেশের স্থান ৫০। ক্ষুধা সূচকে ভারতের স্থান ৯৪, যেখানে বাংলাদেশের স্থান ৭৫। বাংলাদেশে অনুমিত গড় জীবনসীমা ৭২ বছর, যা ভারতে ৬৯ বছর। এই সব সূচকে বাংলাদেশের উন্নতিরও একটি কারণ মহিলাদের কর্মে অধিক নিযুক্তি।

মানবসম্পদের আর-একটি লাভ বাংলাদেশ পায় বিদেশে নিযুক্ত বাংলাদেশী শ্রমিকদের পাঠানো টাকার মাধ্যমে। বাংলাদেশ বছরে এখন প্রায় দেড় লক্ষ কোটি টাকার মতো রেমিট্যান্স পায়, ভারতে যার পরিমাণ ৬.৫ লক্ষ কোটি টাকার মতো। এই রেমিট্যান্স বাংলাদেশকে বৈদেশিক বাণিজ্যের খাতে সুস্থিরতা দিচ্ছে।

বাংলাদেশের প্রতিরক্ষা ব্যয় ভারতের তুলনায় অনেক কম এবং এই বিষয়টিও বাংলাদেশের উন্নয়নের পক্ষে সহায়ক। প্রতিরক্ষা ব্যয় কম হওয়ায় বাংলাদেশের বাজেট ঘাটতি জাতীয় আয়ের ৮% মতো, যা গত বছর ভারতে ছিল কেন্দ্র এবং রাজ্য মিলিয়ে ১৫%-এর উপর। সরকারি ঋণ ভারতে জাতীয় আয়ের ৯০%, বাংলাদেশে ৪৫%। রাজস্ব ঘাটতি কম থাকার অর্থ সরকারি বিনিয়োগ ও কর্মসংস্থান বাড়ানোর বেশি সুযোগ।

বাংলাদেশের থেকে ভারতের দু'টি শিক্ষা নেওয়া খুব আবশ্যক। প্রথমটি, যন্ত্রের মতো সাধারণ দ্রব্যের উৎপাদনের মধ্যেও অনেক সম্ভাবনা আছে। দ্বিতীয়টি, উন্নয়নের জন্য কর্মসংস্থান বাড়ানো এবং বেকারি কমানোর গুরুত্ব রয়েছে। কর্মসংকোচন করে কর্পোরেট মুনাফা বাড়িয়ে দেশের সামগ্রিক উন্নয়ন ঘটানো যাবে না। প্রয়োজন, কর্মসংস্থান বাড়ানোর নীতি প্রণয়ন। ভারত কিন্তু এখন বিশ্বে সর্বাধিক বেকারির সমস্যায় পীড়িত দেশগুলির মধ্যে অন্যতম।

কর্মসংকোচন করে কর্পোরেট মুনাফা বাড়িয়ে দেশের সামগ্রিক উন্নয়ন ঘটানো যাবে না। প্রয়োজন, কর্মসংস্থান বাড়ানোর নীতি প্রণয়ন। ভারত কিন্তু এখন বিশ্বে সর্বাধিক বেকারির সমস্যায় পীড়িত দেশগুলির মধ্যে অন্যতম।

লেখক গাজিয়াবাদের আই এম টি-র প্রফেসর

বাংলা ব্যাকরণ

প্রতিযোগিতামূলক পরীক্ষায়, বিশেষত স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষায় প্রয়োজনীয় ব্যাকরণাংশ নিয়ে আলোচনা করছেন যাদবপুর বিদ্যাপীঠের প্রাক্তন শিক্ষক **শিশিরকুমার আচার্য**।

শব্দগঠনে ধাতুর ব্যবহার

▶√ঈক্ষ্ > এর অর্থ: দেখা, বিচার করা: ধাতুর রূপ: **ঈক্ষতে, ইক্ষেতে, ঈক্ষন্তে ইত্যাদি। (জুলাই এর পর)**

√ঈক্ষ্ + ণুল্ (অক) = ঈক্ষক (দ্রষ্টা)

√ঈক্ষ্ + তৃচ্ = ইক্ষিতৃ > ঈক্ষিতা (দ্রষ্টা)

√ঈক্ষ্ + তৃচ্ + ঈ (স্ত্রী) = ইক্ষিত্রী (স্ত্রী দ্রষ্টা) ইত্যাদি।

● প্র-√ঈক্ষ্ + ক্ত/ত = প্রেক্ষিত (প্রকৃষ্টরূপে দৃষ্ট)

অপ-√ঈক্ষ্ + ক্ত/ত = অপেক্ষিত (খারাপভাবে দৃষ্ট)

সম-√ঈক্ষ্ + ক্ত/ত = সমীক্ষিত (সম্যক্ দৃষ্ট)

অনু-√ঈক্ষ্ + ক্ত/ত = অন্বীক্ষিত (পশ্চাৎ দৃষ্ট)

নিঃ-√ঈক্ষ্ + ক্ত/ত = নিরীক্ষিত (নিপুণভাবে দৃষ্ট)

দুঃ-√ঈক্ষ্ + ক্ত/ত = দুরীক্ষিত (তাচ্ছিল্যভরে দৃষ্ট)

বি-√ঈক্ষ্ + ক্ত/ত = বীক্ষিত (বিশেষরূপে দৃষ্ট)

প্রতি-√ঈক্ষ্ + ক্ত/ত = প্রতীক্ষিত (অপেক্ষিত)

উপ-√ঈক্ষ্ + ক্ত/ত = উপেক্ষিত (অবহেলাভরে দৃষ্ট)

অতি-√ঈক্ষ্ + ক্ত/ত = অতীক্ষিত (অতিশয়/অনেকক্ষণ ধ'রে দৃষ্ট)

অভি-√ঈক্ষ্ + ক্ত/ত = অভীক্ষিত (সবদিক থেকে দৃষ্ট)

পরি-√ঈক্ষ্ + ক্ত/ত = পরীক্ষিত

অব-√ঈক্ষ্ + ক্ত/ত = অবেক্ষিত (বিবেচনা ক'রে দৃষ্ট)

নি-√ঈক্ষ্ + ক্ত/ত = নীক্ষিত (কৌশলে দৃষ্ট)

প্র-√ঈক্ষ্ + অনট্ = প্রেক্ষণ (প্রকৃষ্টরূপ দর্শন)

প্র-√ঈক্ষ্ + ণুল্ = প্রেক্ষক (প্রকৃষ্ট দ্রষ্টা)

উপ-√ঈক্ষ্ + ণুল্ = উপেক্ষক (উপেক্ষা করেন যিনি)

বি-√ঈক্ষ্ + ণুল্= বীক্ষক (বিশেষ পর্যবেক্ষক)

পরি-অব-√ঈক্ষ্ + ণুল্ = পর্যবেক্ষক (পরিদর্শনকারী)

অপ-√ঈক্ষ্ + অচ্ + আ (স্ত্রী) = অপেক্ষা

প্র-√ঈক্ষ্ + অনীয় = প্রেক্ষণীয়

বি-√ঈক্ষ্ + অনট্ = বীক্ষণ (বিশেষ দর্শন) ইত্যাদি

পরি-√ঈক্ষ্ + ণুল্ = পরীক্ষক

উপ-√ঈক্ষ্ + অচ্ + আ (স্ত্রী) = উপেক্ষা

অনু + বি-√ঈক্ষ্ + অনট্ = অনুবীক্ষণ

প্রতি-√ঈক্ষ্ + অচ্ + আ = প্রতীক্ষা

● ঈক্ষিত + ত্ব = ঈক্ষিতত্ব (দৃষ্টতা)

ঈক্ষণীয় + তা = ঈক্ষণীয়তা (দর্শনযোগ্যতা)

ঈক্ষণীয় + ত্ব = ঈক্ষণীয়ত্ব (দর্শনযোগ্যতা)

ঈক্ষ্য + তা = ঈক্ষ্যতা (দর্শনযোগ্যতা)

ঈক্ষ্য + ত্ব = ঈক্ষ্যত্ব (দর্শনযোগ্যতা)

বীক্ষিত + ত্ব = বীক্ষিতত্ব (বিশেষ দর্শনযোগ্যতা)

প্রতীক্ষিত + ত্ব = প্রতীক্ষিতত্ব (প্রতীক্ষার উপযুক্ততা)

প্রেক্ষণীয় + তা = প্রেক্ষণীয়তা (পর্যবেক্ষণের উপযুক্ততা)

উপেক্ষণীয় + ত্ব = উপেক্ষণীয়ত্ব (উপেক্ষা করার ভাব) ইত্যাদি।

● প্রেক্ষিত যে সম্ভার = প্রেক্ষিতসম্ভার

প্রেক্ষকদের গণ = প্রেক্ষকগণ

পর্যবেক্ষকদের বৃন্দ = পর্যবেক্ষকবৃন্দ

অণুদের বীক্ষণ যার দ্বারা = অণুবীক্ষণ

প্রতীক্ষার জন্য আলয় = প্রতীক্ষালয়

পরীক্ষকদের দৃষ্টি = পরীক্ষকদৃষ্টি

প্রতীক্ষার ইচ্ছা = প্রতীক্ষেচ্ছা

ঈর্ত্তে, ঈরাতে, ঈরতে/ঈরয়তি, ঈরয়তঃ, ঈরয়ন্তি ইত্যাদি।

● √ঈর্ + ক্ত/ত = ঈরিত (প্রেরিত, সঞ্চালিত, কম্পিত)

√ঈর্ + অনট্ = ঈরণ (প্রেরণ, সঞ্চালন, কম্পন)

√ঈর্ + অচ্ = ঈর (প্রেরণ, সঞ্চালন, কম্পন)

√ঈর্ + তব্য = ঈরিতব্য ⎤ (প্রেরণের/সঞ্চালনের/ কম্পনের যোগ্য)
√ঈর্ + অনীয় = ঈরণীয় ⎥
√ঈর্ + যৎ = ঈর্য ⎥
√ঈর্ + ণ্যৎ = ঐর্য ⎦

√ঈর্ + মক্ = ঈর্ম (যা সুখ নাশ করে)

√ঈর্ + ণক = ঈরক (প্রেরক, সঞ্চালক)

√ঈর্ + শানচ্ = ঈর্মাণ (সঞ্চালিত হচ্ছে এমন)

● প্র-√ঈর্ + ক্ত = প্রেরিত

প্র-√ঈর্ + তি (ক্তিন্) = প্রে-রিতি (প্রেরণ)

প্র-√ঈর্ + অনট্ = প্রেরণ

বি-√ঈর্ + অচ্ = বীর (বিশেষ কম্পন/সঞ্চালন)

[√বীর্ + অচ্ = বীর (মহাশক্তিশালী)]

সম্-√ঈর্ + অচ্ = সমীর ⎤ (যা সঞ্চালিত হয়)
সম্-√ঈর্ + অনট্ = সমীরণ ⎦

বি-√ঈর্ + ক্ত = বীরিত (বিশেষভাবে সঞ্চালিত)

বি-√ঈর্ + অনট্ = বীরণ (বিশেষ সঞ্চালন)

দুঃ-√ঈর্ + ক্ত = দুরীরিত (দুঃখে প্রেরিত/কষ্টকরভাবে সঞ্চালিত)

দুঃ-√ঈর্ + অনট্ = দুরীরণ (দুঃখে প্রেরণ/কষ্টকরভাবে সঞ্চালন)

নিঃ-√ঈর্ + ক্ত = নিরীরিত (নিঃশেষে প্রেরিত)

নিঃ-√ঈর্ + অনট্ = নিরীরণ (নিঃশেষে প্রেরণ)

উদ্-√ঈর্ + ক্ত = উদীরিত (ঊর্ধ্বদিকে প্রেরিত)

উদ্-√ঈর্ + তি = উদীরিতি (ঊর্ধ্বদিকে প্রেরণ)

উদ্-√ঈর্ + অনট্ = উদীরণ (ঊর্ধ্বদিকে প্রেরণ)

পরি-√ঈর্ + ক্ত = পরীরিত (চারিদিকে ঘিরে সঞ্চালিত/প্রেরিত)

পরি-√ঈর্ + অনট্ = পরীরণ (চারিদিকে প্রেরণ/চারদিক ঘিরে সঞ্চালন)

প্র-√ঈর্ + তব্য = প্রেরীতব্য ⎤ প্রেরণের/ সঞ্চালনের যোগ্য
প্র-√ঈর্ + অনীয় = প্রেরণীয় ⎦

প্র-√ঈর্ + ণক = প্রেরক

অনু-প্র-√ঈর্ + ণক = অনুপ্রেরক (অনুপ্রেরণা দেয় যে) ইত্যাদি।

ভারতের নদনদী

শস্যশ্যামল ভারতের জিয়ন-কাঠি হল এর নদনদী। স্থানগত ভিন্নতা ছাড়াও আরও বেশ কয়েকটি বৈশিষ্ট্যের নিরিখে ভারতের নদনদীকে কয়েকটি ভাগে বিভক্ত করা যায়। আলোচনা করছেন **পাভেল ঘোষ**।

ভারতের নদীসমূহ তাদের উৎস, পতনস্থল, প্রবাহপথ, জলধারণক্ষমতা, অববাহিকার আয়তন, বিন্যাস প্রভৃতি বিভিন্ন সূচকের ভিত্তিতে ভিন্ন প্রকৃতির। তাই নদীগুলির বৈচিত্র অনুসন্ধানের জন্য নানা দৃষ্টিকোণ থেকে নদীগুলিকে বিশ্লেষণ করা প্রয়োজন।

ভারতের নদীর শ্রেণিবিভাগ

উৎসের ভিত্তিতে—

- **হিমালয় থেকে উৎপন্ন:** সিন্ধু, গঙ্গা, ব্রহ্মপুত্র, তিস্তা, যমুনা।
- **মধ্যভারতের উচ্চভূমি (আরাবল্লি সহ) থেকে উৎপন্ন:** লুনি, নর্মদা, তাপ্তী, মহানদী।

ভারতের ভূগোল

● **পশ্চিমঘাট ও পূর্বঘাট পর্বত সংলগ্ন উচ্চভূমি থেকে উৎপন্ন:** লুনি, নর্মদা, তাপ্তী, মহানদী।

● **পশ্চিমঘাট ও পূর্বঘাট পর্বত সংলগ্ন উচ্চভূমি থেকে উৎপন্ন:**
পূর্ববাহিনী নদী— গোদাবরী, কৃষ্ণা, কাবেরী।
পশ্চিমবাহিনী নদী— কালু, অম্বিকা, পেরিয়ার, কাশী, গঙ্গাবতী, পয়স্বিনী।

● **ছোটনাগপুর মালভূমি থেকে উৎপন্ন:** সুবর্ণরেখা, ব্রাহ্মণী, দামোদর।

পতনস্থলের ভিত্তিতে—

● বঙ্গোপসাগরে পতিত নদী: ব্রহ্মপুত্র, গঙ্গা, সুবর্ণরেখা, মহানদী, গোদাবরী, কৃষ্ণা, কাবেরী।
● আরবসাগরে পতিত প্রধান নদী: নর্মদা, তাপ্তী, মাহী, সবরমতী, লুনি।
● কচ্ছের 'রন'-এ প্রধান নদী বা অন্তর্বাহিনী নদী: লুনি।

প্রবাহপথের অভিমুখের ভিত্তিতে—

● পূর্ববাহিনী নদী: মহানদী, সুবর্ণরেখা, গোদাবরী, কৃষ্ণা, কাবেরী, পেন্নার প্রভৃতি।
● পশ্চিমবাহিনী নদী: নর্মদা, তাপ্তী, মাহী, সবরমতী, লুনি।

আঞ্চলিক বণ্টনের ভিত্তিতে—

● উত্তর ভারতের নদনদী: গঙ্গা, ব্রহ্মপুত্র, সিন্ধু, যমুনা, বিপাশা, ঝিলম প্রভৃতি।
● দক্ষিণ ভারতের নদনদী: মহানদী, গোদাবরী, কৃষ্ণা, কাবেরী, নর্মদা, তাপ্তী, মাহী।

অববাহিকার আয়তনের ভিত্তিতে—

● **বৃহৎ নদী অববাহিকা:** ● আয়তন: 20,000 বর্গকিমি। ● অববাহিকার সংখ্যা: 25টি ● উদাহরণ: গঙ্গা, সিন্ধু, ব্রহ্মপুত্র, মহানদী, গোদাবরী, কৃষ্ণা, কাবেরী, নর্মদা, তাপ্তী, মাহি, দামোদর।
● **মাঝারি নদী অববাহিকা:** ● আয়তন: 2,000-20,000 বর্গকিমি ● অববাহিকার সংখ্যা: 44টি ● উদাহরণ: সুবর্ণরেখা, অজয়, ময়ূরাক্ষী।
● **ছোট নদী অববাহিকা:** ● আয়তন: 2,000 বর্গকিমির কম ● অববাহিকার সংখ্যা: 55টি ● উদাহরণ: কোপাই, গঙ্গাবতী, পূর্ণা।

ভারতের প্রধান নদীসমূহের পরিচয়

গঙ্গা: ● দৈর্ঘ্য— 2525 কিমি ● উৎস— গঙ্গোত্রী হিমবাহ ● মোহানা— বঙ্গোপসাগর ● ডান তীরের উপনদী— যমুনা, শোন ● বাম তীরের উপনদী— কোশী, গোমতী, ঘর্ঘরা, মহানন্দা, গণ্ডক।

গোদাবরী: ● দৈর্ঘ্য— 1465 কিমি ● উৎস— ত্রিম্বকেশ্বর (পশ্চিমঘাট পর্বতমালা) ● মোহানা— বঙ্গোপসাগর ● ডান তীরের উপনদী— পেনগঙ্গা, ওয়েনগঙ্গা, পূর্ণা, ওয়ার্ধা, ইন্দ্রাবতী ● বাম তীরের উপনদী— প্রবরা, মঞ্জিরা, মূল।

কৃষ্ণা: ● দৈর্ঘ্য— 1400 কিমি ● উৎস— মহাবালেশ্বর, মহারাষ্ট্র ● মোহানা— বঙ্গোপসাগর ● ডান তীরের উপনদী— ভিমা, মুসি ● বাম তীরের উপনদী— তুঙ্গভদ্রা, কোয়না, ঘটপ্রভা।

যমুনা: ● দৈর্ঘ্য— 1376 কিমি ● উৎস— যমুনোত্রী হিমবাহ ● মোহানা— গঙ্গা ● ডান তীরের উপনদী— চম্বল, বেতোয়া ● বাম তীরের উপনদী— হিন্দন, সারদা, বরুণ, গিরি।

নর্মদা: ● দৈর্ঘ্য— 1312 কিমি ● উৎস— অমরকণ্টক, মধ্যপ্রদেশ ● মোহানা— খাম্বাত উপসাগর ● ডান তীরের উপনদী— হিরণ, উরি, কোলার ● বাম তীরের উপনদী— শের, দুধি, কুন্ডি, বাঞ্জার।

সিন্ধু: ● দৈর্ঘ্য— 1050 কিমি, মোট দৈর্ঘ্য 2900 কিমি, বাকি অংশ পাকিস্তানের অন্তর্গত ● উৎস— মানস সরোবরের কাছে বোখার চু হিমবাহ ● মোহানা— আরবসাগর ● ডান তীরের উপনদী— গিলগিট, কাবুল, শিয়ক ● বাম তীরের উপনদী— ইরাবতী, বিপাশা, শতদ্রু, চন্দ্রভাগা, বিতস্তা।

ব্রহ্মপুত্র: ● দৈর্ঘ্য— 916 কিমি, মোট দৈর্ঘ্য 2900 কিমি, বাকী অংশ চিন ও বাংলাদেশে অবস্থিত ● উৎস— চেমায়ং দুং হিমবাহ (মানস সরোবরের কাছে) ● মোহানা— বঙ্গোপসাগর ● ডান তীরের উপনদী— তিস্তা, জলঢাকা, তোর্সা, মানস, সঙ্কোশ ● বাম তীরের উপনদী— লোহিত, ধানসিরি, ডিবং, কোনং।

মহানদী: ● দৈর্ঘ্য— 851 কিমি ● উৎস— সিহাওয়া, ধামতাড়ি, দণ্ডকারণ্য (ছত্তিশগড়) ● মোহানা— বঙ্গোপসাগর ● ডান তীরের উপনদী— পারি, ওং, জংক ● বাম তীরের উপনদী— হাপদেও, হব, সেওনাথ।

কাবেরী: ● দৈর্ঘ্য— 800 কিমি ● উৎস— তালকাবেরী, ব্রহ্মগিরি, পশ্চিমঘাট পর্বতমালা, কর্ণাটক ● মোহানা— বঙ্গোপসাগর ● ডান তীরের উপনদী— অমরাবতী, ভবানী, লক্ষণতীর্থ ● বাম তীরের উপনদী— হেমাবতী, অর্কবতী, সিমসা, হাবাঙ্গি।

(a) The boy said that he was looking for his textbook (b) The boy said that he had been looking for my textbook (c) The boy told that he had looking for his texbook (d) The boy said that he had been looking for his textbook

168. Robin said, 'My father will be here by the evening.'
(a) Robin said that his father would be there by the evening (b) Robin said that my father would be there by the evening (c) Robin told that his father will be there by the evening (d) Robin said that his father will be here by the evening

169. He said to his friend, 'Are you coming with me?'
(a) He asked his frined if he is coming with me (b) He asked his frined if he was going with him (c) He asked his friend that he was going with him (d) He told his friend if he was going with him

170. The Saint said, wish you a happy life!
(a) The Saint said, that I should have a happy life (b) The Saint said to have a happy life (c) The Saint wished me a happy life (d) The saint told me to have a happy life

Direction (171 to 180): Find out the wrongly spelt words.

171. (a) Substance (b) Behaviur (c) Purpose (d) Employee
172. (a) Character (b) Explain (c) Function (d) Severel
173. (a) Identify (b) Participant (c) Seenary (d) Permission
174. (a) Previous (b) Context (c) Charity (d) Incedent
175. (a) Reverance (b) Influence (c) Honourable (d) Donate
176. (a) Current (b) Descripsion (c) Orchard (d) Friendless
177. (a) Rehersal (b) Foundation (c) Planning (d) Articulate
178. (a) Comprehend (b) Emergency (c) Complenent (d) Education
179. (a) Assignment (b) Sugestion (c) Foundation (d) Demand
180. (a) Euivalent (b) Purchase (c) Anatomy (d) Evaluation

Direction (181 to 185): Find out the suitable alternative with which the underlined words can be replaced.

181. Students should <u>had a friendly relationship</u> with their peers.
(a) having a friendly relationship (b) have a friendly relationship (c) be having a friendly relationship (d) No improvement

182. If you only do what <u>you've been doing</u>, you'll only get what you've always got!
(a) you've done (b) you always do (c) you've always done (d) No improvement

183. Often the cookies we think of <u>as our own</u> actually belong to someone else.
(a) as own (b) of ours (c) as our (d) No improvement

184. The local administration <u>was not alert</u> the railways about the pilgrims.
(a) did not alert (b) have no alert (c) has not alert (d) No improvement

185. Pinki had been the witness of the accident.
(a) was (b) has been (c) having been (d) No improve

Direction (186 to 195): Read the given passage carefully and fill in the blanks with suitable alternatives.

Childhood is a time when there are _186_ responsibilities make life difficult. If a child _187_ good parents, he is fed, looked _188_ and loved, whatever he may do, it is improvable that he will ever again in his life _189_ give so much without having to do anything _190_ return. In addition life is always _191_ new things to the child. A child finds _192_ in playing in the rain or in the snow. His first visit _193_ the seaside is marvellows adventure. But a child has his pains; he is not free to do as he wishes. He is continually being _194_ not to do things or is being _195_. His life is the refore not perfectly happy.

186. (a) many (b) little (c) few (d) more
187. (a) had (b) have (c) has (d) will have
188. (a) up (b) at (c) after (d) around
189. (a) is (b) be (c) has (d) are
190. (a) for (b) in (c) of (d) as
191. (a) presenting (b) donating (c) displaying (d) granting
192 (a) pleasure (b) pain (c) progress (d) pressure
193. (a) for (b) on (c) in (d) to
194. (a) restricted (b) ordered (c) told (d) forbidden
195. (a) beaten (b) punished (c) penalised (d) disturbed

Direction (196 to 200): Read the given passage carefully and answer the following questions.

It is easy to wonder why someone would destroy rocks that are billions of years old. For centuries now these rocks have been the building material for the city. Even the famous Golconda fort of Hyderabad which sits atop a granite hill is made of the very same granite rock. The problem however lies at the speed and magnitude with which these rocks are now disappearing. Just consider the following statistics. The official 2001 census stated that the Hyderaad population was around 3.7 million. But today the overflowing buses, traffic jammed streets and expanding city borders tell a very different story. Today this natural legacy is giving way to tall residential high-rises and softwar, parks. Hills are being replaced with malls and buildings.

196. Golconda Fort is made of:
(a) brirks (b) rock (c) mud (d) stone

197. The expanding city borders tell a different story. What does this mean?
(a) new high rise buildings with an ecological perspective (b) the natural legacy of the city is fast depleting (c) natural environment is being given due

importance (d) the hills are still where they were earlier

198. Which of the following does not have an effect on deplction of geological heritage?
(a) Golconda Fort (b) High-rises (c) Traffic (d) Malls

199. For centuries now these rocks have been the building material for the city. What is meant by these lines?
(a) Golconda fort is made of rocks (b) buildings in the past were made of granite rocks (c) buildings are still being made with these rocks (d) building are now made of other rocks

200. According to 2001 cencus, Hyderabad population was around ____.
(a) 3.7 billion (b) 3.7 million (c) 3.7 trillion (d) None of these

Answers

1(d), 2(d), 3(b), 4(b), 5(b), 6(b), 7(c), 8(c), 9(d), 10(d), 11(d), 12(d), 13(d), 14(d), 15(c), 16(c), 17(a), 18(a), 19(b), 20(b), 21(a), 22(d), 23(d), 24(c), 25(b), 26(d), 27(c), 28(c), 29(b), 30(d), 31(a), 32(c), 33(d), 34(c), 35(b), 36(a), 37(c), 38(b), 39(d), 40(a), 41(c), 42(a), 43(b), 44(c), 45(b), 46(c), 47(d), 48(c), 49(d), 50(b), 51(a), 52(d), 53(c), 54(c), 55(c), 56(b), 57(c), 58(a), 59(d), 60(c), 61(d), 62(d), 63(c), 64(b), 65(d), 66(a), 67(c), 68(c), 69(a), 70(b), 71(c), 72(d), 73(a), 74(d), 75(d), 76(d), 77(c), 78(d), 79(c), 80(a), 81(b), 82(b), 83(c), 84(d), 85(c), 86(a), 87(c), 88(c), 89(c), 90(c), 91(b), 92(a), 93(a), 94(a), 95(b), 96(c), 97(c), 98(a), 99(b), 100(c), 101(c), 102(b), 103(b), 104(d), 105(c), 106(b), 107(a), 108(b), 109(c), 110(b), 111(d), 112(b), 113(a), 114(b), 115(c), 116(c), 117(a), 118(b), 119(a), 120(c), 121(d), 122(b), 123(b), 124(b), 125(d), 126(d), 127(b), 128(b), 129(d), 130(d), 131(b), 132(a), 133(c), 134(a), 135(d), 136(b), 137(c), 138(c), 139(b), 140(d), 141(c), 142(a), 143(d), 144(b), 145(c), 146(b), 147(b), 148(c), 149(a), 150(d), 151(b), 152(b), 153(c), 154(a), 155(c), 156(d), 157(b), 158(a), 159(c), 160(c), 161(a), 162(b), 163(d), 164(a), 165(c), 166(b), 167(d), 168(a), 169(b), 170(c), 171(b), 172(d), 173(c), 174(d), 175(a), 176(b), 177(a), 178(c), 179(b), 180(a), 181(b), 182(c), 183(d), 184(a), 185(a), 186(c), 187(c), 188(c), 189(b), 190(b), 191(a), 192(a), 193(c), 194(c), 195(b), 196(b), 197(b), 198(a), 199(b), 200(b).

Solutions

1(d): ① ② ③ ④ ⑤ ⑥ ⑦ ⑧ ⑨
S I T U A T I O N
↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓
⑨ ⑧ ③ ④ ⑤ ⑥ ⑦ ② ①
N O T U A T I I S

Similarly, ① ② ③ ④ ⑤ ⑥ ⑦ ⑧
S E C U R I T Y
↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓
⑧ ⑦ ③ ④ ⑤ ⑥ ② ①
Y T C U R I E S

2(d): 357 $\xrightarrow{\times 2}$ 714 Similarly, 468 $\xrightarrow{\times 2}$ 936

3(b): A C F J
↓+10 ↓+10 ↓+10 ↓+10
K M P T

Similarly, D I B E
↓+10 ↓+10 ↓+10 ↓+10
N S L O

4(b): Go → $7 + 15 = 22 \div 2 = 11$
Similarly, IT → $9 + 20 = 29 \div 2 = 14.5$
[∵ positional number in the alphabet]

8(c): $77 \times 2 + 1 = 155$, $37 \times 2 + 1 = 75$
$46 \times 2 + 1 = 93$ But, $54 \times 2 + 2 = 110$

9(d): H $\xrightarrow{+2}$ J $\xrightarrow{+4}$ N; Q $\xrightarrow{+2}$ S $\xrightarrow{+4}$ W
J $\xrightarrow{+2}$ L $\xrightarrow{+4}$ P But, P $\xrightarrow{+2}$ R $\xrightarrow{+3}$ U

13(d): 40 $\xrightarrow{+10}$ 50 $\xrightarrow{+11}$ 61 $\xrightarrow{+12}$ 73 $\xrightarrow{+13}$ 86 $\xrightarrow{+14}$ 100

14(d): 79 $\xrightarrow{+8}$ 87 $\xrightarrow{-6}$ 81 $\xrightarrow{+8}$ 89 $\xrightarrow{-6}$ 83

15(c): $21 + 34 = 55$, $34 + 55 = 89$
$55 + 89 = 144$

16(c): B F
↓+1 ↓+2
C H
↓+2 ↓+3
E K
↓+3 ↓+4
H O
↓+4 ↓+5
L T

19(b):

∴ Megha is to the east of key.

20(b):

∴ Urmila is facing to the West.

23(d): $5 - 0 + 3 \times 5 = 5 + 15 = 20$.

31(a): a ab a b/ a aba b / a abab

32(c): d f g g b /d f g g b

33(d): $22 + 12 = 34$, $34 + 12 = 46$, $46 + 12 = 58$.

34(c): $(13)^2 = 169$, $(25)^2 = 629$ ∴ ? $= (11)^2 = 121$.

35(b): $9^2 + 6^2 = 117$, $8^2 + 2^2 = 68$, $7^2 + 3^2 = 49 + 9 = 58$.

36(a): G O O D N E S S
↓+1 ↓+1 ↓+1 ↓+1 ↓+1 ↓+1 ↓+1 ↓+1
H N P C O D T R

Similarly,
G R E A T N E S S
↓+1 ↓+1 ↓+1 ↓+1 ↓+1 ↓+1 ↓+1 ↓+1 ↓+1
H Q F Z U M F R T

49(d): P A G E S O R E
↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓
3 % 7 @ 8 © 9 @

∴ P E A S
↓ ↓ ↓ ↓
3 @ % 8

50(b): T R I E D O R B I T
↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓
5 3 1 2 6 7 3 9 1 5

∴ B O R E
↓ ↓ ↓ ↓
9 7 3 2

প্রস্তুত করেছেন: এম্পা কাঁড়ার

সংবাদ শিরোনামে

*

(১-৩১ জুলাই ২০২১)

শীর্ষ ব্যক্তিত্ব

নরেন্দ্র মোদী ও দলাই লামা: চিনের আগ্রাসী মনোভাবকে প্রকাশ্যে অগ্রাহ্য করে ৬ জুলাই তিব্বতি ধর্মগুরু দলাই লামার ৮৬তম জন্মদিনে তাঁকে ফোন করে শুভেচ্ছা জানালেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। পরে আন্তর্জাতিক মহলে বার্তা দিতে চেয়ে টুইটারে তিনি লেখেন, 'সম্মাননীয় দলাই লামার সঙ্গে এ দিন ফোনে কথা হয়েছে। তাঁর ৮৬তম জন্মদিনে তাঁকে শুভেচ্ছা জানালাম। আমরা তাঁর দীর্ঘ ও সুস্থ জীবনের জন্য প্রার্থনা করি।' কূটনৈতিক বিশেষজ্ঞদের মতে চিনের সঙ্গে লাগাতার কথা বলা সত্ত্বেও দ্বিপাক্ষিক সম্পর্কে আশানুরূপ উন্নতি না হওয়ায় দলাই লামার সঙ্গে যোগাযোগ বাড়িয়ে চিনকে বার্তা দিতে চাইল ভারত।

ইমরান খান: নরেন্দ্র মোদী সরকার জম্মু-কাশ্মীরের বিশেষ মর্যাদা ফিরিয়ে না দিলে ভারতের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক স্বাভাবিক করার পথে পাকিস্তান হাঁটবে না বলে ১ জুলাই সেদেশের সংসদে জানালেন পাক প্রধানমন্ত্রী ইমরান খান। জম্মু-কাশ্মীর রাজ্যের বিশেষ মর্যাদা আইন প্রত্যাহার করে জম্মু-কাশ্মীর ও লাদাখ, দু'টি কেন্দ্রশাসিত অঞ্চল হিসেবে ঘোষণা করার পর প্রতিবাদে ভারতের সঙ্গে বাণিজ্য বন্ধ করে দিয়েছিল পাকিস্তান। বর্তমানে দু'দেশের মধ্যে ঘুরপথে ফের কূটনৈতিক আলোচনা শুরু হলেও জম্মু-কাশ্মীরের ব্যাপারে নিজেদের অবস্থান স্পষ্ট করে রাখলেন ইমরান।

ফাওয়াদ আমন: প্রায় দু'দশক পরে আফগানিস্তানের সর্ববৃহৎ বায়ুসেনা ঘাঁটি বাগরাম থেকে পুরোপুরি সরে গেল মার্কিন ও ন্যাটো বাহিনী। ২ জুলাই বাহিনীর সরে যাওয়ার কথা ঘোষণা করলেন আফগান প্রতিরক্ষা মন্ত্রকের মুখপাত্র ফাওয়াদ আমন। তিনি জানান, এবার এই বায়ুসেনা ঘাঁটিকে রক্ষা এবং সেখান থেকে সন্ত্রাস-দমন অভিযান চালিয়ে যাওয়ার দায়িত্ব আফগান বাহিনীর। তালিবানও এই পদক্ষেপকে স্বাগত জানিয়ে বলেছে, 'মার্কিন বাহিনীর পূর্ণ প্রত্যাহার আফগানদের নিজেদের ভবিষ্যৎ নির্ধারণের সুযোগ করে দেবে।'

মিসুজুলু কাজওয়েলিথিনি: দক্ষিণ আফ্রিকায় বসবাসকারী ভারতীয়দের আপন করে নিতে ১৫ জুলাই বার্তা দিলেন সে দেশের জুলু সম্প্রদায়ের নতুন রাজা মিসুজুলু কাজওয়েলিথিনি। বেশ কিছুকাল ধরেই অশান্তি ও তাণ্ডব চলছে দুই সম্প্রদায়ের মধ্যে। তাঁর বার্তা, জুলু এবং ভারতীয়দের মধ্যে যে হিংসা, অশান্তি ও লুঠতরাজ চলছে তা অবিলম্বে বন্ধ হওয়া প্রয়োজন। দক্ষিণ আফ্রিকার প্রাক্তন প্রেসিডেন্ট জেকব জুমার আদালত অবমাননার অভিযোগে ১৫ মাসের কারাদণ্ড হয়েছে। তিনি জেলে যাওয়ার পর থেকেই দক্ষিণ আফ্রিকা জুড়ে শুরু হয়েছে অশান্তি।

মোহন ভগবত: গণপিটুনিতে জড়িতরা হিন্দুত্ব-বিরোধী বলে গোরক্ষকদের সমালোচনা করলেন আরএসএস প্রধান মোহন ভগবত। ৪ জুলাই দিল্লিতে আরএসএসের সংগঠন 'মুসলিম রাষ্ট্রীয় মঞ্চ'-এর এক অনুষ্ঠানে ভগবত বলেন, 'আমরা গণতান্ত্রিক দেশে বাস করি। হিন্দু বা মুসলমান, কোনও সম্প্রদায়েরই এ দেশে আধিপত্য থাকতে পারে না। এ দেশে আধিপত্য থাকবে ভারতীয়দের। যদি কোনও হিন্দু বলেন এ দেশে কোনও মুসলিম থাকতে পারবেন না তবে সেই ব্যক্তি হিন্দু নন।'

নরেন্দ্র মোদী: কোভিডের বিরুদ্ধে লড়তে কো-উইন প্রযুক্তিকে সব দেশের জন্য খুলে দিল ভারত। ৫ জুলাই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জানালেন কো-উইন প্রযুক্তি ওপেন সোর্স (স্বত্বহীন) হওয়ার কারণে আগামী দিনে বিভিন্ন দেশ চাইলে ওই প্রযুক্তি ব্যবহার করতে পারবে। এ দিন কো-উইন গ্লোবাল কনক্লেভে উপস্থিত ৫০টি দেশের কাছে কো-উইনকে উন্মুক্ত করে দেন প্রধানমন্ত্রী। এর ফলে ভবিষ্যতে ওই দেশগুলি গণটিকাকরণের কাজে ওই প্রযুক্তি বিনামূল্যে

ব্যবহার করতে পারবেন। উল্লেখ্য, শুরুতে প্রযুক্তিগত কিছু সমস্যা থাকলেও, এ যাবৎ প্রায় ৩৫ কোটি ভারতীয়ের টিকাকরণ হয়েছে কো-উইন প্রযুক্তির মাধ্যমে। বেশ কিছু দেশ ইতিমধ্যেই নিজেদের টিকাকরণ অভিযানে ওই প্রযুক্তি ব্যবহারের আবেদন জানিয়েছে। এদিনের আন্তর্জাতিক সম্মেলনে উপস্থিত ছিলেন মেক্সিকো, ফিলিপিন্স, নাইজিরিয়া-সহ ৫০টি দেশের প্রতিনিধিরা।

টেড্রস অ্যাডানম ঘেব্রিয়েসাস: করোনা সংক্রমণের তৃতীয় ঢেউ এসে গিয়েছে বলে ১৫ জুলাই আশঙ্কা প্রকাশ করলেন বিশ্ব স্বাস্থ্য সংস্থা (হু)-র প্রধান টেড্রস অ্যাডানম ঘেব্রিয়েসাস। তাঁর দাবি, ডেল্টা ভ্যারিয়েন্টের বাড়বাড়ন্তের মধ্যে তৃতীয় ঢেউ এখনও প্রাথমিক পর্যায়ে আছে। তবে করোনা সংক্রমণ ঠেকাতে যে মৌলিক স্বাস্থ্যবিধি মেনে চলা প্রয়োজন তা অনেক ক্ষেত্রেই মানা হচ্ছে না বলে হু প্রধান মনে করেন। তাঁর সতর্কবার্তা, ‘এখন ১১১টির বেশি দেশে ডেল্টা ভ্যারিয়েন্ট ছড়িয়ে পড়েছে। আমাদের আশঙ্কা, খুব শীঘ্রই এটি পৃথিবীর বাকি অংশে ছড়িয়ে পড়তে পারে।

জেং ইক্সিন: ২২ জুলাই চিন দেশ থেকেই করোনা ভাইরাসের উৎপত্তি— এই তত্ত্ব ঘিরে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (হু)-র দ্বিতীয় দফার তদন্ত প্রস্তাবের আবেদন খারিজ করে দিল চিন। চিনের ন্যাশনাল হেলথ কমিশনের উপ-মন্ত্রী জেং ইক্সিন বলেন, ‘এ ধরনের পরিকল্পনা আমাদের কাছে গ্রহণযোগ্য নয়।’ তাঁর আরও বক্তব্য, চিনের গবেষণাগারে নিয়ম লঙ্ঘনের জেরেই করোনা ভাইরাস ‘লিক’ হয়েছে এবং বিশ্বে ছড়িয়ে পড়েছে— হু-র প্রস্তাবিত তদন্ত পরিকল্পনার তালিকায় চিন সম্পর্কে এই অনুমান করায় তাঁরা বিস্মিত।

এন ভি রমণা: স্বাধীনতার ৭৪ বছর পরেও ব্রিটিশ জমানার আইনের আদৌ প্রয়োজন আছে কি না সেই প্রশ্ন তুললেন সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি এন ভি রমণা। ভারতীয় দণ্ডবিধির ১২৪ (এ) ধারায় উল্লিখিত রাষ্ট্রদ্রোহ আইনের বৈধতাকে চ্যালেঞ্জ জানিয়ে শীর্ষ আদলতে জনস্বার্থ মামলা করেছিলেন ভারতীয় সেনার অবসরপ্রাপ্ত মেজর জেনারেল এস জি ভোম্বাটকেরে। সেই মামলার শুনানিতেই প্রধান বিচারপতি ১৫ জুলাই কেন্দ্রের অবস্থান নিয়ে প্রশ্ন তোলেন। প্রধান বিচারপতি আরও বলেন, ‘রাষ্ট্রদ্রোহ আইনের ইতিহাসের দিকে তাকালেই দেখতে পাবেন, কীভাবে এর অপব্যবহার হয়েছে। এ যেন একজন কাঠমিস্ত্রির হাতে করাত দিয়ে বলা হলো একটি গাছের ডাল কাটতে, সেই মিস্ত্রি পুরো গাছটিই কেটে ফেলল!’ প্রধান বিচারপতির পর্যবেক্ষণ, কেন্দ্রের অধীন ক্ষমতা প্রয়োগের দায়িত্বপ্রাপ্ত বিভিন্ন এজেন্সি এই আইনের দুর্ভাগ্যজনক অপব্যবহার করে থাকে। যেখানে বিরোধিতা পছন্দ না হলেই বিরোধীর বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহের অভিযোগ আনা হচ্ছে।’

মমতা বন্দ্যোপাধ্যায়: ২০২৪ সালের লোকসভা ভোটে কেন্দ্রে নরেন্দ্র মোদী সরকারকে ক্ষমতাচ্যুত করতে ২১ জুলাই বিজেপি-বিরোধী ফ্রন্ট তৈরির ডাক দিলেন তৃণমূল নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তাঁর পরবর্তী দিল্লি সফরেই বিজেপি-বিরোধী দলগুলির নেতাদের সঙ্গে বৈঠকের প্রস্তাব দিয়েছেন তৃণমূল নেত্রী। এ দিন দলের শহিদ দিবসের ভার্চুয়াল সভায় ২০২৪-এর নির্বাচনকে মাথায় রেখে বিজেপি-বিরোধী শক্তিগুলিকে একজোট করার ডাক দিয়ে মমতা বলেন, ‘আবার খেলা হবে। যত দিন না বিজেপিকে ভারত থেকে তাড়াতে পারছি, তত দিন দেশের বুথে বুথে খেলা হবে।’

হাউ জিহুই, মীরাবাঈ চানু ও ডব্লু সি আইশা: ২৪ জুলাই টোকিয়ো অলিম্পিক্স উদ্বোধনের পরদিনই ভারোত্তলনে ভারতকে রুপো এনে দিলেন মণিপুরের মীরাবাঈ চানু। ২০১২ সালে মণিপুরের মেরি কম দেশকে বক্সিং থেকে ব্রোঞ্জ এনে দিয়েছিলেন। স্ন্যাচে ৮৭ কেজি আর ক্লিন অ্যান্ড জার্কে ১১৫ কেজি অর্থাৎ মোট ২০২ কেজি ওজন তুলে রুপো জিতলেন চানু। ২১০ কেজি তুলে সোনা পেয়েছেন চিনের হাউ জিহুই। মোট ১৯৬ কেজির ব্রোঞ্জ পেয়েছেন ইন্দোনেশিয়ার ডব্লু সি আইশা। পদক জেতার পর মীরাবাঈ বলেন, ‘আমার অলিম্পিক পদক জেতার স্বপ্ন সত্যি হল। এই পদক আমি দেশকে উৎসর্গ করছি। ধন্যবাদ জানাচ্ছি, সেই কোটি কোটি প্রার্থনাকে, যেগুলো আমার এই লড়াইয়ে সঙ্গী ছিল।’

মোমিজি নিশিয়া: ২৬ জুলাই টোকিয়ো অলিম্পিকে স্কেটবোর্ডিং ইভেন্টে সোনা জিতে নজির গড়ল জাপানের ১৩ বছরের মেয়ে মোমিজি নিশিয়া। এবারই প্রথম এই ইভেন্টটি অলিম্পিকের অন্তর্ভুক্ত হয়েছে। অলিম্পিকে মোমিজিই সর্বকনিষ্ঠ, যার গলায় ঝুলল সোনার মেডেল। এই ইভেন্টের পোডিয়ামে ওঠা তিনজনেরই গড় বয়স হল ১৪ বছর ১৯১ দিন। মোমিজির স্কোর ১৫.২৬। দ্বিতীয় হয়ে রুপো পেলেন ব্রাজিলের রেসা লিল (১৪.৬৪)। আর তৃতীয় জাপানের ফুনা নাকায়ামা (১৪.৪৯)।

অ্যাশলে বার্টি: ১০ জুলাই উইম্বলডনে মহিলাদের সিঙ্গলস খেতাব জিতলেন টেনিস বিশ্বের এক নম্বর র‍্যাঙ্কিংয়ে থাকা অ্যাশলে বার্টি। ক্যারোলিনা প্লিসকোভাকে ফাইনালে তিনি ৬-৩, ৬-৭ (৪-৭) ও ৬-৩ সেটে হারালেন। ৪১ বছর পর কোনও অস্ট্রেলীয় মহিলা হিসেবে বার্টি এই খেতাব জিতলেন। বার্টি ও প্লিসকোভা— দু'জনেই এই প্রথম উইম্বলডন ফাইনাল খেললেন। ১৯৭৭ সালের পর এ রকম ঘটনা ইংল্যান্ডে প্রথমবার ঘটল।

নোভাক জকোভিচ: ১১ জুলাই উইম্বলডনে পুরুষদের সিঙ্গলস খেতাব জিতলেন নোভাক জকোভিচ। ৩৫ বছর বয়সি সার্বিয়ান তারকা ইতালির ২২ বছরের তরুণ মাতেও বেরেত্তিনিকে হারালেন ৬-৭ (৪), ৬-৪, ৬-৪, ৬-৩ সেটে। এই খেতাব জয়ের সঙ্গে সঙ্গে জকোভিচের গ্র্যান্ড স্লামের সংখ্যা হল ২০, ফেডেরার-নাদালের সমান সমান। উইম্বলডন জিতলেন মোট ৬ বার। ওপেন যুগে রজার ফেডেরারের (৮) এবং পিট সাম্প্রাসের (৭) উইম্বলডন জয়ের রেকর্ডের দোরগোড়ায় পৌঁছে গেলেন তিনি। অন্য তিন গ্রান্ড স্লাম প্রতিযোগিতার মধ্যে ৯ বার অস্ট্রেলিয়ান ওপেন, ২ বার ফরাসি ওপেন, ৩ বার যুক্তরাষ্ট্র ওপেন জিতেছেন জকোভিচ।

সমীর বন্দ্যোপাধ্যায়: ১১ জুলাই মার্কিন প্রবাসী তরুণ বাঙালি টেনিস খেলোয়াড় সমীর বন্দ্যোপাধ্যায় এবারের উইম্বলডন বয়েজ সিঙ্গলস চ্যাম্পিয়ন হলেন। ভারতীয়দের মধ্যে এর আগে রমানাথন কৃষ্ণন (১৯৫৪), রমেশ কৃষ্ণন (১৯৭৯) ও লিয়েন্ডার পেজ (১৯৯০) এই খেতাব জিতেছেন।

লিওনেল মেসি: ১১ জুলাই লিওনেল মেসির নেতৃত্বে কোপা আমেরিকা ট্রফি উঠল আর্জেন্টিনার ঘরে। ১৯৯৩ সালে কোপা জয়ের পর এই প্রথম কোনও আন্তর্জাতিক খেতাব জিতল আর্জেন্টিনা। ২৮ বছর পর কাটল ট্রফির খরা। ব্রাজিলের রিও ডি জেনিরো-তে ব্রাজিলকে ঘরের মাঠে ১-০ গোলে পর্যুদস্ত করেছে তারা। জয়সূচক গোল এসেছে ডি মারিয়ার পা থেকে। কিন্তু গোটা টুর্নামেন্টে আর্জেন্টিনা টিমের হাতে ট্রফি ওঠার প্রধান কারিগর মেসিই। পাঁচটা গোল করে টুর্নামেন্টের সর্বোচ্চ স্কোরার, আবার প্লেয়ার অব দ্য টুর্নামেন্টও হয়েছেন তিনি। সেই সঙ্গে দেশকে আন্তর্জাতিক খেতাব জেতানোর স্বপ্নও শেষপর্যন্ত সম্ভব হল মেসির। ২০০৭ কোপা ফাইনাল, ২০১৪ বিশ্বকাপ ফাইনাল, ২০১৫ ও ২০১৬-য় ফের কোপা ফাইনালে ব্যর্থতার পর সাফল্য এল একুশে।

লিউ বোমিং এবং তাং হংবো: চিনের পাঠানো সাম্প্রতিকতম মহাকাশযান থেকে বেরিয়ে ৪ জুলাই প্রায় সাত ঘণ্টা মহাশূন্যে কাটালেন দুই চিনা মহাকাশচারী। লিউ বোমিং এবং তাং হংবো নামে ওই দুই মহাকাশচারী এ দিন ১৫ মিটার লম্বা যন্ত্রচালিত হাতের মাধ্যমে মহাকাশযানের গায়ে ক্যামেরা ও অন্যান্য যন্ত্রপাতি স্থাপন করেন। চিনা কমিউনিস্ট পার্টির ১০০ বছর উপলক্ষে মে মাসে মঙ্গল অভিযানের সূচনা করেছিল শি চিনফিং সরকার। তারই অংশ হিসেবে ১৭ জুন তিন মহাকাশচারী পৌঁছন স্পেস স্টেশনে। তিনমাস সেখানেই কাটাবেন তাঁরা।

রিচার্ড ব্র্যানসন: ১১ জুলাই পৃথিবীর আকাশের শেষ সীমা ছুঁয়ে ফিরলেন মার্কিন ধনকুবের রিচার্ড ব্র্যানসন। 'ভার্জিন গ্যালাকটিক' রকেটে চেপে মহাকাশের শেষ সীমায় পাড়ি দিয়েছিলেন তিনি। সঙ্গী ছিলেন ভারতীয় বংশোদ্ভূত সিরিশা বান্দলা-সহ ভার্জিনের পাঁচ সদস্য। সফর শেষে নিরাপদেই ভূপৃষ্ঠে ফিরে এসেছেন তাঁরা। আগামী বছর থেকে পর্যটকদেরও এ ভাবে মহাকাশ সফরে নিয়ে যাবে এই সংস্থা। গ্যালাকটিক রিসার্চ অপারেশনের ভাইস প্রেসিডেন্ট সিরিশা চতুর্থ ভারতীয় বংশোদ্ভূত হিসেবে মহাকাশে যাওয়ার সম্মান অর্জন করলেন। ৭০ বছর বয়সি ব্র্যানসন কয়েকদিন আগেই লিখেছিলেন, 'ছোটবেলায় মহাকাশে যাওয়ার খুব ইচ্ছে ছিল। এই মিশনের পর পরবর্তী প্রজন্মের জন্য মহাকাশের দরজা চিরতরে খুলে যাবে।'

জেফ বেজোস: ২০ জুলাই মহাকাশে ১১ মিনিট কাটিয়ে এলেন বিশ্বের সবথেকে ধনী ব্যক্তি জেফ বেজোস। নিজের প্রতিষ্ঠান ব্লু অরিজিনের তৈরি মহাকাশযান দ্য নিউ শেপার্ডে চড়ে ছোট ভাই-সহ আরও তিন সঙ্গী নিয়ে মহাকাশে পাড়ি দেন আমাজনের কর্ণধার বেজোস। দলে ছিলেন ৮২ বছর বয়সি মহিলা পাইলট ওয়ালি ফাঙ্ক-ও। সংক্ষিপ্ত এই মহাকাশ ভ্রমণ শেষ করে আবার নিরাপদে পৃথিবীতে ফিরে আসেন তাঁরা। নিউ শেপার্ড তাঁদের পৃথিবী থেকে অন্তত ১০০ কিলোমিটার উঁচুতে কারম্যান লাইনের উপরে নিয়ে যায়। যেখানে তাঁরা ভরশূন্যতা উপভোগ করেন।

অভিজিৎ মুখোপাধ্যায়: ৫ জুলাই বীরভূমের নলহাটির প্রাক্তন বিধায়ক ও জঙ্গিপুর লোকসভা কেন্দ্রের প্রাক্তন কংগ্রেস সাংসদ অভিজিৎ মুখোপাধ্যায় তৃণমূল কংগ্রেসে যোগ দিলেন। তিনি প্রাক্তন রাষ্ট্রপতি ও প্রয়াত কংগ্রেস নেতা প্রণব মুখোপাধ্যায়ের পুত্র। ২০১৯ সালে লোকসভা ভোটে হেরে যাওয়ার পরে দলের রাজনৈতিক কর্মসূচিতে খুব নিয়মিত ছিলেন না অভিজিৎ। এ দিন তৃণমূলের পতাকা নিয়ে রাজনীতির নতুন ইনিংস শুরু করলেন তিনি।

অনুরাগ ঠাকুর: ২২ জুলাই কেন্দ্রশাসিত অঞ্চল লাদাখে একটি কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় গড়া হবে বলে ঘোষণা করলেন কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অনুরাগ ঠাকুর। এ ব্যাপারে খরচ হবে মোট সাড়ে সাতশো কোটি টাকা। মন্ত্রী জানান, দীর্ঘ দিন ধরে লাদাখের মানুষ সেখানে একটি বিশ্ববিদ্যালয় গড়ার দাবি জানিয়ে আসছিলেন। এর ফলে সেখানকার স্থানীয় বাসিন্দাদের উচ্চশিক্ষায় সুবিধা হবে বলে জানান মন্ত্রী।

নিয়োগ / নির্বাচিত পদত্যাগ / বরখাস্ত

পুষ্কর সিং ধামি: ৩ জুলাই উত্তরাখণ্ডের নতুন মুখ্যমন্ত্রীর দায়িত্ব পেলেন পুষ্কর সিং ধামি। গত চারবছরে এই নিয়ে তিনজন মুখ্যমন্ত্রী পেল উত্তরাখণ্ড। তীরথ সিং রাওয়ত ইস্তফা দেওয়ায় এদিন পরিষদীয় দলের বৈঠকে পুষ্করকে নতুন মুখ্যমন্ত্রী বেছে নেয় বিজেপি। রাজ্যের সর্বকনিষ্ঠ মুখ্যমন্ত্রী হিসেবে দায়িত্ব পেলেন দু'বারের বিধায়ক পুষ্কর। বিজেপি দাবি করেছে, করোনার কারণে এখনই উপনির্বাচন সম্ভব নয়। তাই সাংবিধানিক জটিলতা এড়াতেই ইস্তফা দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন সদ্যপ্রাক্তন মুখ্যমন্ত্রী তীরথ সিং।

অভিজিৎ মুখোপাধ্যায়: ৪ জুলাই ভূগর্ভস্থ জল নিয়ে গবেষণায় ধারাবাহিক সাফল্যের স্বীকৃতি হিসেবে 'জিয়োলজিক্যাল সোসাইটি অব আমেরিকা' (জিএসএ)-র 'ফেলো' নির্বাচিত হলেন খড়্গপুর আইআইটি-র 'জিয়োলজি অ্যান্ড জিয়োফিজিক্স' বিভাগের অধ্যাপক অভিজিৎ মুখোপাধ্যায়। জিএসএ-র ৩৩ বছরের ইতিহাসে প্রথম ভারতীয় হিসেবে তাঁর এই সম্মানে আইআইটি-র মুকুটেও জুড়ল নয়া পালক। জিএসএ বিশ্বের ৩০ জন ভূপদার্থবিদের সঙ্গে অভিজিৎবাবুকে এই ফেলোশিপ দেওয়ার আনুষ্ঠানিক ঘোষণা করে। এই সম্মান আগেও অনেক ভারতীয় বংশোদ্ভূতই পেয়েছেন। তবে তাঁরা সকলেই বিদেশের নাগরিক। ভারতীয় নাগরিক হিসেবে কলকাতার বাসিন্দা অভিজিৎই প্রথম এই সম্মান পেলেন।

শু কিলিং: ৭ জুলাই চিনা সেনার জেনারেল শু কিলিং-কে সেনার ওয়েস্টার্ন থিয়েটার কমান্ডের প্রধান করলেন চিনের প্রেসিডেন্ট শি চিনফিং। চিনা সামরিক বিভাগের এই অংশটি মূলত লাদাখ সীমান্ত এলাকা দেখাশোনা করে। গতবছর মে মাসে লাদাখ সীমান্তে ভারতের সেনাবাহিনীর সঙ্গে দ্বন্দ্বের পর থেকে এই নিয়ে তিনবার চিনা ওয়েস্টার্ন থিয়েটার কমান্ডের প্রধান বদল হল।

সত্যদেব নারায়ণ আর্য, থাবর চন্দ্র গহলৌত, রাজেন্দ্র আর্লেকর, মঙ্গুভাই ছগনভাই পটেল ও হরিবাবু কাম্ভামপতি: ৭ জুলাই রাজ্যপাল রদবদলের মাধ্যমে কেন্দ্রে মোদী মন্ত্রিসভার রদবদলের সূচনা হল। ত্রিপুরায় নতুন রাজ্যপাল নিযুক্ত হয়েছেন সত্যদেব নারায়ণ আর্য। কেন্দ্রীয় মন্ত্রিসভা থেকে সরিয়ে সামাজিক ন্যায়মন্ত্রী থাবর চন্দ্র গহলৌতকে কর্নাটকের রাজ্যপাল পদে নিয়োগ করা হয়েছে। গোয়ার বিজেপি নেতা রাজেন্দ্র আর্লেকরকে হিমাচলপ্রদেশের রাজ্যপাল, গুজরাটের আদিবাসী সমাজের বিজেপি নেতা মঙ্গুভাই ছগনভাই পটেলকে মধ্যপ্রদেশের রাজ্যপাল এবং অন্ধ্রপ্রদেশের প্রাক্তন সাংসদ হরিবাবু কাম্ভামপতি মিজোরামের রাজ্যপাল হয়েছেন।

প্রতিমা ভৌমিক: ৭ জুলাই ত্রিপুরা থেকে কেন্দ্রে মন্ত্রী হলেন সেখানকার প্রথমবারের সাংসদ প্রতিমা ভৌমিক। ২০১৯-এ পশ্চিম ত্রিপুরা কেন্দ্র থেকে

বিপুল ভোটে জিতেছিলেন তিনি। ত্রিপুরা থেকে এর আগেও দু'জন কেন্দ্রীয় মন্ত্রী হয়েছিলেন। তাঁরা হলেন ত্রিগুণা সেন ও সন্তোষমোহন দেব। যদিও তাঁরা কেউই অঙ্গদে ত্রিপুরার স্থায়ী বাসিন্দা ছিলেন না। সেদিক থেকে প্রতিমা হলেন সে রাজ্যের ভূমিকন্যা। বিজেপি-তে যোগ দেন ১৯৯২-এ। আরএসএসের একজন পৃষ্ঠপোষক হিসেবে নানা দায়িত্ব পালন করেছেন।

মনসুখ মাণ্ডবিয়া: ৮ জুলাই করোনার তৃতীয় ঢেউ রুখতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ইতিমধ্যেই কড়া পদক্ষেপ নেওয়ার কথা বলেছেন। কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রককেও নতুন মুখ হিসেবে মনসুখ মাণ্ডবিয়া-কে স্বাস্থ্যমন্ত্রীর দায়িত্ব দেওয়া হয়েছে। যদিও তাঁর দায়িত্ব নেওয়ার দিনেই কংগ্রেস নেতা রাহুল গান্ধী টুইট করে বলেছেন, 'এই পরিবর্তনে কি প্রতিষেধকের ঘাটতি মিটবে?'

এরিক গারসেটি: ১০ জুলাই লস অ্যাঞ্জেলেসের মেয়র এরিক গারসেটি ভারতে পরবর্তী মার্কিন রাষ্ট্রদূতের দায়িত্ব পেলেন। প্রেসিডেন্ট জো বাইডেন এ কথা ঘোষণা করার পর গারসেটি বলেন, 'এই দায়িত্ব পেয়ে সম্মানিত বোধ করছি।' গারসেটির মনোনয়নে আমেরিকার ভারতীয় বংশোদ্ভূত সম্প্রদায় থেকে শুরু করে আইনসভার প্রতিনিধিরা সকলেই সন্তোষ প্রকাশ করেছেন। গারসেটি নিজে একজন তৃতীয় প্রজন্মের অভিবাসী। সে-কারণেই সকলের জন্য অর্থনৈতিক সুযোগ-সুবিধা এবং ন্যায়, আমেরিকার এই দুই নীতির প্রচার ভারতেও তিনি চমৎকার ভাবে করতে পারবেন বলে মার্কিন কূটনীতিবিদদের অনেকেরই মত। লস অ্যাঞ্জেলেস প্রশাসনের ওয়েবসাইটও জানাচ্ছে, গারসেটি একজন রোডস স্কলার। এশিয়া, ইউরোপ এবং আফ্রিকাতে কাজ করার অভিজ্ঞতা রয়েছে তাঁর।

শের বাহাদুর দেউবা: ১২ জুলাই নেপালি কংগ্রেসের নেতা শের বাহাদুর দেউবাকে দেশের প্রধানমন্ত্রী করতে নির্দেশ দিল সে দেশের সুপ্রিম কোর্ট। রাজনৈতিক অস্থিরতার কারণে পার্লামেন্ট ভেঙে দিয়ে নির্বাচন না হওয়া পর্যন্ত কে পি শর্মা ওলিকেই প্রধানমন্ত্রী পদে রেখে দেওয়ার ঘোষণা করেছিলেন রাষ্ট্রপতি বিদ্যাদেবী ভাণ্ডারি। এদিন তাঁকেই সুপ্রিম কোর্ট এই নির্দেশ দিয়েছে। আদালতে বাতিল হয়ে গিয়েছে রাষ্ট্রপতির সংসদ ভেঙে দেওয়ার সিদ্ধান্তও।

রাকেশ আস্থানা: ২৭ জুলাই সিবিআইয়ের প্রাক্তন স্পেশাল ডিরেক্টর রাকেশ আস্থানাকে দিল্লি পুলিশের কমিশনার করা হল। ৩১ জুলাই অবসর নেওয়ার কথা ছিল তাঁর। তার আগেই চাকরির মেয়াদ একবছর বাড়িয়ে আস্থানাকে দিল্লি পুলিশের দায়িত্ব দেওয়া হয়েছে।

পেড্রো কাস্তিলো: ২৯ জুলাই পেরুর পঞ্চম প্রেসিডেন্ট হিসেবে শপথ নিলেন বামপন্থী নেতা পেড্রো কাস্তিলো। এদিনই স্বাধীনতার ২০০ বছর পালন করল পেরু। ৫১ বছর বয়সি পেড্রো পেশায় একজন স্কুল শিক্ষক। শপথ নেওয়ার পর দুর্নীতি রোধ, অতিমারির সঙ্গে লড়াই, দীর্ঘ রাজনৈতিক অস্থিরতার অবসান ও দুর্বল হয়ে পড়া অর্থনীতিকে চাঙ্গা করার প্রতিশ্রুতি দিয়েছেন পেড্রো।

বি এস ইয়েদুরাপ্পা: ২৬ জুলাই কর্নাটকের মুখ্যমন্ত্রী পদ থেকে ইস্তফা দিলেন বি এস ইয়েদুরাপ্পা। এদিনই সরকারের দ্বিতীয় বর্ষপূর্তির অনুষ্ঠান ছিল। সেই অনুষ্ঠানে যোগ দিয়ে ইস্তফার কথা জানান ইয়েদুরাপ্পা। ৭৫ বছর পার হয়ে যাওয়া সত্ত্বেও তাঁকে দু'বছর মুখ্যমন্ত্রিত্বের সুযোগ দেওয়ার জন্য দলের শীর্ষ নেতৃত্বের প্রতি কৃতজ্ঞতা জানান ইয়েদুরাপ্পা। তবে পরবর্তী মুখ্যমন্ত্রী যেহেতু এখনও স্থির হয়নি তাঁকেই কেয়ারটেকার মুখ্যমন্ত্রী হিসেবে কাজ চালিয়ে যেতে হবে।

পুরস্কার / সম্মান

হামবোল্ট রিসার্চ পুরস্কার

৬ জুলাই বিশিষ্ট অর্থনীতিবিদ কৌশিক বসু হামবোল্ট রিসার্চ পুরস্কারে সম্মানিত হলেন। তাঁকে টুইট করে অভিনন্দন জানিয়েছেন কংগ্রেস নেতা রাহুল গান্ধী। জার্মানির বাইরে যে সব বিজ্ঞানী ও গবেষক কাজ করেন তাঁদের সারা জীবনের কাজের স্বীকৃতি হিসেবে এই পুরস্কার দেয় জার্মানিরই আলেকজান্ডার ফন হামবোল্ট ফাউন্ডেশন। কর্নেল বিশ্ববিদ্যালয়ের অর্থনীতির অধ্যাপক কৌশিক বসু এর আগে বিশ্ব ব্যাঙ্কের ভাইস প্রেসিডেন্ট এবং ভারতে ইউপিএ জমানায় মুখ্য অর্থনৈতিক উপদেষ্টার দায়িত্ব সামলেছেন।

কান চলচ্চিত্র উৎসবে শ্রেষ্ঠ ডকুমেন্টারি

১৯ জুলাই পুনে এফটিআইআই-এর প্রাক্তনী পায়েল কাপাডিয়া কান চলচ্চিত্র উৎসবে শ্রেষ্ঠ ডকুমেন্টারির জন্য পুরস্কৃত হলেন। নানা দেশের ২৮টি

তথ্যচিত্রকে হারিয়ে শ্রেষ্ঠত্বের শিরোপা জিতে নেয় মুম্বই নিবাসী পায়েলের তথ্যচিত্র 'এ নাইট অব নোয়িং নাথিং'। প্রসঙ্গত, ২০১৫ সালে এফটিআইআই-এর তৎকালীন প্রধান গজেন্দ্র চৌহানের বিরুদ্ধে টানা চার মাস প্রতিবাদ আন্দোলন করার জন্য ক্লাস থেকে বয়কট করা হয়েছিল তাঁকে।

এফআরএএক্সএ (FRAXA) রিসার্চ ফাউন্ডেশন গ্লোবাল চ্যাম্পিয়ন পুরস্কার

২৩ জুলাই ২০২১-এর এফআরএএক্সএ (FRAXA) রিসার্চ ফাউন্ডেশন গ্লোবাল চ্যাম্পিয়ন পুরস্কার পেলেন বাঙালি বিজ্ঞানী সুমন্ত্র চট্টোপাধ্যায়। বেঙ্গালুরুর ন্যাশনাল সেন্টার ফর বায়োলজিক্যাল সায়েন্সেস (এনসিবিএস)-এর সিনিয়র প্রফেসর ও সেন্টার ফর ব্রেন ডেভেলপমেন্ট অ্যান্ড রিপেয়ার-এর অধিকর্তা সুমন্ত্রকে অটিজম-সংক্রান্ত ফ্র্যাজাইল এক্স রিসার্চ এবং ফ্র্যাজাইল এক্স কমিউনিটি গবেষণায় তাঁর নিরলস দায়বদ্ধতা এবং অবদানের জন্য এই পুরস্কার দেওয়া হয়েছে। ফ্র্যাজাইল এক্স কমিউনিটি নিয়ে যাঁরা দীর্ঘদিন কাজ করছেন এবং এই বিষয়ে সচেতনতামূলক কাজের নেতৃত্বে যাঁরা বিশ্বে দৃষ্টান্ত স্থাপন করেন তাঁদের জন্য এফআরএএক্সএ রিসার্চ ফাউন্ডেশনের উদ্যোগে এ বছরই প্রথম এই পুরস্কার দেওয়া হল।

প্র য়া ণ

ফাদার স্ট্যান স্বামী: আদিবাসী অধিকার রক্ষা আন্দোলনের অন্যতম মুখ ফাদার স্ট্যান স্বামী (৮৪) ৫ জুলাই প্রয়াত হলেন। শারীরিক অসুস্থতার কারণে বারবার জামিনের আবেদন জানিয়েছিলেন তিনি। কিন্তু মঞ্জুর হয়নি সে আবেদন। বহু আবেদনের পর বেসরকারি হাসপাতালে ভর্তির অনুমতি মিলেছিল। মুম্বইয়ের সেই বেসরকারি হাসপাতালেই প্রয়াণ হল তাঁর। এলগার পরিষদের মামলায় গত অক্টোবর থেকে কারাবাসে ছিলেন বিশিষ্ট এই সমাজকর্মী। ঝাড়খণ্ডে প্রায় পঞ্চাশ বছর ধরে আদিবাসী উন্নয়নের জন্য কাজ করে চলা স্ট্যান স্বামীকে সন্ত্রাসদমন আইনে গ্রেপ্তার করেছিল এনআইএ। তাঁর মুক্তির দাবিতে সরব হয়েছিলেন রাজনীতিক থেকে সমাজকর্মী-সহ নানা স্তরের মানুষ। কিন্তু এনআইএ-র বিরোধিতায় জামিন মেলেনি। সেকারণেই তাঁর মৃত্যুর পর 'হেফাজতে খুন'-এর অভিযোগ তুলে সরব হয়েছেন ঝাড়খণ্ডের মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেন, সিপিএমের সীতারাম ইয়েচুরি-সহ বিরোধী নেতারা। আন্তর্জাতিক মানবাধিকার কর্মীরাও প্রতিবাদ জানিয়েছেন।

জোভেনেল মোইস: ৭ জুলাই অজ্ঞাত পরিচয় একদল দুষ্কৃতীর হাতে খুন হলেন হাইতির প্রেসিডেন্ট জোভেনেল মোইস (৫৩)। রাতের অন্ধকারে বাড়িতে ঢুকে দুষ্কৃতীরা খুন করে তাঁকে। হাইতির অন্তর্বর্তীকালীন প্রধানমন্ত্রী ক্লোদ জোসেফ এই খবর জানিয়ে দেশবাসীকে শান্ত থাকার আর্জি জানান। নতুন প্রেসিডেন্ট না আসা পর্যন্ত আপাতত দেশের দায়িত্ব সামলাবেন জোসেফ-ই। বন্দুক-বাজদের আক্রমণে গুরুতর জখম হয়েছেন প্রেসিডেন্টের স্ত্রী মার্টিন। তাঁকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। প্রেসিডেন্ট মোইস সম্প্রতি আশঙ্কা করেছিলেন তাঁর সরকার ফেলতে এবং প্রেসিডেন্ট পদ থেকে সরাতে তাঁকে খুনের চক্রান্ত চলছে।

দিলীপ কুমার: ৭ জুলাই ভারতীয় চলচ্চিত্রের কিংবদন্তি অভিনেতা দিলীপ কুমার (৯৮) প্রয়াত হলেন। তাঁর মৃত্যুতে অমিতাভ বচ্চন লিখেছেন, 'একটি প্রতিষ্ঠানের অবসান'। আরও লিখেছেন, 'ভারতীয় চলচ্চিত্রকে ভাগ করে ফেলা যায় দিলীপ কুমার-পূর্ব আর দিলীপ কুমার-পরবর্তী যুগে'। জাতীয় পতাকায় মুড়ে পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় ইউসুফ 'দিলীপ কুমার' খানকে জুহুর কবরস্থানে যখন সমাহিত করা হয় সেখানে উপস্থিত ছিলেন অমিতাভ-শাহরুখ খান থেকে বলিউডের তাবড় শিল্পীরা। হিন্দিছবির দিকপাল এই অভিনেতা বাংলাতেও তাঁর অভিনয় প্রতিভার সাক্ষ্য রেখেছেন তপন সিংহের 'সাগিনা মাহাতো' ছবিতে, যা চিরকালীন বাংলা ছবির তালিকার একটি উজ্জ্বল দৃষ্টান্ত।

কেশব দত্ত: ৭ জুলাই বার্ধক্যজনিত অসুস্থতায় প্রয়াত হলেন প্রাক্তন হকি অলিম্পিয়ান কেশব দত্ত (৯৫)। স্বাধীনতার পরে ১৯৪৮ সালের লন্ডন অলিম্পিক্সে সোনা জিতেছিল ভারত। সেই দলের সেন্টার হাফ ছিলেন কেশব দত্ত। ১৯৫২ সালে হেলসিঙ্কি অলিম্পিক্সেও সোনাজয়ী ভারতীয় দলের সদস্য ছিলেন তিনি।

বীরভদ্র সিং: ৮ জুলাই হিমাচল-প্রদেশের প্রাক্তন মুখ্যমন্ত্রী এবং বিশিষ্ট কংগ্রেস নেতা বীরভদ্র সিং (৮৭) প্রয়াত হলেন। হৃদরোগে আক্রান্ত হয়ে সিমলার ইন্দিরা গান্ধী মেডিক্যাল কলেজ হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি। ৯ বারের বিধায়ক ও ৫ বারের সাংসদ বীরভদ্র সিং এর আগে করোনাতে আক্রান্ত হয়ে সেরেও উঠেছিলেন।

যশপাল শর্মা: ১৩ জুলাই হৃদরোগে আক্রান্ত হয়ে প্রয়াত হলেন তিরাশির ক্রিকেট বিশ্বকাপ জয়ী দলের অন্যতম সদস্য

যশপাল শর্মা (৬৬)। ক্রিকেট জীবনে ভারতের হয়ে ৩৭টি টেস্ট খেলেছেন। করেছেন ১৬০৬ রান। এ ছাড়া ৪২টি একদিনের ম্যাচ খেলে করেছেন ৮৮৩ রান। প্রথম শ্রেণির ক্রিকেটে ১৬০টি ম্যাচ খেলে যশপাল ২১টি সেঞ্চুরি সহ করেছিলেন ৮,৯৩৩ রান। সর্বোচ্চ ২০১ নট আউট। তিরাশির বিশ্বকাপের প্রথম ম্যাচে ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে দুরন্ত ৮৯ ও সেমিফাইনালে ইংল্যান্ডের বিরুদ্ধে ম্যাচ জেতানো ৬১ রানের জন্য তিনি স্মরণীয়। ২০০০ সালের শুরুতে জাতীয় নির্বাচকও হন তিনি।

দানিশ সিদ্দিকি: পুলিৎজার পুরস্কারপ্রাপ্ত ভারতীয় চিত্র সাংবাদিক দানিশ সিদ্দিকি ১৫ জুলাই আফগানিস্তানে তালিবান জঙ্গিদের গুলিতে নিহত হলেন। রয়টার্সের হয়ে কাজ করতেন দানিশ। আফগানিস্তানে তালিবানি অশান্তি শুরু হওয়ার পর যান সেখানে। ফ্রেমে একের পর এক ধরা পড়ছিল, সংঘর্ষের, গুলি বোমার ছবি। নিহত হওয়ার সময় আফগান স্পেশাল ফোর্সের সঙ্গে কান্দাহারের স্পিন বোলডাক এলাকা থেকে ফিরছিলেন দানিশ। দুনিয়ার নানা প্রান্তে যেখানেই মানব সভ্যতার গায়ে সন্ত্রাসের আঁচড় পড়েছে সেখানেই পৌঁছে গিয়েছেন দানিশ। নাগরিকত্ব আইন নিয়ে দিল্লিতে হিংসার সময় থেকে কোভিড কালে রাজধানীর রাস্তায় গণচিতা— দানিশের লেন্সে সব ঘটনার সাক্ষ্য থেকে গিয়েছে।

সুরেখা সিক্রি: ১৬ জুলাই মঞ্চ, চলচ্চিত্র এবং টেলিভিশনের জনপ্রিয় চরিত্রাভিনেত্রী সুরেখা সিক্রি (৭৬) দীর্ঘ রোগ ভোগের পর প্রয়াত হলেন। সিনেমার পর্দায় অভিনয় শুরু করেন ১৯৭৮ সালে 'কিসসা কুর্সি কা' ছবিতে। 'তমস' (১৯৮৮), 'মাম্মো' (১৯৯৫) এবং 'বধাই হো' (২০১৮)— এই তিনটি ছবির জন্য তিনি জাতীয় পুরস্কার পেয়েছিলেন পার্শ্বচরিত্রে অভিনয়ের সুবাদে। অভিনয় করেছেন অপর্ণা সেনের 'মিস্টার অ্যান্ড মিসেস আয়ার', ঋতুপর্ণ ঘোষের 'রেনকোট', বার্নার্দো বেরতোলুচির 'লিটল বুদ্ধা' ছবিতেও। যদিও শেষ জীবনে পেয়েছেন প্রভূত অর্থকষ্ট। সম্প্রতি এক সাক্ষাৎকারে বলেছিলেন, 'আমার মতো সিনিয়র অভিনেত্রীরা আর একটু সম্মান দাবি করে ইন্ডাস্ট্রির কাছে।'

নন্দু নাটেকর: ২৮ জুলাই ভারতের কিংবদন্তি ব্যাডমিন্টন খেলোয়াড় নন্দু নাটেকর (৮৮) প্রয়াত হলেন। তিনিই প্রথম ভারতীয় যিনি বিদেশ থেকে ব্যাডমিন্টনে আন্তর্জাতিক খেতাব জিতেছিলেন। ১৯৫৬ সালে মালয়শিয়ায় সেলাঙ্গার আন্তর্জাতিক প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হন তিনি। জাতীয় ও আন্তর্জাতিক স্তরে ১০০টিরও বেশি খেতাব জিতেছেন নন্দু নাটেকর। প্রধানমন্ত্রী, কেন্দ্রীয় ক্রীড়ামন্ত্রী-সহ দেশের বিভিন্ন রাজনীতিবিদ ও ক্রীড়া ব্যক্তিত্বরা তাঁর প্রয়াণে গভীর শোকপ্রকাশ করেছেন।

গুরুত্বপূর্ণ স্থান

ফ্রান্স: ৩ জুলাই রাফাল যুদ্ধবিমান চুক্তি ঘিরে নতুন করে ওঠা দুর্নীতি ও পক্ষপাতিত্বের অভিযোগের বিচার বিভাগীয় তদন্ত করার সিদ্ধান্ত নিল ফ্রান্স সরকার। ফ্রান্সের আর্থিক অপরাধ দমন-সংক্রান্ত বিভাগ (পিএনএফ) এ কথা জানিয়েছে। ২০১৬ সালে স্বাক্ষরিত আন্তঃসরকারি চুক্তিটি গত ১৪ জুন তদন্তের স্বার্থে খোলা হয়েছে বলে জানিয়েছে ফরাসি সংবাদ মাধ্যম 'মিডিয়া পার্ট'। এই সংবাদের পরিপ্রেক্ষিতে কংগ্রেস ফের যৌথ সংসদীয় কমিটিকে দিয়ে রাফাল তদন্তের দাবি তুলে সরব হয়েছে।

আফগানিস্তান: আফগানিস্তান থেকে ন্যাটো বাহিনী সরে যাওয়া মাত্রই একের পর এক এলাকা দখল নিচ্ছে তালিবান। ১৪ জুলাই পাকিস্তান-আফগানিস্তানের প্রধান সীমান্ত এলাকাও তালিবানদের দখলে যাওয়ার খবর মিলল। তালিবানের মুখপাত্র জাবিহুল্লাহ মুজাহিদ বিবৃতি দিয়ে জানিয়েছেন, সীমান্তবর্তী শহর ওয়েশ দখল করে নিয়েছে তালিবান। পাকিস্তানি শহর চমন এবং আফগানিস্তানের ওয়েশ শহরের সংযোগস্থলে 'ফ্রেন্ডশিপ গেট' থেকে আফগান পতাকা নামিয়ে ওড়ানো হয়েছে তালিবানের নিজস্ব পতাকা।

লন্ডন: ১২ জুলাই ইংল্যান্ডকে টাইব্রেকারে ১(৩)-১(২) গোলে হারিয়ে ইউরো জিতে নিল ইটালি। ১৯৬৮ সালে প্রথম ইউরো জেতার ৫৩ বছর পর দ্বিতীয়বার খেতাব জিতল তারা। জার্মানি (৩), স্পেন (৩), ফ্রান্সের (২) পর ইতালি (২) চতুর্থ টিম যারা একাধিক বার ইউরো জিতল। প্রতিযোগিতায় সেরা ফুটবলারের পুরস্কার পেয়েছেন জিয়ানলুইজি দোনারুমা, যিনি ইটালির গোলরক্ষক। ১৯৯৬ সাল থেকে প্রতিযোগিতার সেরা ফুটবলারের পুরস্কার দেওয়া হচ্ছে। দোনারুমা সেই তালিকায় একমাত্র গোলকিপার। টপ স্কোরার ক্রিশ্চিয়ানো রোনাল্ডো (৫ গোল, ১ অ্যাসিস্ট)। সেরা তরুণ ফুটবলার হয়েছেন স্পেনের পেদ্রি।

আফগানিস্তান থেকে মার্কিন সেনা প্রত্যাহারকে 'ভুল সিদ্ধান্ত' বলে সরব হয়েছেন প্রাক্তন মার্কিন প্রেসিডেন্ট জর্জ ডব্লিউ বুশ। তাঁর শাসনকালেই ২০০১-সালে আফগানিস্তানের মাটিতে পা রেখেছিল মার্কিন সেনা। উৎখাত করা হয় তালিবানদের।

কাতার: আফগানিস্তানে শান্তি ফেরাতে চেয়ে ১৭ জুলাই কাতারের দোহায় নতুন করে বৈঠকে বসল আফগান প্রশাসন ও তালিবান জঙ্গি গোষ্ঠী। প্রাক্তন আফগান বিদেশমন্ত্রী আবদুল্লা আবদুল্লা-সহ প্রশাসনের অনেক উচ্চপদস্থ কর্তা বৈঠকে উপস্থিত ছিলেন। সরকারের মুখপাত্র নাজিয়া আনওয়ারি বলেন, আমরা আশা করছি শীঘ্রই সমাধানসূত্র বেরিয়ে আসবে। সমঝোতায় রাজি হয়েছে তালিবানও। তাদের মুখপাত্র মহম্মদ নঈম বলেন, শান্তি ফেরানো নিয়ে তাদের কোনও আপত্তি নেই। তবে দেশে শরিয়ত আইন বলবৎ করার প্রশ্নে এখনও অনড় রয়েছে জঙ্গিরা।

ভারত: ১৮ জুলাই ইজরায়েলি সাইবার নিরাপত্তা সংস্থা এনএসও-র তৈরি 'পেগ্যাসাস' স্পাইওয়ার দিয়ে দেশজুড়ে নেতা-মন্ত্রী থেকে সাংবাদিকদের ফোনে আড়ি পাতার অভিযোগ উঠল। দ্য গার্ডিয়ান, ওয়াশিংটন পোস্ট এবং দ্য ওয়ারের মতো বেশ কয়েকটি দেশি-বিদেশি সংবাদমাধ্যম এই অভিযোগ তুলেছে। সেখানে ফরেন্সিক পরীক্ষা করে বলা হয়েছে ২০১৬ থেকে ২০১৯-এর মধ্যে যাঁদের ফোনে আড়ি পাতা হয়েছে তাঁদের মধ্যে ১৮০ জন সাংবাদিক। এই ১৮০ জনের মধ্যে আবার ৪০ জনই ভারতীয়। সূত্রের খবরে বেশিরভাগ ফরেন্সিক পরীক্ষা বলছে নরেন্দ্র মোদী সরকারের কোনও নীতি, পদক্ষেপ বা দুর্নীতি নিয়ে খবর করার পরেই 'পেগ্যাসাস' স্পাইওয়্যার ঢোকানো হয়েছে তাঁদের ফোনে।

শ্রীলঙ্কা: ২০ জুলাই শ্রীলঙ্কায় তিনম্যাচের একদিনের ক্রিকেট সিরিজ ২-০ জিতে নিল ভারত। শিখর ধাওয়ানের নেতৃত্ব আর রাহুল দ্রাবিড়ের প্রশিক্ষণে এল উল্লেখযোগ্য সাফল্য। শ্রীলঙ্কা প্রথমে ব্যাট করে ৫০ ওভারে ৯ উইকেট হারিয়ে ২৭৫ রান তোলে। জবাবে ব্যাট করতে নেমে ১৬০ রানে ৬ উইকেট পড়ে যাওয়ার পরেও সেই ম্যাচ ৩ উইকেটে জিতে নিল ভারত। কলম্বোর প্রেমদাসা স্টেডিয়ামে ৮২ বলে ৬৯ রানের ম্যাচ জেতানো ইনিংস খেললেন দীপক চাহার। অষ্টম উইকেটে ভুবনেশ্বর কুমারকে সঙ্গে নিয়ে ৮৪ বলে ৮৪ রানের পার্টনারশিপ সহজ করে দিল জয়ের পথ।

মহারাষ্ট্র: ২৩ জুলাই লাগাতার বৃষ্টি ও ভূমিধসে মহারাষ্ট্রে অন্তত ১৩৬ জনের মৃত্যু হল। শুধু রায়গড় জেলাতেই ভূমিধসে মারা গিয়েছেন ৪০ জন। অন্তত ৮০ জন ধ্বংসস্তূপের নীচে বলে এদিন প্রশাসনের তরফে জানানো হয়। সাতারা, কোলাপুর ও রত্নগিরি জেলার অবস্থা সবচেয়ে খারাপ। এনডিআরএফের পাশাপাশি রাজ্য জুড়ে উদ্ধার কাজে নেমেছে সেনা ও বায়ুসেনা। মহারাষ্ট্রের ছ'টি জেলায় জারি হয়েছে 'রেড অ্যালার্ট'।

জাপান: ২৩ জুলাই অতিমারির আবহে একবছর পিছিয়ে গিয়ে শুরু হল ২০২০ টোকিও অলিম্পিক। কোভিডের জন্য সম্ভাব্য সবরকম সাবধানতা নেওয়া হলেও স্টেডিয়ামের বাইরে উদ্বোধনের সময়েই চলেছে বিক্ষোভ। ফাঁকা গ্যালারি জানান দিয়েছে নিউ নর্ম্যালের। জাপানের সম্রাট নারুহিতো থেকে আইওসি প্রধান টমাস বাখ এবং প্যারেডে থাকা সমস্ত অ্যাথলিটের মুখের মাস্কেও রয়ে গেল অতিমারির চিহ্ন। এই অলিম্পিক অতিমারির অলিম্পিক হিসেবে চিহ্নিত হলেও এই প্রথমবার অলিম্পিকে ইঙ্গিত মিলছে লিঙ্গ বৈষম্য দূর হওয়ার। অংশগ্রহণের নিরিখে পুরুষ ও মহিলা অ্যাথলিটের সংখ্যা প্রায় সমান সমান। আধুনিক অলিম্পিকের ১২৫ বছরের ইতিহাসে এই ঘটনা ঘটতে চলেছে প্রথমবার। পরিসংখ্যান বলছে এবার টোকিয়োয় মহিলা অ্যাথলিট রয়েছেন প্রায় ৪৯ শতাংশ। আগের রিও অলিম্পিকে যা ছিল ৪৫.৬ শতাংশ। ২০১২ লন্ডন অলিম্পিকে ছিল ৪৪.২ শতাংশ।

সংক্ষিপ্ত শব্দ

NSQF: National Skills Qualifications Framework.
IBRD: International Bank of Reconstruction and Development.
IRDAI: Insurance Regulatory and Development Authority of India.
AFMS: Armed Force Medical Services.
RERA: Real Estate Regulatory Authority.
IBBI: Insolvency and Bankruptcy Board of India.
MPATGM: Man-Portable Anti-Tank Guided Missile.
PLI: Production Linked Incentive.
GMP: Good manufacturing practices.
OTT: Over The Top.

সংখ্যাতত্ত্ব

১৫.৯৫ লক্ষ

—জন। কোভিশিল্ড প্রতিষেধকের কার্যকারিতা বিষয়ে দেশের যত সেনার উপর সমীক্ষা চালাল ভারতীয় সেনাবাহিনীর স্বাস্থ্য নজরদারি বিভাগ। ১৬ জানুয়ারি থেকে ৩০ মে-র মধ্যে চালানো এই সমীক্ষাকে বিশ্বের সবচেয়ে বড় পরীক্ষামূলক সমীক্ষা বলে দাবি করেছে প্রতিরক্ষা মন্ত্রক। সমীক্ষায় প্রকাশ, কোভিশিল্ড নেওয়ায় সংক্রমণ কমেছে প্রায় ৯৩ শতাংশ, মৃত্যুহার কমেছে প্রায় ৯৮ শতাংশ।

৪০ লক্ষ

—মেট্রিক টন। ১৯৮৭ থেকে এ পর্যন্ত, ৩৪ বছরে যত পরিমাণ বর্জ্য জমা হয়েছে কলকাতার ধাপায়। ১৯৮৭ থেকেই ধাপার ৭ একর জায়গায় শহরের জঞ্জাল ফেলা শুরু হয়। সম্প্রতি প্ল্যান্ট চালু করে এই স্তূপীকৃত বর্জ্যের প্রক্রিয়াকরণ শুরু করল রাজ্য সরকার।

২৫৭ কোটি

—টাকা। বার্ষিক যত টাকার চুক্তিতে (শুল্ক প্রদান করে) বার্সেলোনা ছেড়ে প্যারিস সাঁ জারমাঁ ফুটবল ক্লাবে খেলতে এলেন কিংবদন্তি আর্জেন্টিনীয় ফুটবলার লিয়োনেল মেসি। ২ বছরের চুক্তি।

গ্রন্থ ও গ্রন্থকার

Stargazing *by* Ravi Shastri.
Regrets, None *by* Dolly Thakore.
An Economist At Home And Abroad *by* Shankar Acharya.
Ramrao *by* Jaideep Hardikar.
Operation Trojan Horse *by* D P Sinha and Abhishek Sharan.
Guns, Guts and Glory *by* Rachna Bisht Rawat.
Opium Inc. *by* Thomas Manuel.
The 24th Mile *by* Tehmton S. Mistry.
Waves Across the South *by* Sujit Sivasundaram.
The Bird in the Bamboo Cage *by* Hazel Gaynor.

বিবিধ

৭৫০ বর্গকিলোমিটার বরফ উধাও

বিপুল পরিমাণে বরফ হারাচ্ছে আইসল্যান্ড। সম্প্রতি এক রিপোর্টে উঠে এসেছে, হিমবাহের মোট ক্ষেত্রের প্রায় সাড়ে সাতশো বর্গকিলোমিটার হারিয়েছে আইসল্যান্ড। শতাংশের নিরিখে যা স্থলভাগের প্রায় ৭ শতাংশ। উষ্ণায়নের জেরে গত কুড়ি বছরে হিমবাহের দেশ আইসল্যান্ডের এই পরিণতি বলে দাবি বিশেষজ্ঞদের।

আইসল্যান্ডে গোটা স্থলভাগের ১০ শতাংশেরও বেশি জুড়ে রয়েছে হিমবাহ। ফলে হিমবাহ ক্ষয়ের জেরে ২০১৯ সালে দেশের আয়তন কমে দাঁড়িয়েছে ১০,৪০০ বর্গকিলোমিটার। এমনটাই দাবি করা হয়েছে আইসল্যান্ডের সায়েন্টিফিক জার্নাল 'জোকাল'-এ প্রকাশিত ওই গবেষণাপত্রে। বিশেষজ্ঞরা জানাচ্ছেন, ১৮৯০ সাল থেকেই উল্লেখযোগ্য হারে হিমবাহ অঞ্চলের হ্রাস নজরে আসে। তবে ২০০০ সাল থেকে এই হার দ্রুত বেড়েছে। হিমবাহ বিশেষজ্ঞদের একাংশের মতে, যা পরিস্থিতি, তাতে ২২০০ সালের মধ্যে আইসল্যান্ডের বরফস্তর সম্পূর্ণ নিশ্চিহ্ন হওয়ার আশঙ্কা দিন দিন বাড়ছে। গত এপ্রিলে 'নেচার' পত্রিকায় প্রকাশিত এক রিপোর্টে দাবি করা হয়, বিশ্বের কমপক্ষে ২,২০,০০০টি হিমবাহের প্রায় সবক'টিই খুব দ্রুত হারে গলছে। যার জেরে বিশ্ব জুড়েই বাড়ছে সমুদ্রের জলস্তর।

গুরুত্বপূর্ণ তারিখ

২ সেপ্টেম্বর: নারকেল দিবস।
৫ সেপ্টেম্বর: শিক্ষক দিবস; সংস্কৃত দিবস।
৮ সেপ্টেম্বর: বিশ্ব সাক্ষরতা দিবস।
১৫ সেপ্টেম্বর: ইঞ্জিনিয়ারিং দিবস।
১৬ সেপ্টেম্বর: বিশ্ব ওজোন দিবস।
১৮ সেপ্টেম্বর: আন্তর্জাতিক শান্তি দিবস।
২১ সেপ্টেম্বর: অ্যালঝাইমারস দিবস; শান্তি ও অহিংসা দিবস।
২২ সেপ্টেম্বর: গোলাপ দিবস (ক্যান্সার রোগীদের কল্যাণে)।
২৬ সেপ্টেম্বর: বধির দিবস।
২৭ সেপ্টেম্বর: বিশ্ব পর্যটন দিবস।

PESHAPROBESH □ Vol. 17 No. 9 □ 1 September 2021 □ Rs. 20 □ 68 RNI No. 87167